



ভূমিকম্প, সুনামি-শঙ্কা জাপানে

ফের ভূমিকম্প জাপানে। দেশটির উত্তর-পূর্ব অংশে সোমবার ৭.৬ মাত্রার কম্পন অনুভূত হয়েছে। সেইসঙ্গে জারি হয়েছে সুনামির সতর্কতা। ইতিমধ্যে বাসিন্দাদের সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

মালদাতেও বাবরি!

মুর্শিদাবাদের বেলভাঙ্গার পর মালদা ও বীরভূমেও বাবরি মসজিদ নির্মাণের ঘোষণা করলেন হুমায়ুন কবীর। মসজিদের জন্য ইতিমধ্যে তাঁর কাছে কয়েক কোটি টাকা এসেছে।

আজকের সম্ভাব্য তাপমাত্রা					
২৭°	১২°	২৮°	১২°	২৭°	১২°
সর্বোচ্চ	সর্বনিম্ন	সর্বোচ্চ	সর্বনিম্ন	সর্বোচ্চ	সর্বনিম্ন
শিলিগুড়ি		জলপাইগুড়ি		কোচবিহার	আলিপুরদুয়ার

পদাি ফিরছে

থ্রি ইন্ডিয়টস
১১

শিলিগুড়ি ২২ অগ্রহায়ণ ১৪৩২ মঙ্গলবার ৫.০০ টাকা 9 December 2025 Tuesday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangesambad.in Vol No. 46 Issue No. 200

এসজেডিএ ভবনে আন্দোলনে জমিহারারা

শমিদীপ দত্ত

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফরকালে পোড়ামাড়া-কাওয়াখালি ভূমিরক্ষা কমিটি ফের আন্দোলনে নামল। এবারে স্মারকলিপি দেওয়ায় কেন্দ্র করে শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের (এসজেডিএ) প্রশাসনিক ভবনে ছলুস্থল কাণ্ড হল। পুনর্বাসনের দাবিকে সামনে রেখে সোমবার কমিটির ৭০ জন সদস্য ওই প্রশাসনিক ভবনে যান। তবে ভবনের মূল গেটেই তাঁদের দাঁড় করিয়া দেওয়ায় বচসা শুরু হয়। পুলিশের সঙ্গে তাঁদের ধাক্কাধাক্কি হয়। পরে অবশ্য আন্দোলনকারীরা ভিতরে ঢুকে পড়েন। সংবাদমাধ্যমের সামনে এসজেডিএ'র চেয়ারম্যানকে তাঁদের সঙ্গে বৈঠকে বসতে হবে বলে দাবি জানালে আরেক দফা উত্তেজনা ছড়ায়। পরে চেয়ারম্যানের সঙ্গে বৈঠকে বসলেও তাতে তারা সন্তুষ্ট নন বলে জানিয়েছেন।

কমিটির সদস্য মিঠুন সরকারের বক্তব্য, 'পুনর্বাসনের দাবিকে সামনে রেখে তিন মাস আগে আমরা চেয়ারম্যানের কাছে চিঠি দিয়েছিলাম। ১৫ দিনের মধ্যে সমস্যার সমাধান করা হবে বলে চেয়ারম্যান আমাদের আশ্বাস দিয়েছিলেন। যদিও তিন মাস পেরিয়ে গেলেও সমস্যা মেটেনি। কারণ জানতে এদিন আমরা তাঁর কাছে এসেছিলাম। আমাদের সমস্যার বিষয়টি দেখা হবে বলে উনি আমাদের আশ্বাস দিয়েছেন। কিন্তু এভাবে আমাদের পর আশ্বাস দিয়ে আর কতদিন চলবে?' মিঠুনের



গাছে থোকা থোকা ফলছে কমলা। সিটংয়ের একটি বাগানে। ছবি : সুশান্ত পাল

কথায় কথায় কার সুবিধা করবেন হুমায়ুন, অঙ্ক কঠিন

আশিস ঘোষ



হুমায়ুন, তুমি কোথা হইতে আসিয়াছ? আদতে গঙ্গা কবর এই প্রশ্নটি শুনতে বেশ নিরামিষ হলেও উত্তর দিতে মাথা চুলকাতে হবে। কারণ তাঁর উৎসমুখ গঙ্গার মতো একটা নয়, এক গঙা। তিনি মোটামুটি বাংলার প্রায় সব দলে পর্যটন করা এক রাজনৈতিক অভিযাত্রী। কংগ্রেস, কংগ্রেস থেকে তৃণমূল, সেখান থেকে বিজেপি, বিজেপি থেকে ফের তৃণমূল। সেখানের একদা মন্ত্রী থেকে অধুনা বিধায়ক। ফলে তাঁর গোড়া খুঁজতে গেলে লোকে হিমসিম খাবে।

২০১১ সালের ভোটে হুমায়ুন জিতেছিলেন কংগ্রেসের টিকিটে। এক বছরের মাথায় তৃণমূল তাঁকে ভাঙিয়ে নিয়ে যায়। ২০১৯ সালে মুকুল রায় তাঁকে নিয়ে যান বিজেপিতে। সেবারের লোকসভা ভোটে তিনি পঞ্চ প্রতীকে মুর্শিদাবাদের প্রার্থী হন। তারপর বহর আবার তিনি তৃণমূলে। এমএলএ হন জোড়ামুলের। হুমায়ুন, তুমি কার? এ প্রশ্নেও এক কথায় জবাব হয় না। রাজনীতির খেলায় তিনি কখন কার হয়ে ময়দানে নেমেছেন, তা নিয়ে বিস্তর ধন্দ। এ বলছে ও অন্যের হয়ে নেমেছে। কেবল জার্সিটা খুলে রেখে। ও বলছে, তাঁদের ভোট কাটবে বলে অন্যেরা পিছন থেকে অভিযাত্রী। যতই হুমায়ুন বলছেন, আমি কারও নই। আমি ২২ তারিখ নতুন দল ঘোষণা করব, ততই তারস্বরে দু'পক্ষ চ্যাঁচাচ্ছে, ওসব মতলব আমার বুঝি।

আপাতত যুযুপন দুই পক্ষের কাছেই তিনি ঘোর সম্ভেদের পাত্র। যত হাকডাক করছেন ভরতপুরের এমএলএ, ততটা দল তাঁর কাছে কি না, তা নিয়েও জল মাপা চলছে।

এরপর দশের পাতায়

প্রাতর্ভ্রমণে বেরিয়ে স্কুলবাসের ধাক্কায় মৃত্যু বৃদ্ধার

শমিদীপ দত্ত

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : গতির বলি সন্তোরোধ দীপালি নন্দী। মনিং ওয়াক করতে বেরিয়েছিলেন সোমবার। অভিযোগ, সেসময় তাঁকে ধাক্কা মারে একটি স্কুলবাস। এরপর ওই বৃদ্ধার মাথার ওপর দিয়েই বাসের চাকা চলে যায়। মাটিগাড়ার গুটিকি গোড়াউনের কাছে রাস্তার বাঁকে ঘটনাটি ঘটে। বাসে তখন বেশ কয়েকজন পড়ুয়া ছিল। ফলে, বেপরোয়া গতি নিয়ে দৃষ্টিভ্রান্ত ভাঙ অভিব্যক্তদের কপালে।

লাগামছাড়া

- মেয়ের শ্বশুরবাড়িতে বেড়াতে এসেছিলেন দীপালি
- স্কুলবাসটি প্রথমে ধাক্কা মারে, পরে চাকা চলে যায় মাথার ওপর দিয়ে
- অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের পুলিশের
- স্কুলবাসের গতি কেন নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছে না, উঠছে প্রশ্ন
- পরিবারের তরফে রাত অবধি অভিযোগ জানানো হয়নি থানায়

প্রত্যক্ষদর্শীদের দাবি, ওই বৃদ্ধাকে ধাক্কা মেরে বাসটি তুলাজোতে একটি বেসরকারি ইংরেজিমাধ্যম স্কুলে ঢুকে পড়ে। সেখানে পড়ুয়াদের নামানো হয়। এরপর বাসটিকে নিয়ে যাওয়া হয় মাটিগাড়া থানায়। অন্যদিকে, দীপালিকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে আনা হলে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করেছে মাটিগাড়া থানা। এদিনই মেডিকেল ময়নাতদন্ত হয় দেহের। তবে, এদিন রাত পর্যন্ত পরিবারের তরফে অভিযোগ দায়ের হয়নি।

গত মঙ্গলবার স্কুলবাসের গতি নিয়ন্ত্রণের পাশাপাশি পিক অ্যান্ড ড্রপ পয়েন্ট নির্দিষ্ট করতে শিলিগুড়ির ডিসিপি (ট্রাফিক) কাজি সামসুদ্দিন আহমেদ বৈঠক ডেকেছিলেন। আলোচনায় একাধিক স্কুলের বাস অপারেটর অংশ নেন। এক সপ্তাহের মধ্যেই এদিনের দুর্ঘটনা প্রশ্নের মুখে ফেলল পুলিশি নজরদারিকে। বেসরকারি স্কুলবাস ও পুলকারের গতিবিধি নিয়ন্ত্রণে কেন এখনও সফল হচ্ছে না পুলিশ, তা নিয়ে প্রশ্ন উঠছে। ডিসিপি অবশ্য বললেন, 'তদন্ত চলছে।'

দীপালির বাড়ি চম্পাসারিতে। মাটিগাড়া গ্রামীণ হাসপাতালের পেছনে তাঁর মেয়ের শ্বশুরবাড়িতে বেড়াতে এসেছিলেন। রোজকার মতো এদিন মনিং ওয়াকে বের হন। গুটিকি গোড়াউনের কাছে রাস্তার বাঁকে তাঁকে ধাক্কা মারে ওই স্কুলবাস। স্থানীয়দের অভিযোগ, বাসটি অতিরিক্ত গতিতে থাকায় সময়মতো ব্রেক কষতে পারেনি। ফলে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন চালক। আশপাশ থেকে মানুষ ছুটে আসেন। ট্রাফিক পুলিশকর্মীদের সহযোগিতায় দীপালিকে উত্তরবঙ্গ মেডিকেল নিয়ে যাওয়া হয়। তবে শেষরক্ষা হয়নি।

ঘটনার প্রত্যক্ষদর্শী ধীমান দাস বলছিলেন, 'কয়েকমাস আগে নিয়ন্ত্রণ হারিয়ে একটি স্কুলবাস ডেনাস মোড়ের কাছে ফুটপাথে উঠে এক মহিলাকে ধাক্কা মেরেছিল। এদিন চোখের সামনে প্রায় একইরকম দুর্ঘটনা দেখলাম। গাড়ি নিয়ন্ত্রিত গতিতে রাখলে বোধহয় দুর্ঘটনা এড়ানো যেত। বাচ্চাদের নিয়ে যাচ্ছে। সেই বাসচালককে আরও বেশি সতর্ক হওয়া উচিত।' শহর শিলিগুড়ি ও সংলগ্ন এলাকায় গত কয়েকমাসে লাগামছাড়া গতিতে চলা স্কুলবাসের ধাক্কায় একাধিক দুর্ঘটনা ঘটেছে। সোমবার মিলিয়ে চার মাসে তিনটি মৃত্যুর ঘটনা সামনে আসছে। আহতের সংখ্যা পাঁচেরও বেশি। এরমধ্যে গতমাসে একই দিনে দুটো আলাদা ঘটনায় এক বাইক ও

এরপর দশের পাতায়

ডিসানে নার্সিং পড়ে ডিসানেই নার্স! হ্যাঁ, তাই।

90 5171 5171

Desun Nursing School & College Kolkata | Siliguri (A Desun Hospital Initiative)

KALINGA INSTITUTE OF INDUSTRIAL TECHNOLOGY Deemed to be University U/S 3 of the UGC Act, 1956

SCHOOL OF MANAGEMENT

KIITEE MANAGEMENT 2026

KSOM's own National Entrance Test

17th Best B-School in India by TIMES B-School Survey 2024

11th Best Private B-School in India by Outlook ICARE Rankings 2024-25

9.5 LPA Average Salary; 20 LPA Highest Salary

190+ Recruiters visit the campus for hiring annually

Campus 7, Bhubaneswar, Odisha 751024 +91 78944 60016 / 76080 08731 admission@ksom.ac.in ksom.ac.in

Apply at: ksom.ac.in/kiiteem

Last Date: 9th January, 2026

TEST CENTRES: Visakhapatnam | Guwahati | Patna | Raipur | Dhanbad | Jamshedpur | Ranchi | Bangalore | Mumbai | New Delhi | Berhampur | Bhubaneswar | Rourkela | Chennai | Hyderabad | Lucknow | Prayagraj | Kolkata

KIIT (Deemed to be University) has only one permanent campus in Bhubaneswar, Odisha. It has no other campus / off campus anywhere else in the country and globe.

‘বন্ধিমদা’... ভুল সংশোধন মোদির

নবনীতা মণ্ডল

নয়াদিল্লি, ৮ ডিসেম্বর : আলোচনা ছিল বন্দে মাতরম নিয়ে। কিন্তু বিরোধের কেন্দ্রে চলে এল বন্ধিমদা চরিত্র। প্রাথমিকভাবে সাহিত্যসম্রাটকে দাদা সম্বোধন করে তিনি বললেন ‘বন্ধিমদা’। তাও সংসদের অধিবেশনে। ব্যাস, আর যায় কোথায়। বাংলার মনীষীদের বিজেপি এভাবেই অমর্যাদা করে বলে ফুঁসে উঠল তৃণমূল।

বাংলার শাসকদলের সাংসদদের সেই আক্রমণাত্মক সমালোচনায় নিজেদের জড়াল গোটা বিরোধী শিবির। নেহরু-গান্ধি পরিবারের প্রিয়ান্বিতা গান্ধি কার্যত তৃণমূলকে আরও উসকে দিয়ে বলেন, ‘এই বিতর্ক হওয়ার কারণ সামনে

পশ্চিমবঙ্গের নিবাচন। সরকার মানুষের প্রকৃত সমস্যা থেকে নজর ঘোরাতে সংসদকে রাজনৈতিক মঞ্চ বানিয়েছে।’



বিরোধীদের একের পর এক নিদারুণ আর্গেই অবশ্য ভুল শুধরে নিয়েছেন মোদি। নিজের ভাষণ চলাকালীনই তৃণমূল সাংসদ সৌগত

রায়ের আপত্তিতে তিনি ভুল স্বীকার করেন। বন্দে মাতরম গানের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সোমবার লোকসভার অধিবেশনে বিশেষ আলোচনা ছিল। ওই আলোচনার সূত্রাকর্ষকরত গিয়ে প্রধানমন্ত্রী অন্তত তিনবার ‘বন্ধিমদা’ উচ্চারণ করায় তৃণমূল বোম্বে উঠে দাঁড়ান বর্ষীয়ান সাংসদ সৌগত রায়। তিনি পরামর্শ দেন, ‘অন্তত বন্ধিমদা বোম্বে তো বলুন।’ এরপর ভুল সংশোধন করে প্রধানমন্ত্রী বলেন, ‘ধন্যবাদ দাদা। বন্ধিমদাবুই বলব।’ যদিও পাশাপাশি রসিকতা করে বলেন, ‘আপনাকে দাদা বলতে পারব তো।’ মোদি ভুল মানলেও ততক্ষণে বিরোধী শিবির তাকে কোণঠাসা করার রসদ পেয়ে গিয়েছিল।

প্রধানমন্ত্রীর ভাষণে বাংলার বিপ্লব, বঙ্গভঙ্গ, বন্দে মাতরমের

এরপর দশের পাতায়

২৬-এর বিধানসভায় পাহাড়ে মর্যাদার লড়াইয়ে অনীত তিন কেন্দ্রেই প্রার্থী চূড়ান্ত

রঞ্জিত ঘোষ

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : এবার পাহাড় কার? বিধানসভা নির্বাচনের কয়েক মাস বাকি থাকলেও, এমন প্রশ্ন ধাক্কা খাচ্ছে পাহাড়ের গায়ে। '২৬-এর বিধানসভা নির্বাচন মর্যাদার লড়াই অনীত থাপার কাছেও। তার নেতৃত্বাধীন গোখাল্যাড টেরিটোরিয়াল আডমিনিস্ট্রেশন (জিটিএ) পাহাড়ের উন্নয়নের ব্যর্থ বলে বিরোধী সমস্ত রাজনৈতিক দলেরই একসুর। জিটিএ বাতিলের দাবিও উঠছে। এমন অবস্থায় বিধানসভা ভোটে ভালো ফল না করতে পারলে যে গদি টলমল হওয়ার আশঙ্কা রয়েছে, অজানা নয় তৃণমূল ঘনিষ্ঠ অনীতের। তাই এখন থেকেই ভোটারে প্রস্তুতি শুরু করে দিয়েছে অনীতের ভারতীয় গোখা প্রজাতান্ত্রিক মোর্চা (বিজিপিএম)। পাহাড়ের তিনটি কেন্দ্রে প্রার্থীও প্রায় নিশ্চিত করে ফেলেছেন অনীতরা। বর্তমানে বুথ ধরে ধরে নির্বাচন কমিটি গঠন ও জনসংযোগে জোর দেওয়া

পাখির চোখ

■ '২১-এর ভোটে কালিঙ্গপং দখলে রেখে সম্ভ্রষ্ট হতে হয়েছিল অনীতকে

■ কালিঙ্গপংয়ে রুদেন নিশ্চিত, দার্জিলিংয়ে বিক্রম ও কার্সিয়াংয়ে অমর লড়তে পারেন বিজিপিএমের প্রতীকে

■ '২৬-এর ভোটই বিজিপিএমের কাছে প্রথম বিধানসভা নির্বাচন, ঘাম বাড়াচ্ছেন অনীত

■ জনসংযোগ, মানুষের সমস্যার কথা শুনে তা নথিভুক্তির নির্দেশ অনীতের

ইতিমধ্যেই মংপু, কালিঙ্গপং, দার্জিলিংয়ে একাধিক বৈঠক করে জিটিএ'র ৪৫টি সমষ্টিতেই দলের



অনীত থাপা

লালকুঠিতে পাঠানোর নির্দেশও দেওয়া হয়েছে। দলীয় সূত্রে খবর, কালিঙ্গপং আসনে বর্তমান বিধায়ক রুদেন পুনরায় প্রার্থী হচ্ছেন। দার্জিলিং কেন্দ্রে '২১-এ ঘনিষ্ঠ যুব নেতা কেশবরাজ পোখরেলকে প্রার্থী করেছিলেন অনীত। কিন্তু

জয়ী হন বিজেপির প্রার্থী নীরজ জিঙ্গা। দার্জিলিং পুরসভার প্রাক্তন চেয়ারম্যান অমর সিং রাইয়ের ছেলে বিক্রম রাইকে এবার দার্জিলিং কেন্দ্রে প্রার্থী করার সিদ্ধান্ত কার্যত পাক। বিক্রম সাধারণ মানুষ থেকে শুরু করে প্রশাসনিক মহলে অতি পরিচিত মুখ। কলেজের অধ্যাপনার পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজেও যুক্ত। কার্সিয়াং বিধানসভা আসনে প্রার্থী হতে পারেন অমর লামা। বিজিপিএমের সাধারণ সম্পাদক অমর দল গঠনের প্রথম দিন থেকে অনীতের সঙ্গে রয়েছেন। তবে, কার্সিয়াংয়ে বিজেপির বিরোধী বিধায়ক বিষ্ণুপ্রসাদ শর্মার ভূমিকা কী হবে, তা নিয়েও প্রশ্ন রয়েছে। কেননা, বিজেপি এখানে প্রার্থী বদল করবে একপ্রকার নিশ্চিত। সেক্ষেত্রে বিষ্ণুপ্রসাদ নির্দল হিসাবে লড়বেন কি না, তা নিয়ে জল্পনা রয়েছে। আবার দার্জিলিংয়ের বিধায়ক নীরজ কার্সিয়াং থেকে প্রার্থী হতে পারেন এমন জল্পনাও রয়েছে।



নিউচামটা চা বাগানের স্বাস্থ্যকেন্দ্র -ফাইল চিত্র

মুখ্যমন্ত্রীর উদ্বোধনের পরেও বন্ধ স্বাস্থ্যকেন্দ্র

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : এক মাস আগে মিনি সচিবালয় উত্তরকন্যা থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ভার্চুয়ালি শিলিগুড়ি মহকুমা পরিষদ এলাকার নিউচামটা চা বাগানে স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করেছিলেন। তৈরির দেড় বছর পর উদ্বোধন হলেও স্বাস্থ্যকেন্দ্রটি আজও চালু হয়নি। এরই মধ্যে সোমবার কোচবিহারের সরকারি অন্তর্গত থেকে মহকুমা পরিষদ এলাকায় তৈরি আরও দুটি স্বাস্থ্যকেন্দ্রের ভার্চুয়ালি উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী। এদিন উদ্বোধন হওয়া দুটি স্বাস্থ্যকেন্দ্রের ভবিষ্যৎ কি নিউচামটা চা বাগানের স্বাস্থ্যকেন্দ্রের মতো হবে, প্রশ্ন তোলার পাশাপাশি কটাক্ষ করছে বিরোধীরা।

পশ্চিমবঙ্গ ভবন ও অন্যান্য নির্মাণকর্মী কল্যাণ পর্বতের তরফে নিউচামটায় স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণ করা হয়েছে। তবে উদ্বোধনের দিনই প্রকাশ্যে আসে স্বাস্থ্যকেন্দ্রটির জলের পাম্প চুরির ঘটনা। দেখা যায় ভিতরে লাগানো ফলস সিলিং খুলে পড়ছে, জানলার কাচ ভাঙা। উত্তর পেতে এদিন দার্জিলিংয়ের মুখ্য স্বাস্থ্য অধিকারিক ডাঃ তুলসী বাড়ি প্রাথমিকভাবে একাধিকবার টেলিফোন করা হলেও, তিনি সাড়া দেননি। ফলে তার প্রতিক্রিয়া মেলেনি। যদিও নিউচামটা চা বাগান পরিস্থিতিতে একটি স্বাস্থ্যকেন্দ্র রয়েছে এলাকায়। কিন্তু তেমন স্বাস্থ্য পরিষেবা না পাওয়ায় বাগানের শ্রমিক মহল্লার বাসিন্দারা চিকিৎসার জন্য সুকনা ও মাটিগাড়া রূক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র যান। কিন্তু সেভাবে গণপরিবহণের ব্যবস্থা না থাকায় এবং দূরত্বের কারণে বাসিন্দাদের চিকিৎসার জন্য সুকনা কিংবা মাটিগাড়ায় যেতে সমস্যার পড়তে হয়। যে কারণেই সরকারি তরফে স্বাস্থ্যকেন্দ্রটি তৈরি করা হয়। এখন দেখার স্বাস্থ্যকেন্দ্রটি কবে চালু হয়।

ফের চিতাবাঘের আতঙ্ক

বাগডোগেরা, ৮ ডিসেম্বর : উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, গোসাইপুরের লালমেনজোতের পর রানিডাঙ্গ এসএসবি ক্যাম্পের সামনে চিতাবাঘের আতঙ্ক ছড়াল। বন বিভাগের বাগডোগেরা রেঞ্জ অফিসার সোনম ভূটিয়া বলেন, 'রানিডাঙ্গায় ৩ দিন আগে একটি সিঁটিটিভি ক্যামেরায় চিতাবাঘের ভিডিও ভাইরাল হয়েছে। এলিফান্ট স্কোয়াডের তরফে বিষয়টি দেখা হচ্ছে। প্রয়োজন হলে খাটা বসানো হবে।'

রেলগেট বন্ধে ভোগান্তি

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : ইস্টার্ন বাইপাসের ঠাকুরনগর রেলগেট মোরামতির কাছে সোমবার সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত যান চলাচল নিয়ন্ত্রণ করা হয়। এতে ভোগান্তির শিকার হয় মানুষ। গাড়িগুলি আশিষ্যর মোড় হয়ে সাহুডাঙ্গি দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়। দিনের বাস্তব সময়ে ঘুরপথে যাত্রাভারের কারণে স্কোড ছড়িয়েছে। কলেজ পড়ুয়া রিয়া বর্মনের কথায়, 'জানা ছিল না আজ রেলগেট বন্ধ থাকবে। কলেজে পরীক্ষা চলছে। সময়মতো পৌঁছাতে না পারলে পরীক্ষায় বসতে পারতাম না।' যদিও ট্রাফিক পুলিশ সূত্রে খবর, এই বিষয়ে আগে থেকে নোটিশ জারি করা হয়েছিল।

সিভিল ল্যাব

ঢোপড়া, ৮ ডিসেম্বর : ঢোপড়া গ্রাম পঞ্চায়েতের কা্যালিয়ে সিভিল ল্যাবরেটরি তৈরি হচ্ছে। এখানে ঢোপড়া ব্লক ও জেলার বিভিন্ন গ্রামে নির্মাণের পরেই পরীক্ষা করা ও জগন্নাথ মান যাচাই করা যাবে। এর জন্য গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে প্রায় ৮ লক্ষ ৪০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। ঢোপড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান জিয়ারুল হামান বলেন, 'ল্যাবের জিনিসপত্র চলে এসেছে। দু'একদিনের মধ্যে কাজ শুরু হবে।'

APEX

(An ISO-Certified Group)

REQUIRES

Sales & Marketing Executives in North Bengal, Siliguri, Malda, Cooch Behar, Raiganj, Jalpaiguri, & All Bengal State.

Great Salary & Perks with incentives

Experienced & Freshers - both can apply

WALK-IN-INTERVIEW

between 12pm to 4pm on

11th & 12th December, 2025

Venue : Hotel Niladri Palace, Nilgai Cori Road, Siliguri

Contact: Nand Kishore M. 8400088845, Lalumohan M. 9331224437 nand.kishore@aicindia.com

ভয়াবহ অগ্নিকাণ্ডে ভস্মীভূত বাড়ি

খড়িবাড়ি, ৮ ডিসেম্বর : সোমবার সন্ধ্যায় নেপাল সীমান্তের পানিচ্যাংকি ট্রাফিক মোড় সংলগ্ন সরোজ শার বাড়িতে একটি ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। বড়সের অনুপস্থিতিতে শিশুরা ঘরে মোমবাতি নিয়ে খেলার সময় বিহানার লেপতোষকে আগুন লাগে। পরে গোটা ঘরে আগুন ছড়ায় ও একটি গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ হয়। যদিও পাশের বাড়িগুলি পাকা হওয়ায় এবং স্থানীয়রা আতঙ্ক নেভানোর কাজ শুরু করায় বড়সড়ো অগ্নিকাণ্ড থেকে রক্ষা পেয়েছে। তবে আগুন লাগার পরই শিশুরা

সিটংয়ের মানাবস্তুিতে খাদে গাড়ি, মৃত তিন

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : কুচকুচে কালো রাত। ঘন কুয়াশার চাদরে ঢেকেছে চারপাশ। এমন পরিস্থিতিতে রবিবার পাহাড়ি রাস্তা থেকে খাদে পড়ে গেল একটি গাড়ি। একালে ঝরল তিনটি প্রাণ। মৃতদের মধ্যে সিটং-১ গ্রাম পঞ্চায়েতের এক সদস্যও রয়েছেন। ঘটনাটি সিটংয়ের মানাবস্তুিতে। নিরু্যম রাতে বিষয়টি কেউই টের পাননি। সকালে স্থানীয় এক বক্তি বনাঞ্চলে যাওয়ার সময় খাদে গাড়িটি পড়ে থাকতে দেখে খবর মনে গ্রামের আরও কয়েকজনকে। দুর্ঘটনাগ্রস্ত গাড়ির চালককে আশঙ্কাজনক অবস্থায় উত্তরবঙ্গ মেডিকলে ভর্তি করা হয়েছে।



সিটংয়ে দুর্ঘটনাপ্রস্তুত গাড়ি। -সংবাদচিত্র

মমাস্তিক

■ তিনজন গিয়েছিলেন ক্রীড়া প্রতিযোগিতার অনুমতি নিতে

■ ফেরার পথে ১০০ ফুট গভীর খাদে গাড়ি পড়ে যায়

■ সারারাত কেউ জানতে পারেননি, সকালে গাড়ি দেখা মাত্রই পুলিশ খবর

■ তিন যাত্রীর মৃত্যু হয়েছে, আশঙ্কাজনক অবস্থা চালকের

পুলিশ জানিয়েছে, রাত ১০টা থেকে সাড়ে ১০টার মধ্যে দুর্ঘটনাটি ঘটেছে। সকালে বিষয়টি জনা জানি

সিটং লটপাচার সমষ্টি এলাকার বিদ্যালয়গুলোকে নিয়ে ১২ ডিসেম্বর থেকে শুরু হচ্ছে তিনদিনব্যাপী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। সেই আয়োজনের অনুমতি নিতে রবিবার বিকেলে ওই গাড়ি নিয়ে সিটং-১ গ্রাম পঞ্চায়েত সদস্য রিগেন ভুজেল (৪২) সহ বাকিরা দিলারাম পুলিশ আউটপোস্টে গিয়েছিলেন। রাতে সেখানে থেকে ফেরার পথে মানাবস্তুির কাছে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি প্রায় ১০০ ফুট গভীর খাদে পড়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় রিগেন, রমেশ গুরুং (৩৬) ও রুপেন ভুজেলের (৩১)। গাড়িচালক আনমোল (৩২) গুরুতর জখম হন।

চা খাওয়া রবিকে, হিন্মিকে পরামর্শ

কোচবিহার, ৮ ডিসেম্বর : দলনেত্রী আসছেন। এই খবর জানাজানি হওয়ার পর গত কয়েকদিন ধরে কোচবিহারে তৃণমূল গোষ্ঠীকেন্দ্রের দীর্ঘ-নখ বেরিয়ে এসেছিল। যাতে মমতার দৃষ্টি আকর্ষণ করা যায়, সেজন্যই এই 'উদ্যোগ' বলে মনে করছিল স্থানীয় রাজনৈতিক মহল। কিন্তু সোমবার দলনেত্রী কোচবিহারে এসেও খুব একটা কড়া বার্তা দিলেন না। রবীন্দ্রলাল ঘোষের সঙ্গে জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিকের কোম্পল মেটোতে তার দাওয়াই, 'রবিকে বেকে বেরিয়ে গিয়ে পাটি অফিসে চা খাওয়া।' মদনমোহন ঠাকুরবাড়িতে পূজা দিয়ে তৃণমূলের জেলা সভাপতিকে এদিন এমনই পরামর্শ দিলেন তৃণমূল সুপ্রিমো।

অর্থাৎ, কোচবিহার জেলায় রবি-পার্শ্ব গোষ্ঠীর সঙ্গে অভিজিৎ ও উদয়ন গোষ্ঠীর যে কোম্পল রয়েছে সে কথা মুখ্যমন্ত্রীর কানেও পৌঁছেছে। যদিও এই নিয়ে কোনও প্রতিক্রিয়া তাঁর মধ্যে লুক্ক খা যায়নি। খুবই সাধারণভাবেই অভিজিৎকে তিনি একথা বলেছেন। প্রত্যুত্তরে অভিজিৎ সঙ্গে সঙ্গেই বলেন, 'রবিদা তো পাটি অফিসে যায়।' আর মুখ্যমন্ত্রী

স্বীকৃত CBAC

অ্যাক্টস acts

সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ অ্যাডভান্সড কম্পিউটিং (সি-ডাক)

(যোগাযোগ ও সহযোগিতা হস্ত, ভারত সরকারের একটি স্বায়ত্বশাসিত সংস্থা)

ফেব্রুয়ারি ২০২৬ ব্যাচের জন্য আইসিটি ডোমেনে পোস্ট গ্র্যাজুয়েট সার্টিফিকেট কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

সি-ডাক নিম্নলিখিত ১২টি কর্মময়ী পূর্ণকালীন ২৪-সপ্তাহের কোর্সের জন্য ভর্তির ঘোষণা করছে। এই কোর্সগুলি গ্র্যাজুয়েট ইন ইঞ্জিনিয়ারিং (নির্বাচিত বিভাগ) অথবা পোস্ট গ্র্যাজুয়েট ইন সায়েন্স (নির্বাচিত বিষয়) অথবা এম.সি.এ (M.C.A.) ডিগ্রিধারীদের জন্য। সাধারণ এবং কোর্স-নির্দিষ্ট যোগ্যতার জন্য, দয়া করে acts.cdac.in ভিজিট করুন এবং আর্ডারশন বুকলেট দেখুন।

এনসিডিটি (NCVT) মানদণ্ড অনুযায়ী, সি-ডাকের ৯০০-ঘন্টার পিজি ডিপ্লোমা (PG Diploma) কোর্সগুলিকে ১২০০-ঘন্টার (২৪ সপ্তাহ) পোস্ট গ্র্যাজুয়েট সার্টিফিকেট প্রোগ্রামে (৪০ ক্রেডিট) উন্নীত করা হচ্ছে। এনএসসিউএফ (NSQF) বিন্যাস এবং এনসিডিটি (NCVT) অনুমোদন প্রক্রিয়ায় রয়েছে।

আইসিটি (ICT)-তে পোস্ট গ্র্যাজুয়েট সার্টিফিকেট প্রোগ্রামসমূহ

- অ্যাডভান্সড কম্পিউটিং (PGCP-AC)
- বিগ ডেটা অ্যানালিটিক্স (PGCP-BDA)
- এন্থেডেড সিস্টেমস ডিজাইন (PGCP-ESD)
- আইটি ইনফ্রাস্ট্রাকচার, সিস্টেমস অ্যান্ড সিকিউরিটি (PGCP-ITISS)
- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (PGCP-AI)
- ভিএলএসআই (VLSI) ডিজাইন (PGCP-VLSI)
- মোবাইল কম্পিউটিং (PGCP-MC)
- অ্যাডভান্সড সিকিউর সফটওয়্যার ডেভেলপমেন্ট (PGCP-ASSD)
- এইচপিএসি (HPC) সিস্টেম আর্ডমিনিস্ট্রেশন (PGCP-HPCSA)
- রোবোটিক্স অ্যান্ড অ্যালাইড টেকনোলজিস (PGCP-RAT)
- ফিনটেক অ্যান্ড ব্লকচেইন ডেভেলপমেন্ট (PGCP-FBD)
- সাইবার সিকিউরিটি অ্যান্ড ফরেনসিকস (PGCP-CSF)

ন্যাশনাল কমন ক্যাম্পাস প্লেসমেন্ট প্রোগ্রাম (NCCPP) বেসাধিক, হায়দ্রাবাদ, মুম্বাই, নয়ডা এবং পুনেতে আয়োজিত হয়।

যে সব স্থানে কোর্সগুলি হচ্ছে : বেঙ্গালুরু • ভুবনেশ্বর • চেন্নাই • গুয়াহাটি • হায়দ্রাবাদ • ইন্দোর • কোচি • কলকাতা • কায়দা • মুম্বাই • নাগপুর • নাসিক • নয়াদিল্লি • নয়ডা • পাটনা • পুনে • তিরুবনন্তপুরম

কোর্স, সিস্টেমস, ডিজাইন, রোবোটিক্স, ইন্টেলিজেন্স এবং আবেদন, ভর্তি এবং জেলিফার মোড সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য ওয়েবসাইট ভিজিট করুন: www.cdac.in | acts.cdac.in

9373731598/ +91 20 25503134

৯৩৭৩৭৩১৫৯৮ ৯৩৭৩১৫৯৮ ৯৩৭৩১৫৯৮

www.facebook.com/OfficiallyACTS

www.cdac.in | acts.cdac.in

ডিভোর্স-রায়ে কোর্টের রোষে বিচারক

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : শিলিগুড়ির এক বিবাহবিচ্ছেদের মামলায় বিধিবিহিত্ত রায় দিয়ে হাইকোর্টের রোষের মুখে দিল্লির পরিবার আদালতের বিচারক। তাকে দিল্লি জুডিসিয়াল অ্যাকাডেমিতে বৈবাহিক আইনের ওপর প্রশিক্ষণ নিতে বলা হয়েছে। হিন্দু ম্যারেজ অ্যাক্টে নথিভুক্ত মামলায় তিনি স্পেশাল ম্যারেজ অ্যাক্টে রায় দিয়েছেন। তাঁর দেওয়া বিবাহবিচ্ছেদের রায় খারিজ করে দিয়েছে দিল্লি হাইকোর্টের ডিভিশন বেন্ধ। ওই দম্পতির বিচ্ছেদের মামলা নতুন করে দিল্লির পরিবার আদালতের প্রধান বিচারককে সোনারও নির্দেশ দেওয়া হয়েছে।

এই মামলায় বিচ্ছেদের পিটিশন ফাইল করেছেন ১৭ নম্বর ওয়ার্ডের কলেজপাড়ার বাসিন্দা। এর আগেও তিনি ২০১৯ সালে তাঁর স্বামী, শ্বশুর এবং শশুরাভির বিরুদ্ধে অত্যাচার এবং পণ চাওয়ার অভিযোগ তুলেছিলেন। সেই মামলাও ২০২২ সালের আগস্ট মাসে শিলিগুড়ি মহকুমা আদালত খারিজ করে দিয়ে মহিলার স্বামী, শ্বশুর এবং শশুরাভিকে মামলা থেকে মুক্তি দিয়েছিল। উদ্দেশ্যপ্রসঙ্গাদিতভাবেই মামলা করা হয়েছে বলে আদালতের পর্যবেক্ষণ ছিল।

কলেজপাড়ার বাসিন্দা ওই মহিলার সঙ্গে ২০১১ সালে ২৬ সেপ্টেম্বর হিন্দু ম্যারেজ অ্যাক্টে হাবডার বাসিন্দা এক তরুণের আইনি বিয়ে হয়। এরপর ২০১৩ সালের ২৯ এপ্রিল দুজনের সামাজিক মতে শিলিগুড়িতে বিয়ে হয়। বিয়ের পর প্রথম সাত বছর সব ঠিকই ছিল। ২০১৮ সালে তাঁদের পুত্রসন্তানও হয়। এরপর থেকেই ধীরে ধীরে সমস্যা শুরু হয়। অভিযোগ, মহিলার বাবা প্রথম থেকেই তাঁদের বিয়ে পছন্দ করতেন না। ২০১৯ সালে তিনি মেয়েকে নিয়ে শিলিগুড়িতে চলে আসেন। ওই সময় নাতিকে মেয়ের শ্বশুরবাড়িতেই ফেলে রেখে আসেন। অভিযোগ, কিছুদিনের মধ্যে আবার পুলিশ নিয়ে হাবডার ওই বাড়িতে গিয়ে নাতিকে নিয়ে আসেন। ওই সময় দম্পতির একটি কন্যাসন্তানও হয়। এইসব চলাকালীনই ওই মহিলা তাঁর স্বামী ও শ্বশুরবাড়ির লোকদের বিরুদ্ধে বহু নির্যাতনের মামলা করেছিলেন।

মামলা খারিজ হয়ে যাওয়ায় শিলিগুড়িতে পরিবার আদালতে বিবাহবিচ্ছেদের আবেদন করেন। শিলিগুড়িতে পরিবার আদালতে মামলা চলাকালীন মহিলার স্বামী সূত্রিম কোর্টে মামলা স্থানান্তরের পিটিশন দাখিল করেন। শিলিগুড়ি থেকে দিল্লি পরিবার আদালতে মামলা ট্রান্সফার করে দেয় সূত্রিম কোর্ট। সেখানেই মামলার বিচার চলছিল।

কালিম্পংয়ে জল প্রকল্পের সূচনা

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : কালিম্পং শহরে পানীয় জলের সমস্যা দূর করতে আবৃত্ত-২ প্রকল্পের কাজ শুরু করল গোখাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ)। সোমবার কালিম্পং টাউন হলে এক অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পটির কাজের সূচনা করেন জিটিএর চিফ এগজিকিউটিভ অনীত থাপা। কক্সের আবৃত্ত-২ প্রকল্পে তিস্তা নদী থেকে জল তুলে ডেলোতে সংরক্ষণ করা হবে। সেখানে জল পরিষ্কৃত করার পর পাইপলাইনের মাধ্যমে শহরের ২৩টি ওয়ার্ডে সরবরাহ করা হবে বলে জানা গিয়েছে। এই প্রকল্পের মোট খরচ ধরা হয়েছে ১৯৬ কোটি ৫৬ লক্ষ টাকা। অনীত দাবি করেছেন, ‘এর মধ্যে ৫০ শতাংশ কেন্দ্র, ৪৫ শতাংশ রাজ্য এবং বাকি ৫ শতাংশ টাকা পুরসভাকে বহন করতে হবে। ৩০ মাসের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এই প্রকল্প চালু হলে কালিম্পং শহরে পানীয় জলের সমস্যা দূর হবে।’ এদিনের অনুষ্ঠানে কালিম্পংয়ের বিধায়ক রুনে সাদা নেপাচা, জেলা শাসক কুহক ভূগুণ, পুলিশ সুপার ত্রীহারি পাণ্ডে প্রমুখ উপস্থিত ছিলেন।

সোমবার কাকভোরে সেই কামার আওয়াজ ক্রমাগত বাড়তে থাকায় শব্দের উৎস খোঁজার চেষ্টা করেন। দশম, তাঁর বাড়ির কাছেই টিনের চালার মন্দিরের সামনে এক ফুটফুটে পুত্রসন্তান। কালো কাপড়ে মুড়িয়ে রাখা ছিল শিশুটিকে।

আগ্নেয়াস্ত্র হাতে দাপাদাপির অভিযোগ পড়ায়াদের বিবাদের উত্তপ্ত হাইস্কুল

অরুণ বা

ইসলামপুর, ৮ ডিসেম্বর : পড়ুয়াদের ঝামেলায় উত্তপ্ত হয়ে উঠল ইসলামপুর হাইস্কুল চত্বর। এমনকি আগ্নেয়াস্ত্র নিয়ে স্কুলের মধ্যে বহিরাগতদের দাপাদাপিরও অভিযোগ উঠেছে। তবে স্কুলের মধ্যে আগ্নেয়াস্ত্র নিয়ে ঢোকার অভিযোগকে গুজব বলে উড়িয়ে দিয়েছে পুলিশ। ছাত্রদের মধ্যে মারামারির ঘটনাকে স্বীকার করে নিলেও আগ্নেয়াস্ত্রের বিষয়ে কিছু জানা নেই বলে মন্তব্য প্রধান শিক্ষকের। সোমবার এই ঘটনায় উদ্বিগ্ন অভিভাবকরা অভিযোগ জানাতে ইসলামপুর থানায় হাজির হন। উদ্বেগ প্রকাশ করেছে স্কুল পরিচালন কমিটিও।

অভিভাবকদের অভিযোগ, স্বযোমিত ‘ডন’-রা এর আগেও স্কুলে এই ধরনের ঘটনা ঘটিয়েছে। গত বছর স্কুল চত্বরে ‘হপ্পা উসুলির’ ঘটনা নিয়ে বিস্তারিত অভিযোগ উঠেছিল অভিভাবকদের তরফে। ফলে এদিনকার ঘটনা রীতিমতো চচার কেন্দ্রে উঠে এসেছে। ইসলামপুর থানার আইসি হীরক বিশ্বাস বলেন, ‘পড়ুয়াদের নিজস্ব ঝামেলা ছিল। আগ্নেয়াস্ত্রের বিষয়টি গুজব। লিখিত অভিযোগ হয়নি।’

স্কুল সূত্রে জানা গিয়েছে, সোমবার বিকেলে স্কুল ছুটির সময় নবম ও ষষ্ঠ শ্রেণির পড়ুয়াদের একাংশ নিজজের মধ্যে ঝামেলায় জড়িয়ে পড়ে। সেসময় এক পক্ষের



- যা অভিযোগ
- সোমবার বিকেলে স্কুল ছুটির সময় নবম ও ষষ্ঠ শ্রেণির পড়ুয়াদের একাংশ নিজজের মধ্যে ঝামেলায় জড়িয়ে পড়ে
- সেসময় এক পক্ষের ডাকে বাইরের কিছু তরুণ ঘটনাস্থলে এসে হাজির হয়
- বহিরাগতরা এক পড়ুয়াকে টেনে স্কুলের মাঠে নিয়ে যায়
- তারপর বন্দুক দেখিয়ে ভয় দেখায় বলে অভিযোগ
- তবে আগ্নেয়াস্ত্রের বিষয়টিকে গুজব বলে দাবি পুলিশের

ডাকে বাইরের কিছু তরুণ ঘটনাস্থলে এসে হাজির হয়। নবম শ্রেণির এক পড়ুয়ার বক্তব্য, ‘আমার বন্ধুকে আচমকা মারধর শুরু করে বাইরের কিছু দাদা। আমি প্রতিবাদ করতেই আমাদের টেনে স্কুলের মাঠে নিয়ে

যাওয়া হয়। তারপর বন্দুক দেখিয়ে বলে আমি ডন, তাদের শেষ করে দেব। পুলিশকেও ঘটনার কথা বলেছি।’

মারধরের শিকার সেই ছাত্রের কথা, ‘বন্দুক দেখিয়ে আমার গলায় থাকা রুপোর চেন ছিনিয়ে মারধর করেছে ওরা। ভীষণ ভয় হচ্ছে।’ ওই পড়ুয়ার মা বলেন, ‘এর আগেও আগ্নেয়াস্ত্র দেখিয়ে ছেলেদের ভয় দেখানো হয়েছিল। আজ তো আগ্নেয়াস্ত্র দেখিয়ে মারধর করা হয়েছে। পড়ুয়াদের নিরাপত্তাই তো চ্যালেঞ্জের মুখে। বড় কিছু ঘটলে দায় কে নেবে?’

স্কুলের প্রধান শিক্ষক মহম্মদ সলিমুদ্দিন আহমেদ বলেছেন, ‘স্কুলের মাঠে একটি মারপিটের ঘটনা জানতে পেরে থানার আইসিকে ফোন করেছিলাম। পুলিশ পৌঁছালে পরিস্থিতি স্বাভাবিক হয়। আগ্নেয়াস্ত্রের বিষয়ে আমার কিছু জানা নেই।’

স্কুল পরিচালন কমিটির সভাপতি অনোয়ারুল ইসলাম বলেন, ‘বিষয়টি উদ্বেগের। স্কুলে এই ধরনের ঘটনা কামা নয়। মস্তানি কালচার নিয়ে আগ্নেয়াস্ত্র ফোরামের বৈঠকে বিশদে আলোচনা হয়েছে। প্রায়ই ঘটনাগুলি আমাদের গোচরে আসে। আগামী ১৮ ডিসেম্বর গাড়িয়ান ফোরামের বৈঠকে এই মর্মে বিস্তারিত আলোচনা করে আমরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনব যা পদক্ষেপ করার করব।’



পাঠকের লেন্সে ৮৫৭২৫৮৬৭২ picforubs@gmail.com

তোমার অসীমে। নাগাল্যান্ড-মণিপুর সীমান্তের জুকু ভাঙিতে ছবিটি তুলেছেন ওদলাবাড়ির আশিক আলি।

অডিটে চক্ষু চড়কগাছ

বার্ষিক্য ও বিধবা ভাতাতেও অনিয়ম নকশালবাড়িতে

মহম্মদ হাসিম

কেন উদ্বেগ

নকশালবাড়ি রকের ১০টি স্কুলের মিড-ডে মিল প্রকল্প এবং জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পের সোশ্যাল অডিটের প্রতিবেদন জনশুনানিতে পেশ করা হয় রিপোর্টে দেখা গিয়েছে,

জনের ব্যাংক অ্যাকাউন্টে দীর্ঘদিন ধরে বার্ষিক্য এবং বিধবা ভাতার টাকা ঢুকেছিল। সোশ্যাল অডিটের মাধ্যমে এইসব অ্যাকাউন্ট থেকে ৬৬ হাজার টাকা উদ্ধার করেছেন অধিকারিকরা। সোমবার নকশালবাড়ি বিভিও অফিসের ডোকরা হলে জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প এবং মিড-ডে মিল প্রকল্পের সামাজিক নিরীক্ষার জনশুনানির আয়োজন করা হয়েছিল।

এদিন নকশালবাড়ি রকের ১০টি স্কুলের মিড-ডে মিল প্রকল্প এবং জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পের সোশ্যাল অডিটের প্রতিবেদন জনশুনানিতে পেশ করা হয়। সেখানেই এমন উদ্বেগজনক তথ্য সামনে এসেছে। এই জনশুনানিতে উপস্থিত ছিলেন সোশ্যাল অডিটের শিলিগুড়ি মহকুমার কোঅর্ডিনেটর সঞ্জয় বসু, দার্জিলিং জেলার ডেপুটি

ম্যাজিস্ট্রেট নিমাল্য ঘোষ, পেনা শেরপা সহ অন্যরা। মহকুমার চারটি রকের ৪০টি বিদ্যালয়ে মিড-ডে মিল প্রকল্পে সোশ্যাল অডিট করা হয়। নকশালবাড়ির ১০টি স্কুলের মিড-ডে মিল প্রকল্পের সোশ্যাল অডিটের রিপোর্ট এদিন জনশুনানিতে পেশ করা হয়। রিপোর্টে দেখা গিয়েছে, শিশুদের আয়রন ট্যাবলেট ও ক্রিম ও যুগ্ম দীর্ঘদিন ধরে দেওয়া হচ্ছে না।

সালিশি সভায় রক্তারক্তি

রায়গঞ্জ, ৮ ডিসেম্বর : মন্দির দখলের অভিযোগে দুই তরফেরই আর্জিতে সালিশি সভার আয়োজন করেছিলেন পঞ্চায়েত সদস্য। কিন্তু সালিশি সভা শুরু হতেই আচমকা চাকু দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে বাবা ও ছেলেকে খুনের চেষ্টার ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়াল রায়গঞ্জ শহর সংলগ্ন উত্তর সোহারই এলাকায়। সোমবার রাত সাড়ে ১০টা নাগাদ ঘটনাটি ঘটে। রক্তাক্ত অবস্থায় ওই দুজনকে উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়।

গুরুতর জখম সঞ্জিত সেন (৪৫) ও সাগর সেন (২৫) সম্পর্কে বাবা-ছেলে। স্বামী ও ছেলেকে বাঁচাতে গিয়ে আহত হয়েছেন সঞ্জিতের স্ত্রী শেফালিও। তাঁর গলা চিপে ভারী বস্তু দিয়ে মাথায় আঘাত করা হয়। এলাকার পঞ্চায়েত সদস্য নারায়ণ শর্মা বলেন, ‘আমার সামনে ঘটনাটি ঘটেছে। পুলিশকে জানানো হয়েছে। আইন আইনের মতো চলবে।’ হাসপাতালের শল্য চিকিৎসক সঞ্জয় শেঠ বলেন, ‘বাবা ও ছেলের অবস্থা আশঙ্কাজনক। অপারেশন চলছে।’ এই ঘটনায় এলাকার কয়েকজন দুহুতীর নাম উঠে আসছে।

ধৃত লরিচালক

ফার্সিদেরওয়া, ৮ ডিসেম্বর : নদী থেকে বালি পাচারের সময় আটক করা হল দুটি লরি। শুকলাল সোরেন (৩৯) নামে এক লরিচালককে গ্রেপ্তার করেছে বিধাননগর তদন্ত কেন্দ্রের পুলিশ। শুকলাল বিহারের গলগলিয়ার বাসিন্দা।

সোমবার ঢেঙ্গা নদী থেকে বালি নিয়ে যাওয়ার সময় মুরালীগুড়ি চেকপোস্টের কাছে একটি লরি আটক করে পুলিশ। তবে, পুলিশ দেখে লরি ফেলে পুলিশের যান চালক। অন্যদিকে, এদিনই জাতীয় সড়কে নাকা চেকিং চলাকালীন মহানন্দা থেকে বালি নিয়ে যাওয়ার সময় অপর একটি লরি আটক করে পুলিশ। লরিচালকের কাছে বেশ কোনও থি ছিল না। বালিবোঝাই লরি এবং চালককে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়। সেখানে পুলিশ জিজ্ঞাসাবাদে চালক বালি পাচারের কথা স্বীকার করে নেন। দুটি ঘটনায় নির্দিষ্ট থারায় মামলা রুজু করেছে পুলিশ। সোমবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে তার দাবি মঞ্জুর করেছে বিচারক। লরি দুটি বাজেয়াপ্ত করা হয়েছে।

সুস্বাস্থ্যকেন্দ্র

নকশালবাড়ি ও খড়িবাড়ি, ৮ ডিসেম্বর : সোমবার কোচবিহার থেকে নকশালবাড়ি ও খড়িবাড়ির তিনটি সুস্বাস্থ্যকেন্দ্রের ভাটুয়ালি উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নকশালবাড়ি পঞ্চায়েতের উত্তর রথখোলায় এই সুস্বাস্থ্যকেন্দ্রটি তৈরি করা হয়েছে। এদিকে, খড়িবাড়ির চুনীলালজোত ও দেবীগঞ্জের সুস্বাস্থ্যকেন্দ্র দুটিরও উদ্বোধন করেন মমতা।



শিলিগুড়ির বিধান মাঠে ক্রিসমাসের কেনাকাটা। সোমবার। ছবি : সূত্রধর

কৃষি পাটায় না মহকুমা পরিষদের তৃণমূলের নিন্দা বিরোধীদের

পাট্টা পাইয়ে দেওয়ার খবর রয়েছে। খড়িবাড়ি, ফার্সিদেরওয়া রক কৃষিপ্রধান এলাকা। নকশালবাড়ি এলাকার অনেকটা অংশে চাষ হয়। ‘ফার্সিদেরওয়াতে যতটা সংস্কারমতে চাষাবাদ করা হত, ততটা অন্য রকম হত না। সেই কারণে ফার্সিদেরওয়া রকে আগে কৃষি পাট্টা দেওয়া হচ্ছিল। পরিস্থিতি বদল হলে আবার কৃষি পাট্টা দেওয়া হবে।’

বর্তমানে পাট ডেসিমাল করে বাস্তব জমির পাট্টা দেওয়া হচ্ছে। বাম আমলে বাস্তবজমির ক্ষেত্রে ৮ ডেসিমাল করে জায়গা দেওয়া হত। বিষয়টি নিয়ে সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য গৌতম ঘোষ বলেন, ‘কৃষি পাট্টা না দিলে কৃষকদের ওপর বড় আঘাত হবে। খাসজমিতে যাঁরা চাষাবাদ করে খান, তাঁরা পাট্টা পাবেন না। বাম আমলে প্রচুর কৃষিজমির পাট্টা দেওয়া হয়েছে। এক একর থেকে তিন একর পর্যন্ত খাসজমিতে কৃষকদের কৃষি পাট্টা দেওয়া হয়েছে। ভূমি সংস্কারের যা সুফল ছিল। কিন্তু তৃণমূল তো সেই নীতিতে বিশ্বাস করে না।’

প্রসঙ্গত, মহকুমা পরিষদ এলাকায় জমির চরিত্র বদলের ক্ষমতা বর্তমানে কৃষক, তাঁরা জমির পাট্টা পেলে ভালো হত। ফার্সিদেরওয়া পঞ্চায়েত সমিতির এক জনপ্রতিনিধির আত্মীয়কে কৃষি

ব্যবহার করা যাবে। আর পাট্টা দিলে সেটি ব্যক্তিগত কাজে লেগে যাবে।’

শিলিগুড়ি মহকুমা এলাকায় বাম আমলে অনেক খাসজমিতে কৃষি পাট্টা দেওয়া হয়েছে। মহকুমা পরিষদের বর্তমানে বোর্ডের তরফে দাবি করা হয়েছে, বাস্তব ও কৃষি মিলিয়ে প্রায় দুই হাজার পাট্টা বিতরণ করা হয়েছে। বিষয়টি নিয়ে মহকুমা পরিষদের বিরোধী দলরা অজয় ওরাওয়ের দাবি, ‘রাজ্যের শাসকদল কোনও আইন মানে না। যাঁরা দরিদ্র কৃষক, তাঁরা জমির পাট্টা পেলে ভালো হত। ফার্সিদেরওয়া পঞ্চায়েত সমিতির জমি হাতে থাকলে প্রয়োজন মতো

গোয়ার মৃত বানুরছাটের তরুণ

বাগডোগরা, ৮ ডিসেম্বর : গোয়ার নাইট ক্লাবে ভয়াবহ অগ্নিকাণ্ডে মৃত্যু হয়েছে ফার্সিদেরওয়া সূভাষ ছেত্রী। ২৪ বছরের এই তরুণজা তরুণের মৃত্যুরে ভেঙে পড়ছে পরিবার। শোকের ছায়া নেমে এসেছে ফার্সিদেরওয়া রকের হেটমুটি সিংহীঝোরা এলাকার বানুরছাট গ্রামে। সূভাষের দিদি উর্মিলা দুর্ঘটনার জন্য নাইট ক্লাবের মালিকপক্ষকেই দায়ী করছেন। তাঁর অভিযোগ, ‘অগ্নিনিবাপণ ব্যবস্থা ছিল না বলেই এত বড় ঘটনা ঘটে গেল। আমার দাবি সহ ২৫ জনের প্রাণ চলে গেল।’

বাগডোগরা থেকে প্রায় ১২ কিলোমিটার দূরে বানুরছাটে বাড়ি সূভাষের। সোমবার সূভাষের বাড়িতে গিয়ে দেখা গেল, মা টাকমায়ী ছেত্রী ও দিদি উর্মিলাকে সান্নাধ্য দিচ্ছেন গ্রামবাসীরা। শনিবার মাঝরাতে উত্তর গোয়ার নাইট ক্লাবে অগ্নিকাণ্ডে মৃতদের তালিকায় নাম রয়েছে বানুরছাটের সূভাষেরও। তিনি ওই নাইট ক্লাবে শিক্ষানবিশ শেফ হিসাবে কাজ করতেন। সূভাষের দিদি উর্মিলা বলেন, ‘তাই গত বছর জানুয়ারিতে ওই নাইট ক্লাবে কাজ করতে যায়। এবছর দশমীর টিকা দিতে আসার হচ্ছে ছিল। কিন্তু বিমানের টিকিটের দাম বেশি থাকায় আসতে পারিনি।’ বলেছিল, মাঠে বাড়িতে আসবে।’

জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের ছোট পথগ্রামজোত এলাকার সুমন্তী সিংহ নামে আরেক বাসিন্দা বলেন, ‘কতটা অমানবিক হলে একজন মা তাঁর সন্তানকে জন্ম দেওয়ার পরই কোল ছাড়া করতে পারেন, তা ভাবতেই অবাক লাগে।’ এখন অবস্থা সরকারিভাবেই উত্তরবঙ্গ মেডিকেল শিশুটির চিকিৎসা এবং দেখাশোনা করা হচ্ছে। সেইসঙ্গে, ঘটনার তদন্ত শুরু করছে ফার্সিদেরওয়া থানার পুলিশ। কে বা কারা শিশুটিকে গ্রামের মন্দিরের মেঝেতে ফেলে পালিয়ে যায়, তাও খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

প্রাথমিকে পঞ্চম শ্রেণি, ২৩ স্কুলের নাম শিক্ষা দপ্তরে

তমালিকা দে

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : হাইস্কুলের ওপর চাপ কমাতে প্রাথমিকে পঞ্চম শ্রেণিকে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত নিয়েছে রাজ্যের শিক্ষা দপ্তর। পাইলট প্রোজেক্টে গত বছর বেশ কয়েকটি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি চালুর অনুমোদন দেওয়া হয়েছিল। সফল্য মেলায় নতুন শিক্ষাবর্ষ স্কুলের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানা গিয়েছে, শিলিগুড়ি শিক্ষা জেলায় ২৩টি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি যুক্ত করার জন্য শিক্ষা দপ্তরে তালিকা পাঠানো হয়েছে। অনুমোদন পেলেই নতুন শিক্ষাবর্ষ থেকেই পড়ুয়ার সংখ্টি স্কুলগুলিতে পঞ্চম শ্রেণিতে পড়তে পারবে।

দেশের বিভিন্ন রাজ্যে প্রাথমিক স্কুলেই পঞ্চম শ্রেণির পঠনপাঠন চলে। এতদিন পশ্চিমবঙ্গ ব্যতিক্রম ছিল। কিন্তু ২০২৫ সালে রাজ্য সরকারের তরফে দু’হাজারের বেশি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি যুক্ত করা হয়। ধাপে ধাপে বাকি প্রাথমিকও যুক্ত করা হবে বলেও স্কুল শিক্ষা দপ্তরের তরফে জানানো হয়েছিল। চলতি শিক্ষাবর্ষের শুরুতে শিলিগুড়ি শিক্ষা জেলায় ৯টি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি চালু করা হয়েছিল। নতুন শিক্ষাবর্ষে সেই সংখ্যা বেড়ে নতুন আরও ২৩টি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি চালুর সম্ভাবনা রয়েছে। শিলিগুড়ি শিক্ষা জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান দিলীপকুমার রায় বলেন, ‘শিলিগুড়ি শিক্ষা জেলার মোট সাাতটি সার্কেল থেকে পাঠানো হয়েছে। আশা করছি চলতি মাসেই অনুমোদন পেয়ে যাব।’

দিলীপকুমার রায় চেয়ারম্যান শিলিগুড়ি শিক্ষা জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদ

প্রাথমিক স্কুল, সুকনা টি এন্সটে প্রাথমিক স্কুল, বিবেরকান্দ বিদ্যালয় ১ নম্বর জিএসএফপি স্কুল। এছাড়াও শিলিগুড়ি ওয়েস্ট সার্কেলের বরদাকান্দ প্রাথমিক স্কুল, জগদীশ স্কুলে শিলিগুড়ি শিক্ষা জেলায় ৯টি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি চালু করা হয়েছিল। নতুন শিক্ষাবর্ষে সেই সংখ্যা বেড়ে নতুন আরও ২৩টি প্রাথমিক স্কুলে পঞ্চম শ্রেণি চালুর সম্ভাবনা রয়েছে। শিলিগুড়ি শিক্ষা জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান দিলীপকুমার রায় বলেন, ‘শিলিগুড়ি শিক্ষা জেলার মোট সাাতটি সার্কেল থেকে পাঠানো হয়েছে। আশা করছি চলতি মাসেই অনুমোদন পেয়ে যাব।’





পুরোনো চাকরি

২০১৬ সালের এসএসসি প্যাঁলেরের কেউ আগের সরকারি বা সরকারি পোষিত স্কুলে পুনরায় যোগদান করে থাকলে তাদের এমপ্লয় আইডি সক্রিয় করতে হবে। প্রক্রিয়া শুরু করল শিক্ষা দপ্তর।



ক্ষুর হাইকোর্ট

চিৎডিঘাটা মেট্রোর কাজ নিয়ে জটিলতা অব্যাহত। মেট্রো কর্তৃপক্ষের সঙ্গে রাজ্যের বৈঠকের পরও এগোয়নি কাজ। তা নিয়ে প্রশ্ন তুলল হাইকোর্ট। রাজ্যের কোনও যুক্তিই শুনবে না আদালত।



গবেষকের মৃত্যু

দুর্ঘটনায় মৃত্যু হল আইআইটি খড়গপুরের গবেষক পড়ুয়া ভট্টরাম শ্রাবণ কুমারের। খড়গপুরে ট্রেনের ধাক্কা অহত হয়েছিলেন। চিকিৎসা চলাকালীন রবিবার তাঁর মৃত্যু হয়।



মহড়া

সোমবার এসআইআরের ফর্ম পূরণের মহড়া শুরু হয়ে গেল সূতানুটি থেকে। মঙ্গলবার সোনাগাছি সহ কলকাতায় বিভিন্ন এলাকায় বিশেষ শিবির করবে কমিশন। তাই এই মহড়া।

বিএলএ-দের রিপোর্টে স্বস্তি তৃণমূলের দীপ্তিমান মুখোপাধ্যায়

কলকাতা, ৮ ডিসেম্বর : ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা এসআইআর ইস্যুতে তৃণমূল সব হলেও প্রক্রিয়ার শেষ পর্যায়ে এসে স্বস্তির নিশ্বাস ফেলেছেন দলের শীর্ষনেতারা। রবিবারই বিএলএ-২ দের কাছ থেকে পাওয়া রিপোর্ট জমা হয়েছে দলের শীর্ষনেতাদের হাতে। সেখানেই দেখা গিয়েছে, রাজ্যের প্রায় অধিকাংশ জায়গাতেই এসআইআর ফর্ম জমা হয়ে গিয়েছে।

রবিবার রাতে তৃণমূলের বিএলএদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী দেখা গিয়েছে, রাজ্যের ১৩৫টি সংখ্যালঘু বিধানসভা কেন্দ্রে ৯৮.৭ শতাংশ এসআইআর ফর্ম পূরণ হয়েছে। মতুয়া অধ্যুষিত ৭৬টি বিধানসভা কেন্দ্রে ৯২.২ শতাংশ এসআইআর ফর্ম সমস্ত কাগজপত্র দিয়ে বিএলওদের হাতে জমা দেওয়া হয়েছে ও তা ডিজিটাইজড হয়েছে। এছাড়া সাধারণ ভোটার অধ্যুষিত এলাকার বাকি বিধানসভা কেন্দ্রে ৯৯ শতাংশ ফর্ম ডিজিটাইজড করে ফেলেছেন বিএলওরা। তার ফলে এই রাজ্যের ৭ কোটি ৬৩ লক্ষ ভোটারের মধ্যে দেড় কোটি ভোটারের নাম বাদ যাবে বলে যখন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর দাবি করেছেন, তখন বাস্তবে দেখা যাচ্ছে, ২০২৫ সালের জন্মারিতে প্রকাশিত তালিকায়

সংখ্যালঘু ভোট নিয়ে উদ্ভিগ্ন নয় দল

থাকা ভোটারদের সবচেঁ ২৫ লক্ষ মানুষ মারা গিয়েছেন। এই পরিস্থিতিতে তৃণমূল তাদের পুরো মেশিনারিকে কাজে লাগিয়ে লক্ষ্যমাত্রা হাসিল করে ফেলেছে বলে মনে করছেন দলের নেতারা।

তবে হুমায়ুন কবীরের বিদ্রোহ আদৌ তৃণমূলের ভোটখ্যাঁকে প্রভাব ফেলবে কি না, তা নিয়ে বিভিন্ন মহলে জল্পনা তৈরি হয়েছে। সংখ্যালঘুদের ভোটখ্যাঁকে এইভাবে বিভাজন হয় না বলে দাবি করেছেন অনেক সংখ্যালঘু নেতা। রাজ্যের মন্ত্রী সিদ্ধিকুন্না চৌধুরী বলেন, ‘রাজ্যের সংখ্যালঘু ও গরিব মানুষকে হেনস্তা করার জন্যই এই এসআইআর করা হয়েছে। কিন্তু তাতে বিজেপির আদৌ লাভ হয়নি। সংখ্যালঘুদের ভোটাধিকার সুরক্ষিতই রয়েছে।’ হুমায়ূনের ইস্যুতে তিনি বলেন, ‘এইভাবে সংখ্যালঘু ভোট বিভাজিত হয় না। তবে আমি ব্যক্তিগতভাবে মনে করি, দল হুমায়ুন কবীরের সঙ্গে কথা বলে সমস্যার সমাধান করতে পারত।’ নব্য শেখ সম্প্রদায়ের নেতা মহম্মদ সারওয়ার্দি বলেন, ‘বিজেপির বিরুদ্ধে সংখ্যালঘুরা তৃণমূলকে ভোট দিয়েছে। কিন্তু রাজ্য সরকারের উচিত সংখ্যালঘুদের কথা ভাবা। কারণ, সরকারি উদ্যোগে যদি জগন্নাথ মন্দির, দুর্গামা, মহাকাল মন্দির হয়, তাহলে একটি মসজিদ কেন হবে না?’ রাজ্যের পরিবহনমন্ত্রী শোভনবাব চট্টোপাধ্যায় বলেন, ‘এসআইআর করে বাংলার গরিব মানুষের নাম বাদ দেওয়ার চেষ্টা করেছিল বিজেপি। সেই চক্রান্ত ব্যর্থ হয়েছে। অধিকাংশ মানুষই এসআইআর ফর্ম জমা দিয়েছেন।’

হাসপাতালে সোনালির পাশে ভিড় নেতা-মন্ত্রীদের

আশিস মণ্ডল

রামপুরহাট, ৮ ডিসেম্বর : দীর্ঘ আইনি জটিলতা কাটিয়ে অন্তঃসত্ত্বা সোনালি খাতুন এবং তাঁর নাবালক ছেলে ভাবতে ফিরেছেন। শুক্রবার মালদার মহদিপুর বড়রি দিয়ে দেশে ঢোকার পর শনিবার তাকে বীরভূমের পাইকবের বাড়িতে নিয়ে আসা হয়। ওইদিনই অন্তঃসত্ত্বা সোনালিকে রামপুরহাটে মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রসূতি বিভাগে ভর্তি করা হয়। সেইসঙ্গে তাঁর নাবালক ছেলেকেও। স্বাস্থ্যবিধি অনুযায়ী প্রসূতি বিভাগে সাধারণগের প্রবেশ নিষিদ্ধ। কিন্তু সোনালিকে দেখতে সেখানে শাসক দলের নেতা-নেত্রীদের ভিড় উপড়ে পড়ে।

প্রথমে সেখানে আসেন বিধানসভার ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়। তাঁর সঙ্গে একাধিক এএসএডিপি পলশ দাস। এরপরেই হাসপাতালে যান লাভপুরের বিধায়ক তারা সিং, তৃণমূলের বীরভূম জেলা কোর কমিটির আহ্বায়ক অনুব্রত মণ্ডল সহ আরও অনেকে। প্রত্যেকে

রাজ্য আরও ৫ পর্যবেক্ষক এসআইআর-এ আরও নজরদারি কমিশনের

অরূপ দত্ত

কলকাতা, ৮ ডিসেম্বর : রাজ্যের এসআইআরে নজরদারি লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত পাঁচ পর্যবেক্ষক মঙ্গলবারই কলকাতায় পৌঁছোচ্ছেন। সিইও দপ্তর সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার বেলা ১১টায় তাঁরা সিইওর সঙ্গে বৈঠক করবেন। নবনিযুক্ত এই পাঁচ পর্যবেক্ষককে নিয়ে রাজ্যের এসআইআর-এর কাজে মোট ১৮ জন রোল অবজার্ভারকে নিয়োগ করল কমিশন। এর সঙ্গে সিইও দপ্তরের রোল অবজার্ভারদের দায়িত্বে থাকা তিন আধিকারিককে ধরলে মোট ২১ জন রোল অবজার্ভার এসআইআর-এর কাজ যুক্ত। যাকে কিছুটা ‘বাচিক্রমী’ বলেই মনে করছেন সিইও দপ্তরের আধিকারিকরা। এই প্রথম এসআইআর-এর জন্যে ৬১ কোটি টাকা বরাদ্দ করল নবাব। সোমবার মুখ্য নির্বাচনি আধিকারিক মনোজ আগরওয়াল জানান, প্রয়োজনের তুলনায় এটা যথেষ্ট না হলেও এর থেকে আমরা বিএলওদের কিছুটা টাকা দিতে পারব।

কে কোন দায়িত্বে

- প্রেসিডেন্সি (কলকাতা, হাওড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া)–রবিকান্ত সিং
- মেদিনীপুর (দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া)– নীরজকুমার বানসোঁর
- বর্ধমান (বীরভূম, পশ্চিম ও পূর্ব বর্ধমান, হুগলি)– কৃষ্ণকুমার নিরালা
- মালদা (মালদা, মুর্শিদাবাদ, উত্তর ও দক্ষিণ দিনাজপুর)– অলোক তিওয়ারি
- জলপাইগুড়ি (দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার)–পঙ্কজ যাদব

এসআইআর-এর কাজে বিএলওদের জন্য বরাদ্দ ১২ হাজার টাকা। বিশেষ ভাভা ধরে তাঁরা পাবেন ১৪ হাজার

টাকা। সুপারভাইজারদের পাওয়ার কথা ১৮ হাজার টাকা। বিএলওদের টাকা আটকে রাখা নিয়ে গত সপ্তাহেই নবান্নকে দ্বিতীয় চিঠি দেয় সিইও দপ্তর। তারপরেই এদিন অর্থ বরাদ্দের কথা জানান নবান্ন। ইতিমধ্যেই তাঁদের ২ হাজার টাকার কিস্তি দেওয়া হয়েছে। বরাদ্দ টাকা না দেওয়া নিয়ে বারবারই ক্ষোভ প্রকাশ করেছেন বিএলওরা।

সূত্রত শুশুতির নেতৃত্বে ১২ সদস্যের রোল অবজার্ভারের একটি দলকে রাজ্যে পাঠিয়েছিল কমিশন। এরই মধ্যে আচমকাই দিল্লিতে পর্যবেক্ষক দলের নেতা সূত্রত শুগুকে দিল্লিতে তলব করে কমিশন। সোমবার সকালেই দিল্লিতে গিয়ে মুখ্য নির্বাচনি কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে রাজ্যের চলতি এসআইআর নিয়ে অবহিত করেন। তাঁর এই সফরের আগেই রাজ্যে আরও পাঁচ রোল অবজার্ভারকে পাঠানোর কথা জানিয়ে দিল কমিশন। তাঁরা হলেন কুমার রবিকান্ত সিং, নীরজকুমার বনসল, কৃষ্ণকুমার নিরালা, অলোক তিওয়ারি ও পঙ্কজ যাদব। জয়েন্ট সেক্রেটারি পদমর্যাদার এই আইএএস

আধিকারিকরা যথাক্রমে প্রেসিডেন্সি, মেদিনীপুর, বর্ধমান, মালদা এবং জলপাইগুড়ি ডিভিশনে এসআইআর-এর কাজে নজরদারি চালাবেন। এদিন এই নিয়োগকে স্বাগত জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ‘শুধু এরাছেই নয়, বাকি ১১টি রাজ্যেও দ্বিতীয় দফায় পর্যবেক্ষকদের পাঠানো হচ্ছে। তবে এরাছোর ক্ষেত্রে বিশেষ নজর রয়েছে কমিশনের।’

এদিনও কমিশন জানিয়েছে, এখনও পর্যন্ত মোট ৫৬ লক্ষ ৩৭ হাজার ৭৩১ জনের নাম ভোটের তালিকা থেকে বাদ পড়তে চলেছে। যার মধ্যে ২৩ লক্ষ ৯৮ হাজার ৩৪৫ জন মৃত। ভোটের তালিকা থেকে বাদ পড়ার নিরিখে শীর্ষে রয়েছে উত্তর ২৪ পরগনা। দুই পরগনা মিলিয়ে সাংকুল্যে প্রায় ১৫ লক্ষের মতো নাম বাদ পড়ার সম্ভাবনা। যদিও ভোটের তালিকা থেকে নাম বাদ পড়ার সংখ্যা আরও বাড়বে বলেই এদিনও দাবি করেছেন শুভেন্দু। তাঁর দাবি, এখনও চার সপ্তাহ বাকি। দেখতে থাকুন। শেষে দেখবেন তৃণমূল হরিবোল হয়ে গিয়েছে।



মায়ের কোলে হুমায়ু ছেলে এ শান্তি মা কোথায় বল...

কলকাতায়। ছবি : দেবচনি চট্টোপাধ্যায়

বীরভূম, মালদাতেও বাবরি মসজিদ ঘোষণা দু’দিনে দানপাত্রে জমা আড়াই কোটি

নয়ানিকা নিয়োগী ও পরাগ মজুমদার

কলকাতা ও ভরতপুর, ৮ ডিসেম্বর : মুর্শিদাবাদের বেলডাঙার বুকে বাবরি মসজিদ প্রতিষ্ঠার ঘোষণার পরই ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীর এবার বীরভূম এবং মালদাতেও বাবরি মসজিদ নির্মাণের ঘোষণা করলেন। রাজ্যের প্রাক্তন মৎস্যমন্ত্রী সমাজবাদী পার্টির নেতা কিরণময় নন্দ সোমবার মুর্শিদাবাদে দাঁড়িয়ে হুমায়ূনের এই সিদ্ধান্তকে সমর্থন করায় জল্পনা আরও উসকেছে। হুমায়ুন বলেন, ‘বীরভূম ও মালদা থেকে বাবরি মসজিদ নির্মাণের প্রস্তাব এসেছে আমার কাছে। সেখানেও মানুষের আবেগকে গুরুত্ব দিয়ে বাবরি মসজিদ নির্মাণের কাজ শুরু করব।’ বেশিক দু’দিনেই আড়াই কোটির বেশি অনুদান জমা পড়ছে বেলডাঙায় প্রস্তাবিত বাবরি মসজিদের অনুদান বাক্সে। মসজিদের শিলান্যাসের দিন সভাস্থলে রাখা স্টেনলেস স্টিলের তৈরি মোট ১১টি দান বাক্সে নগদ টাকা এবং আল্লাহীন অনুদান জমা পড়ছে। অভিভূত হুমায়ুন বলেন, কাতার থেকেও অনুদানের প্রতিশ্রুতি পেয়েছি। এতটা ভাবিনি।

এদিন কিরণময় হুমায়ূনের কাজনৈতিক দল নিয়ে কোনও মন্তব্য করতে চাননি। তবে বিধানসভা নির্বাচনে জোট প্রসঙ্গে তিনি বলেন, ‘রাজ্যের শক্তিশালী দলের ওপর

জোট নির্ভর করে। এখানে সবচেয়ে শক্তিশালী তৃণমূল। তাই ওদের ওপরই সবটা নির্ভরশীল।’ হুমায়ূনের বক্তব্য, বিজেপি, তৃণমূলবিরোধী সব দলকে স্বাগত জানাচ্ছে। ওয়াইসির দল আমার সঙ্গে আছে। নৌদাদ

হুমায়ুন কবীর

সালের ৬ ডিসেম্বর বাবরি মসজিদ ভেঙে দেওয়া হয়। ৭ ডিসেম্বর সেখানকার পরিস্থিতি সামাল দিতে সেনাবাহিনীকে মাঠে নামানো হয়। সেখানে গিয়ে দেখি বাবরি মসজিদ ভেঙে গুড়িয়ে দেওয়া হয়েছে। ধ্বংসস্তুপ থেকে চাঁদ-তারা চিহ্নিত একটি ইট আমি ব্যাগে ভরে নিয়ে এসেছিলাম। গ্রামবাসীদের অনুরোধে ইটটি গ্রামের মসজিদে এতদিন রাখা ছিল। হুমায়ুন কবীরকে এটা দান করতে পারলে আমার পূণ্য হবে।’

তবে মসজিদ প্রতিষ্ঠা হওয়ার আগেই নিজের প্রাণনাশের আশঙ্কা করছেন হুমায়ুন। নীরাজপুর জন্ম আদালতের দায়িত্বে হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিন মুর্শিদাবাদ থেকে তৃণমূলকে শূন্য করে দেওয়ার প্রকাশ্যে চ্যালেঞ্জও নিয়েছেন তিনি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কটাক্ষ, ‘হুমায়ুন কবীরের ভাষা মহাদান আলি জিন্নাদের মতো। বাবর একজন লুটেরা ছিলেন। তাঁর নামে মসজিদের নামকরণ করায় আমাদের আপত্তি রয়েছে। এটা মৌলবাদীদের আশঙ্কান।’ এদিকে নাম বিভাটের জেরে বাবরি মসজিদ প্রসঙ্গে গত দু’দিনে একের পর এক ফোন করে আসায় রীতিমতো অস্বস্তিতে ভেববার বিধায়ক হুমায়ুন কবীরও। তিনি বলেন, ‘আমার কাছে দু’দিনে প্রায় ২০০টি ফোন এসেছে। ফোন ধরে জানিয়েছি, ওই হুমায়ূনের নম্বর জোগাড় করে যোগাযোগ করতে।’



শেঁজুর গাছে হাড়ি বাঁধা মন...

সোমবার নদিয়ায়। - পিটিআই

গীতা পাঠে অনুপস্থিতির জবাব মমতার

‘আমার আদর্শ আলাদা’

কলকাতা, ৮ ডিসেম্বর : ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আয়োজিত ‘পাঁচ লক্ষ কণ্ঠে গীতাপাঠ’ কর্মসূচিতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপস্থিতি নিয়ে সমালোচনার সর্বব বিজেপি। আয়োজকদের তরফে আমন্ত্রণ থাকা সত্ত্বেও কেন তিনি মঞ্চে উপস্থিত হননি, তা নিয়ে কটাক্ষ করতে ছাড়েননি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিধায়ক অগ্নিমিত্রা পল, লকেট চট্টোপাধ্যায়, কার্তিক মহারাজ সহ অন্যান্য বিজেপি নেতৃবৃ। তার জবাবে মুখ্যমন্ত্রী সোমবার স্পষ্ট বলে দিলেন, ‘বিজেপির অনুষ্ঠানে আমি যাব কী করে? এটা যদি নিরপেক্ষ অনুষ্ঠান হত, আমি নিশ্চয়ই যেতাম। আমি একটা দল করি। আমার একটা আদর্শ রয়েছে। আমি সব ধর্মকে সম্মান করি।

মমতা বন্দ্যোপাধ্যায়

একইসঙ্গে এদিন ভাইরাল হওয়া একটি ভিডিওতে (সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ) দেখা গিয়েছে, গীতাপাঠে অনুষ্ঠানের মাঝে আমিয় খাবার বিক্রির অপরাধে এক তরফে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে ব্যাপক মারধর ও কান ধরে গুঠবসা করানো হচ্ছে। তাঁর টিনের বাক্স থেকে সরাসরি খাবারও ফেলে দেওয়া হচ্ছে। তৃণমূল মুখপাত্র কল্লোল খোষের প্রতিজ্ঞা, ‘আমিয় খাবার যাঁরা খান না, তাঁরা কিনবেন হিন্দু।’

না। কিন্তু বিক্রেতাকে মারধর করবেন কেন? বিক্রেতারা জাতি, ধর্ম দেখে বিক্রি করেন না। ব্রিগেডের অনুষ্ঠানে দেহলাপ, অনেকে চামড়ার জুতো পরে গীতা হাতে ছবি তুলছেন, তাঁদের কেন কান ধরে গুঠবসা করানো হল না?’

এদিন গীতাপাঠের মঞ্চকে ‘বাঙালিয়ানার অপমান’ বলে দাগিয়ে দিয়ে মুখ্যমন্ত্রী ফের বাংলার মনীষীদের ধারাবাহিক অবমাননার তুলনায় বিজেপির বিরুদ্ধে। তিনি বলেন, ‘যাঁরা বলছেন নেতাজিকে ঘৃণা করি, গান্ধিজিকে মানি না, আমি তাঁদের সঙ্গে একমঞ্চে বসতে পারব না। আমার বাবা-মা আমাকে এই শিক্ষা দেননি। বাংলার মাটি এই শিক্ষা দেয় না। যাঁরা বাংলাবিরোধী, বাংলাকে অপমান করে তাঁদের সঙ্গে আমি নেই।’

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি হুগলি, শিল্পকরো যোগদানের এই কর্মসূচি জানায়। এরপরেই বিজেপির তরফেই একাধিক নেতা ভক্তুর, শিক্ষকরাও যোগদানের রাজন্যা হালদার ও প্রান্তিক চক্রবর্তীর বিজেপিতে যোগদানের খবর ছড়িয়ে দেন। শোনা যায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে রাজন্যা ও প্রান্তিক সোমবার যোগ দিতে চলেছেন বিজেপিতে। কিন্তু দিনের শেষে সেই যোগদান ভেঙে গেল।

সোমবার সমাজমাধ্যমে নিজেই পোস্ট করেছিলেন রাজন্যা। বিবেকানন্দের ছবিতে মালা দেওয়ার ছবি পোস্ট করে নীচে লিখেছিলেন, ‘আমার বাংলা রক্তাঙ্ক হয়ে উঠেছে। গণতন্ত্রে ধার চাই। আর ক্যাপশনের নীচে লিখেছিলেন, লেটস চেজ।

জল্পনার সূত্রপাত রাজন্যের এই পোস্ট থেকে। এরপরেই রটে যায় রাজন্যা বিজেপিতে যোগ দিতে চলেছেন।

একদা এক্ষেত্রে জুলাইয়ের মধ্যে নবগণতা রাজন্যের ভাষণ মুখ করেছিল তৃণমূলের অনেক প্রথম সারির নেতারা। রাজন্যকে দলের ভবিষ্যৎ প্রজন্মের মুখ হিসেবে তুলে ধরে সেই স্বপ্ন দেখার মধ্যেই আর্জি করের ঘটনার প্রেক্ষাপটে তৈরি শর্ট ফিল্মে রাজন্যা-প্রান্তিকের প্রতিবাদী চরিত্রে অভিনয় সাসপেন্সের দিকে ঠেলে দিয়েছিল তাঁদের। ছাত্র পরিষদের সহ সভাপতি পদ থেকে সাসপেন্ড হওয়ার পর একবছরের বেশি সময় ধরে রাজন্যা-প্রান্তিকরা

পাড়ায় বৈঠক, পুরোনো পন্থায় ফিরছে সিপিএম

রিমি শীল

কলকাতা, ৮ ডিসেম্বর : জনবিচ্ছিন্নতা কাটাতে পুরোনো পন্থা ফিরিয়ে আনছে আলিমদীন সিটি। রাজ্যে ক্ষমতাসীন থাকাকালীন তাদের অন্যতম জনপ্রিয় কর্মসূচি ছিল ‘পাড়া বৈঠক’। জনসংযোগ বাড়াতে ফের এই কর্মসূচি ফিরিয়ে আনছে সিপিএম। থাকছেন শীর্ষ নেতারাও। মূলত যে এলাকাগুলিতে সংগঠনের পরিস্থিতি এখনও আশংক্য, সেখানে কর্মসূচি শুরু হয়েছে। একে একে বিধানসভাভিত্তিক এলাকাগুলি ধরে ‘পাড়া বৈঠক’ সারবে বামেরা।

ইতিমধ্যেই মুর্শিদাবাদে কর্মসূচি শুরু করেছে তারা। এদিন রানিগঞ্জ, নরিনারপুর, নরসিংপুরের মতো একাধিক বিধানসভা এলাকায় এই বৈঠক করেছেন তারা। তাতে রয়েছেন সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ শীর্ষ নেতৃবৃ। ২০২৪-এর লোকসভা নির্বাচনে মুর্শিদাবাদ কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন সেলিম। রানিগঞ্জ বিধানসভায় এগিয়েও ছিলেন তিনি। গোটা রাজ্যের মধ্যে

লোকসভা ভোটের নিরিখে ওই একটি আসনে এগিয়ে ছিল বামেরা। ফলে মুর্শিদাবাদ থেকেই শুরু হয়েছে কর্মসূচি। তবে রাজভূজুই এই বৈঠক করবে তারা, সেই পরিকল্পনাই নেওয়া হয়েছে।

মূলত স্থানীয় সমস্যাগুলি তাঁরা শুনবেন। কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন ইস্যুর বিরোধিতা করে বিক্ষুব্ধ অবস্থান ব্যাখ্যা করবেন তাঁরা। রাজনৈতিক মহলের মতে, সিপিএমের অন্দরে এই প্রশ্ন রয়েছে যে দলীয় নেতারা মাঠে-ময়দানে না নেমে জগৎগোলের থেকে বিচ্ছিন্ন হচ্ছেন। এই পরিস্থিতিতে নির্বাচনের আগে তাই পুরোনো কর্মসূচিকে নতুন করে ফিরিয়ে এনে নিজদের পায়ের তালার মাটি মেপে নিতে চাইছেন তাঁরা। যদিও শব্দে এলাকায় সংগঠনের উপর ভিত্তি করে কতটা তাঁরা এই কাজ করতে পারবেন তা নিয়ে সশঙ্ক্য রয়েছে। সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, ‘পাড়ায় পাড়ায় বৈঠক ইতিমধ্যেই আমরা শুরু করে দিয়েছি। শুধুমাত্র মীনার্কী বা আমি থাকলেই তা হবে না। জেলা নেতৃবৃ, স্থানীয় নেতৃবৃও সেই কর্মসূচি করছেন।’

ভেঙে গেল পদ্মের যোগদান কর্মসূচি

কলকাতা, ৮ ডিসেম্বর : সকালে যোগদান নিয়ে জোর খবর। বিকালে শুভেন্দু অধিকারীর ভোটের আগে দলে যোগদান পর্বের শুরুতেই বিপত্তি। যা নিয়ে জল্পনা দলের অন্তরে। সোমবার সকালে বিজেপির মিডিয়া গ্রুপ বিকাল ৪টায় যোগদানের এই কর্মসূচি জানায়। এরপরেই বিজেপির তরফেই একাধিক নেতা ভক্তুর, শিক্ষকরাও যোগদানের রাজন্যা হালদার ও প্রান্তিক চক্রবর্তীর বিজেপিতে যোগদানের খবর ছড়িয়ে দেন। শোনা যায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে রাজন্যা ও প্রান্তিক সোমবার যোগ দিতে চলেছেন বিজেপিতে। কিন্তু দিনের শেষে সেই যোগদান ভেঙে গেল।

সোমবার সমাজমাধ্যমে নিজেই পোস্ট করেছিলেন রাজন্যা। বিবেকানন্দের ছবিতে মালা দেওয়ার ছবি পোস্ট করে নীচে লিখেছিলেন, ‘আমার বাংলা রক্তাঙ্ক হয়ে উঠেছে। গণতন্ত্রে ধার চাই। আর ক্যাপশনের নীচে লিখেছিলেন, লেটস চেজ।

জল্পনার সূত্রপাত রাজন্যের এই পোস্ট থেকে। এরপরেই রটে যায় রাজন্যা বিজেপিতে যোগ দিতে চলেছেন।

একদা এক্ষেত্রে জুলাইয়ের মধ্যে নবগণতা রাজন্যের ভাষণ মুখ করেছিল তৃণমূলের অনেক প্রথম সারির নেতারা। রাজন্যকে দলের ভবিষ্যৎ প্রজন্মের মুখ হিসেবে তুলে ধরে সেই স্বপ্ন দেখার মধ্যেই আর্জি করের ঘটনার প্রেক্ষাপটে তৈরি শর্ট ফিল্মে রাজন্যা-প্রান্তিকের প্রতিবাদী চরিত্রে অভিনয় সাসপেন্সের দিকে ঠেলে দিয়েছিল তাঁদের। ছাত্র পরিষদের সহ সভাপতি পদ থেকে সাসপেন্ড হওয়ার পর একবছরের বেশি সময় ধরে রাজন্যা-প্রান্তিকরা

আদালতে ডিএনএড প্রশিক্ষণরতরা

কলকাতা, ৮ ডিসেম্বর : নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে ব্যারিকেট তৈরি করছে প্রাথমিক শিক্ষা পর্ষদ, এই অভিযোগে কলকাতা হাইকোর্টের দায়িত্ব হলেন ২০২৩-২৫ শিক্ষা বর্ষের ডিএনএড প্রশিক্ষণরত প্রার্থীরা। প্রাথমিকের চলতি নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে চেয়ে আদালতে আবেদন জানিয়েছেন তারা। বিচারপতি বিভাস পট্টনায়কের তরফে মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রাখা হয়েছে।

মঙ্গলবার এই প্রার্থীরা আদৌ নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন কি না, তা নির্ধারণ হবে।

আবেদনকারীদের অভিযোগ, আগস্ট মাসের ১২ তারিখ থেকে ডিএনএড পাঠ ২-এর থিওরিটিক্যাল পরীক্ষা শুরু হয়, ১৪ তারিখ শেষ হয়। এনসিটির অনুমোদনপ্রাপ্ত ডিএনএড কলেজগুলি শিক্ষার্থী জুন মাসে শেষ হওয়ার কথা। অথচ তা করা সম্ভব হয়নি। ফলে চূড়ান্ত ফলাফলও এখনও প্রকাশিত হয়নি। এই প্রেক্ষিতে রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে সহকারী শিক্ষক পদে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেছে ২৫ সেপ্টেম্বর। আবেদনের শেষ তারিখ ৯ ডিসেম্বর। এই পরিস্থিতিতে আবেদনও করতে পারছে না তাঁরা। মামলাকারীদের আইনজীবী ফিরদৌস শামিম বলেন, ‘ নিয়োগে অংশ নেওয়ার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা বিচার্য। কিন্তু এই শিক্ষাবর্ষে এখনও ফলাফল প্রকাশিত হয়নি। তার দায় প্রাথমিক কেন নেবে? এতে ভারতীয় সংবিধানের অনুচ্ছেদ ১৪, ১৬, ২১, ২১এ লঙ্ঘিত হয়েছে।’ যদিও প্রাথমিক শিক্ষা পর্ষদের দাবি, রুল অনুযায়ী তাঁরা অংশ নিতে পারেন না। সব পক্ষেই সংয়াল-জবাব শেষে রায়দান স্থগিত রেখেছেন বিচারপতি।

৫ লক্ষের বেশি ওয়াকফ সম্পত্তি নথিভুক্ত

নয়াদিল্লি ও কলকাতা, ৮ ডিসেম্বর : দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা ওয়াকফ সম্পত্তি নথিভুক্তিকরণের জন্য ৬ মাস সময় দিয়েছিল কেন্দ্র। ৬ ডিসেম্বর সেই সময়সীমা শেষ হয়েছে। সোমবার প্রকাশিত সংখ্যালঘু বিষয়ক মন্ত্রকের তথ্য বলছে, ওয়াকফ সম্পত্তি নথিভুক্তির জন্য তৈরি ‘উম্মেদ’ (ইউনিফায়েড ওয়াকফ ম্যানেজমেন্ট, এমপাওয়ারমেন্ট, এফিসিয়েন্সি অ্যান্ড ডেভেলপমেন্ট) পোর্টালে নিবন্ধন প্রক্রিয়ার প্রথম পথায় সম্পন্ন হয়েছে। ৬ মাসে মোট ৫,১৭,০৪০টি ওয়াকফ সম্পত্তির তথ্য পোর্টালে আপলোড করা হয়েছে। যার মধ্যে ২,১৬,৯০৫টি সম্পত্তি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত হয়েছে। উম্মেদ পোর্টালে এই বিশাল সংখ্যক সম্পত্তি নথিভুক্ত করার উদ্দেশ্য হল, ওয়াকফ সম্পত্তিকে কেন্দ্র করে চলা দুর্নীতি রোধ এবং এই সম্পদগুলিকে উন্নয়নমূলক কাজে লাগানো।

কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু ও জুন উম্মেদ পোর্টালটি চালু করেছিলেন। ৬ ডিসেম্বর রাত ১২টায় এটি বন্ধ হয়ে যায়। মন্ত্রক জানিয়েছে, সময়সীমা শেষ হওয়ার আগের কয়েকদিনে নিবন্ধনের গতি উল্লেখযোগ্যভাবে বেড়ে গিয়েছিল।

বর্তমানে ২,১৩,৯৪১টি সম্পত্তি অনুমোদনের অপেক্ষায় রয়েছে এবং যাচাইকরণের সময় ১০,৮৬৯টি সম্পত্তি বাতিল করা হয়েছে। মন্ত্রী জানিয়েছেন, সময়সীমা বাড়ানো সম্ভব না হলেও, পরবর্তী তিন মাসের জন্য কোনও জরিমানা বা কঠোর ব্যবস্থা নেওয়া হবে না।

পোর্টালে সবচেয়ে বেশি ওয়াকফ সম্পত্তির নিবন্ধন হয়েছে উত্তরপ্রদেশ

**পশ্চিমবঙ্গের
৩২,৩৪২টি সম্পত্তি
নথিভুক্ত**

থেকে। ৯২,৮৩০টি। এরপর রয়েছে মহারাষ্ট্র (৬২,৯৩৯টি) এবং কণাটক (৫৮,৩২৮টি)। পশ্চিমবঙ্গের ৩২,৩৪২টি সম্পত্তি কেন্দ্রীয় পোর্টালে নথিভুক্ত হয়েছে। যদিও সম্পত্তি সংখ্যার নিরিখে পশ্চিমবঙ্গ দেশে দ্বিতীয় (উত্তরপ্রদেশের পরেই), যেখানে ৮০,৪০০-র বেশি সম্পত্তি রয়েছে। কেন্দ্রীয় পোর্টালে সেইসব সম্পত্তি নথিভুক্তির গতি অত্যন্ত স্লথ।

নবাব সূত্রে জানা গিয়েছে, রাজ্যে ৮ হাজার ওয়াকফ এস্টেট মোট ৮২



নজরে বাংলা

- রাজ্যে সবচেয়ে বেশি ওয়াকফ সম্পত্তি রয়েছে হুগলিতে। জেলায় ৮৪৫টি এস্টেটে ১০,৪৯৫টি সম্পত্তি
- সবচেয়ে কম ওয়াকফ এস্টেট রয়েছে কালিম্পাংয়ে। ১টি
- উত্তর দিনাজপুরের ৬২টি ওয়াকফ এস্টেটে ৮৩৬টি সম্পত্তি রয়েছে। তার ২২২টি পোর্টালে আপলোড হয়েছে
- দার্জিলিং-এর ১২টি ওয়াকফ এস্টেটে ৯৩টি সম্পত্তি রয়েছে। ২৩টি আপলোড হয়েছে
- জলপাইগুড়িতে ৯০টি ওয়াকফ এস্টেট রয়েছে। ১,৫৭৭টি সম্পত্তির মধ্যে আপলোড হয়েছে ৩৪৪টি
- কোচবিহারের ১৪টি এস্টেটের ২,১০০টি সম্পত্তির ৪১২টি পোর্টালে তোলা গিয়েছে
- দক্ষিণ দিনাজপুরে ১৭০টি ওয়াকফ এস্টেটের ২,৬৩৭টি সম্পত্তির মধ্যে ৫৭৭টির তথ্য আপলোড হয়েছে

মধ্যপ্রদেশের ২

জেলা মাওমুক্ত

ভোপাল, ৮ ডিসেম্বর : মধ্যপ্রদেশের ডিভোঁরি ও মাউলা জেলা মাওবাদী কার্যকলাপ থেকে পুরোপুরি মুক্ত। একথা ঘোষণা করলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। মাওবাদী তৎপরতাকে নিকশ করার লক্ষ্যে রাজ্য সরকারের এটা বড় সাফল্য বলে ভুলে ধরেছেন তিনি। মুখ্যমন্ত্রীর মতে, নিরাপত্তা বাহিনী ও প্রশাসনের নিরলস প্রচেষ্টার ফলে এক অসম্ভব কাজ সম্ভব হয়েছে।

সোমবার ভোরে বালাঘাট জেলায় মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে মাওবাদী নেতা রামধের মার্জি সহ ১১ জন মাওবাদী আত্মসমর্পণ করেছেন। তাঁদের মাথার দাম ছিল ২ কোটি ৩০ লক্ষ টাকা। রামধের একটি একে-৪৭ রাইফেল পুলিশের হাতে ভুলে দেন। অন্য যারা চুরা দিয়েছেন, তাঁদের মধ্যে রয়েছেন ললিতা, জানকী, প্রেম। ইনসাস ও ৩০৩ রাইফেল সহ মহিলা মাওবাদীদের সংখ্যা ছিল ৬। মুখ্যমন্ত্রীর আশা, এবার সংশ্লিষ্ট অঞ্চলগুলি দ্রুত উন্নয়নের মূলধোঁতে ফিরবে। রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির ক্ষেত্রেও এটা হবে মাইলফলক। মোহন যাদব এও জানিয়েছেন, মধ্যপ্রদেশের মাটিতে আর মাওবাদীদের কোনও জায়গা থাকবে না।

৬০০ পয়েন্ট

পতন সেনসেক্সের

মুম্বই, ৮ ডিসেম্বর : সপ্তাহের প্রথম দিনেই ধাক্কা খেল ভারতীয় শেয়ার বাজার। সেনসেক্স ৬০৯.৬৮ পয়েন্ট নেমে থিতু হয়েছে ৮৫১০২.৬৯ পয়েন্টে। একইভাবে নিফটি ২২৫.৯ পয়েন্ট নেমে পৌঁছেছে ২৫৯৬৩.৫৫ পয়েন্টে। একসময় সেনসেক্স ও নিফটি নেমে গিয়েছিল যথাক্রমে ৮৪৮৭৫.৫৯ এবং ২৫৯৬৩.৫৫ পয়েন্টে। পরে অবশ্য পরিষ্কারির সামান্য উন্নতি হয়। সোমবার একদিনে লক্ষিকারীরা খুঁয়েছেন প্রায় ৭ লক্ষ কোটি টাকা।

বিশেষজ্ঞরা জানিয়েছেন, শেয়ার বাজারের পতনে মূল্য ভূমিকা নিয়েছে ভারতীয় মুদ্রা ‘টাকা’-র দামে পতন। মার্কিন ডলারের তুলনায় টাকার দাম কমে পৌঁছেছে ৯০ টাকা ১৫ পয়সা। যা সর্বকালীন রেকর্ড।

ফের কস্টোডিয়ায়

হানা থাইল্যান্ডের

ব্যাংকক, ৮ ডিসেম্বর : থাইল্যান্ড ও কস্টোডিয়ার মধ্যে সীমান্ত নিয়ে বিবাদ বহুদিনের। সেজন্য দু’দেশের মধ্যে লড়াইও হয়েছে। সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় সংঘর্ষবিরতি চুক্তি হলেও তা মাসখানেক টিকতে না টিকতে ফের অগ্নিকণ্ড থাইল্যান্ড ও কস্টোডিয়া।

সোমবার কস্টোডিয়া সীমান্তে থাইল্যান্ডের বিমান হামলার পর কস্টোডিয়ায় ব্যাপক গোলাবর্ষণে এক ধাই সেনার মৃত্যু হয়েছে। আহতের সংখ্যা বহু। এর ফলে উভয় দেশের মধ্যে সংঘর্ষবিরতি চুক্তি কার্যত ভেঙে গেছে।

কস্টোডিয়ায় প্রতিরক্ষামন্ত্রক বিবৃতি দিয়ে থাইল্যান্ডের বিমানহানা নিশ্চিত করেছে। নম পেন সরকারের দাবি, থাইসেনা গ্রেহ ভিহার প্রদেশের আন সেন অঞ্চলে তাদের বাহিনীর ওপর বিমান হামলা চালিয়েছে তার এটা ৪ মিনিটে। তারা পালটা আঘাত করেন। তারা সতর্কতাস সঙ্গে পরিষ্কৃতি পর্যবেক্ষণ করেছে। নম পেন সরকার শান্তি চুক্তিতে আসল। তাদের দাবি নন্যাং করে ব্যাংককের পালটা দাবি, কস্টোডিয়া তাদের সেনা লক্ষ্য করে গুলি চালিয়েছে।

কস্টোডিয়া ও থাইল্যান্ডের মধ্যে সংঘর্ষবিরতি চুক্তি হয়েছিল চলতি বছরের অক্টোবরে।



ব্যাগের সারি...

সোমবার নয়াদিল্লির ইন্দিরা গান্ধি আন্তর্জাতিক বিমানবন্দরে।

বিমান জটের মাঝে টাকা ফেরাবে ইন্ডিগো

নয়াদিল্লি, ৮ ডিসেম্বর : সপ্তাহে ঘুরতে চলল, ভবু ইন্ডিগোর বিমান পরিষেবার হাল ফিরল না। বেসরকারি বিমান সংস্থার ধারাবাহিক বিমান বাতিলের জেরে যাত্রী-দুর্ভোগে সপ্তম দিনেও অব্যাহত রইল। বিমান বিপর্যয়ের ঘটনায় গত মঙ্গলবার থেকে দেশের প্রধান বিমানবন্দরগুলিতে হাজার হাজার যাত্রী আটকে পড়েছেন। সোমবারেও দিল্লি এবং বেঙ্গালুরুতে পোশোঁর বেশি বিমান বাতিল হয়েছে, যার প্রভাব পড়েছে মুম্বই সহ অন্যান্য বড় শহরেও। এই বিষয়ে সুপ্রিম কোর্টে দেশের প্রধান বিমান পরিবহন মন্ত্রী লামমোহন নাইডু অবিলম্বে বিমান-বিত্তা বন্ধ না হলে ইন্ডিগোর বিরুদ্ধে কাড়া ব্যবস্থার ইশারি দিয়েছেন।

পরিস্থিতি বোকাঁক বুঝে মুখ খুলেছে ইন্ডিগো। সংঘাতী জানিয়েছে, ডিসেম্বর মাসের ৩ তারিখ থেকে ১৫ তারিখের মধ্যে যে সমস্ত বিমান বাতিল করা হয়েছে, সেই বিমানগুলির

টিকিটের জন্য যাত্রীদের কাছ থেকে নেওয়া পুরো টাকা ফেরত দেওয়া হবে।

সোমবার শীর্ষ আদালত জানিয়েছে, চলতি সমস্যা মোটেতে ইতিমধ্যে কেন্দ্রীয়

একনজরে
<div><ul style="list-style-type: none">■ সোমবারও পাঁচশোর বেশি বিমান বাতিল ইন্ডিগোর■ বিমাস সংস্থাকে শোকজ ডিঙ্গিসিএ-র■ বিমান পরিষেবায় আরও সেন্সরকারি সংস্থাকে আনার ইঙ্গিত মন্ত্রীর■ বাতিল বিমানের পুরো টাকা ৩-১৫ ডিসেম্বরের মধ্যে ফেরত■ ইন্ডিগোর শেয়ারের মূল্য ৮ শতাংশের বেশি কমেছে</div>

সরকার হস্তক্ষেপ করেছে বেশ কিছু গুরুত্বপূর্ণ ব্যবস্থার নিয়োগে। তাই এই মুহূর্তে জরুরি শুলারি প্রয়োজন নেই।

এদিকে, বিমান বাতিল এবং যাত্রী হয়রানির প্রেক্ষিতে ইন্ডিগোকে শো-ক মোটিশ জারি করেছে ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন (ডিজিসিএ)। গত সাতদিনে ইন্ডিগোর প্রায় ৪,৫০০ উড্ডান হয় বাতিল নয়তো দেরিতে চলতো। বিমান পরিষেবা বাতিল হওয়ার ঘটনায় সোমবার শেয়ার বাজারে ইন্ডিগোর শেয়ারের মূল্য ৮ শতাংশের বেশি কমেছে।

এদিন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু সংসদে জানান, ‘একগুলি ফ্লাইট বাতিল করার আগে সরকারের কাছে তাদের অপারেশনাল বা অন্য কোনও সমস্যার কথা জানানীয় ইন্ডিগো। এই নিয়ে তাদের অবশ্যই জবাবদিহি করতে হবে।’ মন্ত্রী আরও বলেন, দেশের বিমান চলাচল ব্যবস্থায় যাত্রীদের জন্য আরও বিকল্প থাকা প্রয়োজন, অর্থাৎ বাজারে আরও বেশি সংখ্যক বিমান সংস্থার আসা দরকার। তার কথায়, ‘বিমান শিল্পে প্রতিযোগিতা বাড়লে তা শেষপর্যন্ত যাত্রীদের সুবিধা দেবে এবং পরিষেবার মান উন্নত করবে।’

জইশ, লঙ্কর

জঙ্গিদের গোপন

বৈঠক

নয়াদিল্লি, ৮ ডিসেম্বর : জম্মু ও কাশ্মীরের পহলগামের বেসরগে পর্যটকদের ওপর জঙ্গি হামলার পর ভারতীয় সেনা পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরে অপারেশন সিঁদুর অভিযান চালায়। সেই অভিযানে ভারতীয় সেনাবাহিনীর পক্ষ থেকে জইশ জঙ্গি গোষ্ঠী ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছিল। কিন্তু সেই ঘটনার পর দিল্লি বিক্ষোভে জইশের যোগ পাওয়া গিয়েছে বলে তদন্তকারীরা জানিয়েছেন। এই পরিস্থিতিতেই পাক পাঞ্জাবের বাহাওয়ালপুরে জইশের সদর দপ্তরে জঙ্গিদের গোপন বৈঠকের ছবি একটি প্রথমসারির সংবাদমাধ্যম মারফত প্রকাশিত হল। সেখানে জইশ এবং লঙ্কর এই দুই জঙ্গি গোষ্ঠী শিখির করেছে। অনুমান করা হচ্ছে, ফের বড় কোনও পরিকল্পনা করছে তারা। ছবিতে দেখা গিয়েছে, লঙ্করের উপপ্রধান সাইফুল্লাহ কাসুরির সঙ্গে আলোচনা চালাচ্ছে জইশ কমান্ডাররা। ছবিটি সামনে আসতেই সতর্ক হয়েছি বিভিন্ন মহল। গোয়েন্দা সূত্রের বক্তব্য, ভারতকে নিশানা করে নয়। সন্ত্রাসী হানার ছক কষছে জইশ ও লঙ্কর জঙ্গিরা। ভারতীয় সেনার হামলায় জইশের ডেরা ধ্বংস হতেও পাক সেনা ও আইএসআই-এর মদতে জইশ তাদের ডেরা পুনরায় গড়ে তুলতে পেরেছে। বাহাওয়ালপুর ঘাঁটি থেকেই পুলওয়ামা হামলার ছক কষা হয়েছিল। জম্মু ও কাশ্মীরে অনুপ্রবেশের জন্য অর্থ সংগ্রহের চেষ্টাও চালাচ্ছে তারা।

এদিন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু সংসদে জানান, ‘একগুলি ফ্লাইট বাতিল করার আগে সরকারের কাছে তাদের অপারেশনাল বা অন্য কোনও সমস্যার কথা জানানীয় ইন্ডিগো। এই নিয়ে তাদের অবশ্যই জবাবদিহি করতে হবে।’ মন্ত্রী আরও বলেন, দেশের বিমান চলাচল ব্যবস্থায় যাত্রীদের জন্য আরও বিকল্প থাকা প্রয়োজন, অর্থাৎ বাজারে আরও বেশি সংখ্যক বিমান সংস্থার আসা দরকার। তার কথায়, ‘বিমান শিল্পে প্রতিযোগিতা বাড়লে তা শেষপর্যন্ত যাত্রীদের সুবিধা দেবে এবং পরিষেবার মান উন্নত করবে।’

সম্প্রতি ভাস্কর এক্সে লিখেছিলেন, ‘ঢালাও অভিযাসনের জেরে মার্কিনদের স্বপ্ন ভঙ্গ হচ্ছে। তাঁরা চাহিদা অনুযায়ী কাজকর্ম

হাজার সম্পত্তি রয়েছে। তার অর্ধেকের কম কেন্দ্রীয় পোর্টালে আপলোড করা হয়েছে। সবচেয়ে বেশি ওয়াকফ সম্পত্তি রয়েছে হুগলি জেলায়। সেখানে ৮৪৫টি এস্টেটে ১০,৪৯৫টি ওয়াকফ সম্পত্তি রয়েছে। সবচেয়ে কম ওয়াকফ এস্টেট রয়েছে কালিম্পাংয়ে। মাত্র ১টি। উত্তর দিনাজপুরের ৬২টি ওয়াকফ এস্টেটে ৮৩৬টি সম্পত্তি রয়েছে। তার মাত্র ২২২টি স্টেটাল পোর্টালে আপলোড হয়েছে। জলপাইগুড়িতে ৯০টি ওয়াকফ এস্টেট রয়েছে। ১,৫৭৭টি সম্পত্তির মধ্যে ৩৪৪টি, কোচবিহারের ১৪টি এস্টেটের ২,১০০টি সম্পত্তির মধ্যে ৪১২টি, দক্ষিণ দিনাজপুরে ১৭০টি এস্টেটের ২,৬৩৭টি সম্পত্তির মধ্যে ৫৭৭টির আপলোড হয়েছে। খবর, ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারকে সময় বাড়ানোর জন্য চিঠি দেওয়া হয়েছে। কেন্দ্র সেই সময়সীমা বরাদ্দ করলে বাকি সম্পত্তি সংগ্রহ তথ্য পোর্টালে তোলা হবে।

মুর্শিদাবাদ ও মালদায় বেশ কয়েকটি শতাব্দীপ্রাচীন ওয়াকফ সম্পত্তির দলিল, সীমানা নির্ধারণ এবং বিরোধ নিষ্পত্তি না হওয়ায় সময়মতো

কেন্দ্রীয় পোর্টালে তথ্য দেওয়া কঠিন হচ্ছে বলে জানা গিয়েছে। অনেক জেলায় আপলোডের সময়সীমা পার হওয়ার পরও বিশেষ কেন্দ্র চালু করে প্রযুক্তিগত সহায়তা দেওয়ার কাজ চলছে। এই প্রক্রিয়ায় গতি আনতে কেন্দ্র দেশজুড়ে প্রশিক্ষণ, ওয়াকশপ এবং একটি ডেভিকেটেড হেল্পলাইন স্থাপন করেছে।

ওয়াকফ সংশোধিত আইন নিয়ে সুপ্রিম কোর্টে মামলা হয়। শীর্ষ আদালত আইনটিকে অসাংবিধানিক না বললেও এর দুটি ধারা নিয়ে আপত্তি জানায়। প্রথমত, আইনে বলা হয়েছিল, কোনও সম্পত্তি ওয়াকফ কি না তা জেলা শাসক বা সম-পদমহাযাদির কোনও আধিকারিক ঠিক করতে পারেন।

আদালত মনে করে, এই কাজ জেলা শাসকের নয়, আদালতের কাজ। দ্বিতীয়ত, আইনে বলা হয়েছে, যিনি ওয়াকফে দান করবেন, তাকে অন্তত পাঁচ বছর ইসলাম ধর্ম পালনের প্রমাণ দিতে হবে। কিন্তু এটি কার্যকর করার কোনও নির্দিষ্ট নিয়ম সরকার বানায়নি। এই দুটি ধারা আপাতত স্থগিত রাখা হয়েছে। তা সত্ত্বেও উম্মেদ-এর মাধ্যমে ওয়াকফ সম্পত্তির ডিজিটাল নথিভুক্তিকরণ একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি বলে মনে করা হচ্ছে।

পশ্চিমবঙ্গ দিবস ঘোষণার দাবি

ভাবনায় বহু ক্ষেত্রেই বাংলা ছিল পশ্চিমবঙ্গ। তাঁর অভিব্যক্তি, সেই ঐতিহ্যবাহী বাংলাকেই আজ নানা ক্ষেত্রে অজ্ঞাতা করা হচ্ছে। এদিকে সংসদের শীতকালীন অধিবেশনের দ্বিতীয় সপ্তাহের শুরুতেও মনরোগী সহ বাংলার বকেয়ার দাবিতে দফায় দফায় সংসদের বিভিন্ন জায়গায় বিক্ষোভ দেখাতে থাকেন তৃণমূল সাংসদরা।

সপ্তাহের শেষে, পয়লা বৈশাখ কেবল একটি ক্যালেন্ডারের তারিখ নয়, এই দিনটির সঙ্গে বাঙালির জীবন, সংস্কৃতি, বাণিজ্যিক সম্পর্ক ও সামাজিক চেতনা আঙ্গিভাবে জড়িত। সেই দিনেই পালিত হয় নববর্ষ, হয় মঙ্গল শোভাযাত্রার মতো বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান, যার মধ্য দিয়ে বাঙালি জীবনের জয়গান গায়, অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বাতা ছড়িয়ে দেয়।

তিনি আরও স্মরণ করিয়ে দেন, ২০০৩ সালেই পশ্চিমবঙ্গ বিধানসভায় একটি রেজোলিউশন পাশ করা হয়েছিল, যেখানে পয়লা বৈশাখকেই পশ্চিমবঙ্গ দিবস হিসেবে চিহ্নিত করা হয়। অথচ এটি বছর পেরিয়েও সেই সিদ্ধান্তকে জাতিরা স্তরে মাম্যতা দেওয়া হয়নি, এই বিষয়ে তিনি আক্ষেপ প্রকাশ করেন।


স্বতন্ত্র বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বাংলা মানে শুধু একটি ভাষা নয়, ‘বাংলা মানে শুধু একটি ভাষা নয়, বাংলা মানে ইউরোপের বাইরের প্রথম নবজাগরণ। শিক্ষা, সংস্কৃতি, সমাজসংস্কার থেকে স্বাধীনচেতা ভাবনায় বহু ক্ষেত্রেই বাংলা ছিল পশ্চিমবঙ্গ।

স্বতন্ত্র বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বাংলা মানে শুধু একটি ভাষা নয়, বাংলা মানে ইউরোপের বাইরের প্রথম নবজাগরণ। শিক্ষা, সংস্কৃতি, সমাজসংস্কার থেকে স্বাধীনচেতা ভাবনায় বহু ক্ষেত্রেই বাংলা ছিল পশ্চিমবঙ্গ।

স্বতন্ত্র বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বাংলা মানে শুধু একটি ভাষা নয়, বাংলা মানে ইউরোপের বাইরের প্রথম নবজাগরণ। শিক্ষা, সংস্কৃতি, সমাজসংস্কার থেকে স্বাধীনচেতা ভাবনায় বহু ক্ষেত্রেই বাংলা ছিল পশ্চিমবঙ্গ।

স্বতন্ত্র বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বাংলা মানে শুধু একটি ভাষা নয়, বাংলা মানে ইউরোপের বাইরের প্রথম নবজাগরণ। শিক্ষা, সংস্কৃতি, সমাজসংস্কার থেকে স্বাধীনচেতা ভাবনায় বহু ক্ষেত্রেই বাংলা ছিল পশ্চিমবঙ্গ।

স্বতন্ত্র বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বাংলা মানে শুধু একটি ভাষা নয়, বাংলা মানে ইউরোপের বাইরের প্রথম নবজাগরণ। শিক্ষা, সংস্কৃতি, সমাজসংস্কার থেকে স্বাধীনচেতা ভাবনায় বহু ক্ষেত্রেই বাংলা ছিল পশ্চিমবঙ্গ।



ইতিহাস বিকৃতি

নিয়ে মোদি

সরকারকে

তোপ রুশদির

নয়াদিল্লি, ৮ ডিসেম্বর : ভারতের ইতিহাসকে নতুন আঙ্গিকে লেখার চেষ্টা এবং স্বাধীন মতপ্রকাশের ওপর চাপ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করলেন বিশিষ্ট লেখক সলমন রুশদি। রুমবার্গকে দেওয়া সাম্প্রতিক এক সাক্ষাৎকারে তিনি বলেন, ভারতে ক্রমবর্ধমান হিন্দু জাতীয়তাবাদ এবং মুসলমানদের ‘নেতিবাচক রূপে’ উপস্থাপন করার প্রবণতা তাকে চিন্তিত করছে।

রুশদি বলেন, ‘আমি এটা নিয়ে খুব চিন্তিত। ভারতে আমার অনেক বন্ধু আছে। সাংস্কৃতিক, লেখক, শিল্পী ও বিদ্বজ্জনদের স্বাধীনতার ওপর যে চাপ তৈরি হয়েছে, তাতে সবাই উদ্ভিরা। তার কারণ, দেশে ভিন্নমত ও মুক্ত চিন্তার পরিসর সংকুচিত হচ্ছে।’

‘হিন্দু ভালো, মুসলিম

খারাপ’ প্রমাণের চেষ্টা

ভারতের পরিচয়কে রাজনৈতিক উদ্দেশ্যে বদলে ফেলার প্রয়াসের কথাও উল্লেখ করেন বৃকারজয়ী লেখক। রুশদির ভাষায়, ‘দেশের ইতিহাসকে নতুন করে লেখার এক ইচ্ছা দেখা যাচ্ছে—মূলত বলতে চাওয়া হচ্ছে হিন্দুরা ভালো, আর মুসলিমরা খারাপ। যেটাকে সাহিত্যিক ভিএস নইপল বলেছিলেন ‘উন্ডেড সিভিলাইজেশন’। সেই প্রকল্প এখন বেশ শক্তিশালী হয়ে উঠেছে।’

রুশদির মতে, লেখকের দায়িত্ব হল সময়ের সত্যকে পড়া এবং তিনি বহু বছর ধরেই সেই সত্যকবাতা দিয়ে আসছেন। ১৯৮৮ সালে ‘ন্য স্যাটানিক অর্গেস’ প্রকাশের পর থেকেই রুশদির জীবন মৌলবাদী ছয়কির মুখে। ওই বছরেই রাজীব গান্ধির জন্মানয় রুশদির সেই উপন্যাস ভারতে নিষিদ্ধ হয়েছিল। দীর্ঘ ৩৭ বছর পর ২০২৪ সালের ৫ নভেম্বর দিল্লি হাইকোর্ট সেই নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেন।

২০২২ সালের অগাস্টে নিউ ইয়র্কে বক্তৃতা দেওয়ার ঠিক আগে রুশদি হামলাকার শিকার হন। পরে ২৫ বছরের কারাদণ্ড দেওয়া হয় হামলাকারী হাদি মাতারকে।

ভারতে সফরে

জেনেনস্কি!

নয়াদিল্লি, ৮ ডিসেম্বর : রাশিয়ার প্রেসিডেন্ট ব্লাদিমির পুতিনের পর এবার ভারতে আসছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভোলোদিমির জেলেনস্কি। খবর, ২০২৬-র জানুয়ারির গোড়োতেই ভারত সফরে আসতে পারেন ইউক্রেনের প্রেসিডেন্ট। তিনি বছর ধরে চলতে থাকা রাশিয়া-ইউক্রেন যুদ্ধে শান্তির পথ খুঁজতে প্রধানমন্ত্রী নরদ্রে মোদির সঙ্গে তার আলোচনা হতে পারে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ভারত বারবার শান্তির পক্ষে বাতা দিয়েছে। গত সপ্তাহে পুতিনের ভারত সফরের সময়ও একই কথা বলেছেন প্রধানমন্ত্রী নরদ্রে মোদি। রাশিয়া ও ইউক্রেন দু’দেশের সঙ্গেই ভারতের সুসম্পর্ক। ভারসাম্য রয়েছে। গত বছর অগাস্টে মোদি ইউক্রেনেও গিয়েছিলেন। তখন জেনেনস্কি ভারত সফরের আমন্ত্রণ জানান তিনি। তাতে জেনেনস্কি সাড়াও নেন। নানা কারণে এতদিন তা সম্ভব হয়নি।

নাইট লাইফ উপভোগই কাল হল যোশিদের

পানাজি, ৮ ডিসেম্বর : ভেঙে পড়েছে ছাদ। তবে কাঠামোর কয়েকটা স্তম্ভ এখনও দাঁড়িয়ে। তার মধ্যে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে কিছু আসবাবপত্রের কঙ্কাল। সর্বত্র আগুনের কালো ছোপ। শনিবার মারবারতে গোয়ার আরপোরার জনপ্রিয় বার্চ বাই রোমিও নৈনে নাইট ক্লাবে লাগা আগুনের তীব্রতা কতটা ছিল, সোমবারের খণ্ডিত্রগুলি যেন তার প্রমাণ দিচ্ছে। সরকারি হিসাব বলছে, অগ্নিকাণ্ডে অন্তত ২৫ জনের মৃত্যু হয়েছে, তাঁদের মধ্যে ২০ জন নাইট ক্লাবের কর্মী এবং ৫ পর্যটক। আহত ছয়জন। আর এই মমাস্তিক ট্রাজেডি গোয়ায় বেড়াতে আসা একটি

**মৃত একই
পরিবারের ৪ জন**

হাসিখুশি পরিবারকে সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে। প্রথমবার গোয়া বেড়াতে এসেছিলেন ৩ বোন অনীতা, কমলা ও সরোজ যোশি। তাঁদের সঙ্গে ছিলেন কমলার ভগ্নীপতি তদে আরেক বোন ভাবনার স্বামী বিনোদ কুমার।

শনিবার আগুন লাগার মাত্র ১৫ মিনিট আগে অভিশপ্ত নাইট ক্লাবে বেড়াতে গিয়েছিলেন তারা। পুলিশ সূত্রে খবর, অগ্নিকাণ্ড শুরু হওয়ার সময় দরজার কাছাকাছি ছিলেন বিনোদ ও তাঁর স্ত্রী ভাবনা। ফলে তাড়াতাড়ি ক্লাব থেকে বেরিয়ে এসেছিলেন তারা। কিন্তু




গোয়ার নাইট ক্লাবে অগ্নিকাণ্ডে মৃতের শেষকৃত্যে শামিল পরিবার। সোমবার নয়াদিল্লিতে।

ক্লাবটি। কাঠের আসবাবপত্র, বাঁশ ও বেতের সজ্জার কারণে আগুন মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়ে। ডিউগুতে দেখা যাচ্ছে, বেড়াওয়া আতশবাজি থেকে সুর্য্যাস্ত হওয়া আগুন প্রথমে ছাদজুড়ে দ্রুত ছড়াতো থাকে।

ক্লাবটিতে কোনও অগ্নিবাপক যন্ত্র বা আলার্ম ছিল না এবং সংর্কী প্রবেশপথের কারণে দমকলের গাড়ি ঘটনাস্থলে পৌঁছাতে পারেনি। বিরাট গৈরায় শ্বাসরুদ্ধ হয়েই অধিকাংশের মৃত্যু হয়েছে।

এদিকে ঘটনার পর থেকে ক্লাবের মালিক সৌরভ লুথরা ও গৌরব লুথরা পলাতক। পুলিশ তাঁদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। অগ্নিকাণ্ডের একদিন পর সৌরভ লুথরা ইনস্টাগ্রামে একটি বিবৃতি দিয়েছেন। তিনি বলেন, ‘নাইট ক্লাব কর্তৃপক্ষ এই ট্রাজেডিতে গভীরভাবে শোকাহত।’ ক্ষতিগ্রস্তদের সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন তিনি।

তার পোস্টের পরেই গোয়া পুলিশ নাইট ক্লাবের দুই মালিককে বিরুদ্ধে দেশ ছেড়ে পালানোর চেষ্টা ঠেকাতে লুকআউট নোটিশ জারি করেছে। তাঁদের প্রেপ্তারির জন্য দিল্লিতে বিশেষ দল পাঠিয়েছে। ক্লাব পরিচালনার সঙ্গে যুক্ত পাঁচজন কর্মীকে প্রেপ্তার করা হয়েছে। প্রধানমন্ত্রী নরদ্রে মোদি মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্য ঘোষণা করেছেন।



শোলের ফাইনাল কাট ট্রেলারে ক্ষুব্ধ জাভেদ




১২ ডিসেম্বর শোলে দ্য ফাইনাল কাট মুক্তি পাবে। গত ৫০ বছর ধরে শোলে-র যে সমাপ্তি দর্শক দেখে আসছে, তা প্রথমে ছিল না। সেই ‘আসল সমাপ্তি’ নিয়েই শোলে: দ্য ফাইনাল কাট নতুন করে আসছে। এই নতুন ভার্সনে আইকনিক শোলে-র অনেক সংলাপ বাদ দেওয়া হয়েছে, তা নিয়ে দর্শকরা তো বটেই সংলাপ লেখক সেলিম-জাভেদের জাভেদ ভীষণই ক্ষুব্ধ। কার অনুমতিতে এসব হয়েছে, জানা নেই—নিশ্চয় পরিচালক রমেশ সিঙ্গি এর মধ্যে নেই। পুরনো শোলে-তে একজায়গায় বাসন্তী বীরুকে বলছে, বড়ে নিশানটি লগতে হো? (তোমার নিশানা খুব ভালো, মনে হচ্ছে?) এর উত্তরে জয় বলছে, হ্যাঁ, জেমস বন্ড কা পোতা হায় ইয়ে। নতুন শোলে-তে এই সংলাপের বদলে দেওয়া হয়েছে, হ্যাঁ, তাতিয়া টোপিগে নাতি ও। জাভেদ বলেছেন, জেমস বন্ডের জায়গায় তাতিয়া টোপি? কার অনুমতিতে করেছে? রমেশ সিঙ্গি? তিনি নন শুনে জাভেদ বলেছেন, ‘এরকম বদল তো অন্য ডায়লগেও হতে পারে। ওরা আমার বা পরিচালকের সঙ্গে কথা না বলে এটা কী করে করল? ছবির সংলাপ এত হিট যে আজও শোলে-র ফ্যানেরা তা বলে। মিউজিক কোম্পানি পলিভোর (আজকের ইউনিভার্সাল মিউজিক) এই সংলাপের অ্যালবাম আলাদা করে বার করেছিল, তা গানের অ্যালবামের থেকে বেশি হিট হয়। এভাবে সংলাপ বাদ দেওয়া যায় না।


প্রয়াত কল্যাণ চট্টোপাধ্যায়

চলে গেলেন প্রবীণ অভিনেতা কল্যাণ চট্টোপাধ্যায়। রবিবার রাত ৮.৪০ মিনিটে ৮৩ বছর বয়সে বাঙ্গুর হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। গত কয়েক বছর ধরেই বার্ধক্যজনিত অসুখে ভুগছিলেন। ওই হাসপাতালেই তাঁর চিকিৎসা হচ্ছিল। পুণে ফিল্ম ইন্সটিটিউটের স্নাতক এই অভিনেতা ১৯৪২-এ জন্মেছিলেন মর্শিদাবাদে। ১৯৬৮ সালে তপন সিংহের আপনজন ছবি দিয়েই তাঁর অভিনয়ে পা। তারপর প্রতিদ্বন্দ্বী, ধনি মেয়ে, জন অরগ্যা, সাগিনা মাহাতো সহ বহু ছবিতে তাঁকে দেখা গিয়েছে। ধারাবাহিকেও কাজ করেছেন জমিয়ে। তাঁর বিখ্যাত ধারাবাহিক ‘এক আকাশের নীচে’। ধারাবাহিকে তাঁর সহকর্মী চেতি খোয়াল লিখেছেন, ‘এক আকাশের নীচে-র ‘কানাইদা’ চলে গেল। আলবিদা।’

হিন্দি ছবিতেও কাজ করেছেন কল্যাণ চট্টোপাধ্যায়। এর মধ্যে উল্লেখযোগ্য সূজয় ঘোষের ‘কহানি’। ছোট চরিত্র হলেও যথারীতি নজর কেড়েছেন। তবে আক্ষেপ ছিল, চিরকাল পার্শ্ব চরিত্রেই অভিনয় করে যাওয়ার কারণে। সোমবার কেওড়াতলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।



৩০ কোটির জালিয়াতিতে থ্রেপ্তার বিক্রম ভাট



৩০ কোটি টাকার আর্থিক জালিয়াতিতে পরিচালক বিক্রম ভাটকে থ্রেপ্তার করেছে উদয়পুর পুলিশ। তাঁর বিরুদ্ধে ইন্দিরা গ্রুপের ডা. অজয় মার্ডিয়া অভিযোগ করেছেন বিক্রম, তাঁর স্ত্রী শ্বেতাধরী, কন্যা এবং কো প্রোডাক্টসের এবং এই প্রোজেক্টের অন্য কয়েকজন মধ্যস্থতাকারী তাঁকে বিভিন্ন ফিল্ম প্রোজেক্টে ৩০ কোটি টাকার লগ্নী করতে বলেছিলেন। তার মধ্যে অজয়ের প্রয়াত স্ত্রী-র ব্যয়পত্রিকও আছে। এই বিনিয়োগের উত্তরে তিনি প্রায় ২০০ কোটি ফেরত পাবেন, এমন কথাও বলা হয়েছিল। কিন্তু কিছু প্রোজেক্ট মার্যপথে বন্ধ হয়ে গিয়েছে, কয়েকটি মুক্তি পেয়েছে কিন্তু ফ্রেডিতে তাঁর নাম দেওয়া হয়নি। বিক্রম সব অভিযোগ খারিজ করে আগেই মিডিয়াকে বলেছেন, প্রোজেক্ট বন্ধ হয়েছে কারণ অজয় টাকা দেওয়া বন্ধ করছেন। উনি যা বলছেন সবই মিথ্যা ও বিভ্রান্তিকর এবং এর স্বপক্ষে তাঁর কাছে প্রমাণও আছে। এখন মুম্বাই ও রাজস্থান পুলিশ ব্যাংক অ্যাকাউন্ট তদন্ত করে দেখছে। এরপরই ঠিক হবে আরও থ্রেপ্তার করা হবে কিনা।

রক্ষিনী ভবন, পরতে পরতে রহস্য

মনস্তাত্ত্বিক থ্রিলার ‘রক্ষিনী ভবন’। জি ফাইভের নতুন ওয়েব সিরিজ। টানটান উত্তেজনা এবং পরতে পরতে রহস্য নিয়ে তৈরি ‘রক্ষিনী ভবন’। এক রহস্যময় বিশাল বাড়িকে কেন্দ্র করে তৈরি এই সিরিজ। প্রথম বলকেই দেখা যায়, এক প্রত্যন্ত গ্রামের ছবি। সদ্য বিবাহিতা নববধুর প্রবেশের সঙ্গে সঙ্গেই মৃত্যুর কোলে ঢলে পড়েন এক শ্রৌচ। নতুন বউয়ের আগমনেই কি লুকিয়ে রয়েছে রহস্য? নাকি কোনও দেবীর অভিশাপের কারণে ঘটতে থাকবে একের পর এক মৃত্যু? ওয়েব সিরিজটি কবে থেকে শুরু, তা অবশ্য জানা যায়নি। তবে বহুদিন বাদে এই সিরিজে পদ্মাবতী চরিত্রে দেখা যাবে অভিনেত্রী বিদীপ্তা চক্রবর্তীকে।



ফিরছে থ্রি ইডিয়টস



থ্রি ইডিয়টস আবার ফিরে আসছে। আমির খান, মাধবন, শরমন যোশী এবং করিনা কাপুর। পরিচালনায় রাজকুমার হিরানি।

কী ভাবছেন? স্বপ্ন দেখছেন? বা এটা ভুল খবর? একদম না। এটাই ভীষণ ঠিক খবর। বিধু বিনোদ চোপড়া, রাজু হিরানি আর আমির খান মিলে এই স্বপ্নের প্রোডাকশনকে বাস্তবে নিয়ে আসছেন। এমনিতেই থ্রি ইডিয়টস-এর সিকুয়েল করার ইচ্ছে রাজুর অনেকদিনের। কিন্তু চিত্রনাট্য চূড়ান্ত হয়নি বলে কাজটা এতদিন শুরু হয়নি। বরং মাঝখানে আমির আর রাজু মিলে দাদাসাহেব ফালকের ব্যায়োপিকের

চেষ্টা করছিলেন। তবে সেই চিত্রনাট্যও তাঁদের মনে ধরেনি। ফলে সে ছবিও বন্ধ।

ইতিমধ্যে এই ছবির চিত্রনাট্য চূড়ান্ত হয়ে গিয়েছে। এবার হইহই করে শুটিংয়ের তারিখও দেখা চলছে। ২০২৬-এর মাঝামাঝি হয়তো শুরু হবে এই ছবির কাজ।

গল্পের গতিও সেই অনুযায়ী হবে। পনেরো বছর পরে রযাঞ্চো, ফারহান, রাজু আর পিয়াদের দেখা হয়েছে। কোনও একটা নির্দিষ্ট কাজ করার জন্যে আবার একসঙ্গে হয়েছেন তারা। এভাবেই শুরু হবে গল্প।

এখন দেখা যাক, পুরনো সেই ম্যাজিকটা সত্যিই কাজ করে কিনা।

সুপারহিরো হচ্ছেন আমির?

সুপারহিরো হয়ে আমির আসতেই পারেন। যে কোনও মুহূর্তে। কারণ এখনও সেই প্রোজেক্ট তাকে উঠে যায়নি। যদিও লোকজন সরাসরি বলছেন যে, এই প্রোজেক্ট আর হবে না। কিন্তু আমির খান বসে আছেন পরিচালক লোকেশ কানাগারাজের জন্যে।

রজনীকান্তকে নিয়ে ‘কুলি’ করেছিলেন লোকেশ। সেই ছবিতে ক্যামিও করেছিলেন আমির। কিন্তু ছবিটা চলেনি। শোনা যায়, তারপর নাকি আমিরের সঙ্গে তাঁর পরের ছবির প্ল্যানও বাতিল হয়ে গিয়েছিল। কিন্তু সেই রটনাকে বুড়ো আঙুল দেখিয়ে আমির খান ঘোষণা করেছেন, লোকেশের সঙ্গে খুব শীঘ্রই দেখা করার কথা আছে তাঁর। তামিল পরিচালক মুম্বইয়ে এলেই দেখা হবে। আর তারপর যদি চিত্রনাট্য পছন্দ হয়ে যায়, তাহলে লোকেশের পরিচালনায় সুপারহিরো হবেন আমির।

তবে হ্যাঁ, সবার আগে চিত্রনাট্য তো পছন্দ হতে হবে। সেটা পছন্দ হয় না বলেই বছরে একটা ছবিও করে উঠতে পারেন না আমির খান। যদি লোকেশের সঙ্গে এই ছবিটা হয়, তাহলে ২০২৬ সালেই এই ছবির মুক্তি পাওয়ার কথা।



তাঁর জন্মদিনে ওঁরা মুহ্যমান

সোমবার ছিল ধর্মেন্দ্রর জন্মদিন। তিনি সশরীরে নেই, তবে তাঁর জন্য ভালোবাসায় মুহূর্তগুলো মুড়ে দিচ্ছেন ওঁরা। তাঁর দুই পরিবারের সদস্য, তাঁর হেমা, এষা, তাঁর সানি, ববিতা। যজ্ঞগার স্নোতকে ছড়িয়ে দিয়েছেন বাইরের পৃথিবীতে যখন ধরম পাজির অজস্র অনুরাগী আজ ওঁদের মতোই তাঁকে জন্মদিনে শুভেচ্ছা জানাচ্ছেন। হেমা পোস্ট করেছেন, ‘ধরমজি হ্যাপি বার্থডে। মাই ডিয়ার হাট, দু সপ্তাহ হয়ে গেল আমার বুক ভেঙে দিয়ে চলে গিয়েছে। ওই টুকরোগুলো জুড়ে ডুড়ে চোঁটা করছি জীবনকে আবার গড়ে নিতে। জানি, আমার শক্তির সঙ্গে তুমি সব সময় মিশে থাকবে। একসঙ্গে যে আনন্দের মুহূর্তগুলো কাটিয়েছি, তা কোনওদিন মুছে যাবে না। জন্মদিনে ঈশ্বরের কাছে প্রার্থনা করি তুমি ভালোবাসা আর শান্তিতে ভরে ওঠো, তুমিই যে তার সবথেকে বড় দাবিদার।’

এর সঙ্গে তিনি নিজের, এষা, অহন্যার সঙ্গে ধর্মেন্দ্রর পারিবারিক ছবি পোস্ট করেন। সানি দেওল পোস্ট করেছেন, ‘আজ মেরে পাপা কা জন্মদিন হ্যায়। পাপা হামেশা মেরে সাথ হ্যায়, মেরে অন্দর হ্যায়। লাভ ইউ পাপা, মিস ইউ।’

সলমন খান এদিন ধরমজিকে স্মরণ করে একটি ভিডিও পোস্ট করেছেন। ধরম পাজি বিগ বসের একটি শো-তে উপস্থিত ছিলেন। সলমন তাঁকে স্বাগত জানান, তাঁর কপালে চূষন করেন। পাজি তাঁকে নিজের সন্তান বলেই আখ্যা দেন। দিনটিকে



মনে করে সলমন নিজেকে সামলাতে পারেননি। তখন তাঁর চোখে জল। তিনি বলেন, ‘আমরা আমাদের হি-ম্যানকে হারালাম। আশ্চর্য একটা মানুষ। কেউ তাঁর মতো হবে বলে আমার মনে হয় না। রাজার মতো বেঁচেছেন, ৫০ বছর ধরে এন্টারটেন করেছেন। আমাদের দিয়েছেন সানি, ববি, এষাকে। কতরকমের চরিত্র করেছেন। আমি ওঁকে সব সময় ফলো করেছি। একটা সরল মুখ তাঁর সঙ্গে হি-ম্যানের বডি—এই ছিলেন ধরমজি। এক অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী ছিলেন এবং সারা জীবন তাইই ছিলেন।’



এষা দেওল লিখেছেন, ‘আমাদের চুক্তি, আমাদের সবথেকে শক্তিশালী বন্ডিং পাপা। আমরা সব সময় একসঙ্গে আছি, পাপা। এখানে অথবা স্বর্গে, আমি অনেক কষ্ট বুকে নিয়ে তোমাকে মিস করছি পাপা। তোমাকে কথা দিচ্ছি তোমার লিগ্যাসি এগিয়ে নিয়ে যাব। তোমার এষা, তোমার বিটু। দুই নাতনি রাখা ও মিরয়া লিখেছে, লাভ ইউ নানু।

একনজরে সেরা

জয়া বচন ২.০

বিমানবন্দরে রেখাকে দেখতে পেয়ে এক অনুরাগিনী তাঁর সঙ্গে সেলফি তুলতে গেলে রেখা তাঁকে সরিয়ে দিয়ে চলা যান। পরে পাপারাংসিদের দায়সারা ছবি দিয়ে গাড়িতে উঠে পড়েন। এই ঘটনায় নেটমহল তাঁর সঙ্গে জয়া বচনের তুলনা করে উল্লিখিত নাম দিয়েছে। পাপারাংসিদের সঙ্গে রোজ ঝগড়া করেন জয়া বচন এই ছবি তোলা নিয়েই।

জয়ী গৌরব

বিগ বস ১৯-এর বিজয়ী বলেন গৌরব খান্না। পেলেন ট্রফি ও ৫০ লক্ষ টাকা নগদ। ফারহানা ভাট হয়েছেন প্রথম রানার আপ। জয়ের পর গৌরব স্ত্রী আকল্যা চামোল ও বন্ধু মৃদুল তিওয়ারির সঙ্গে তাঁর ছবি পোস্ট করে লিখেছেন, তোমরা পাশে না থাকলে আমি জিততে পারতাম না।

ননদ-বৌদি

ভাই বিক্রম জেটলির দুবাইয়ে আটকে থাকা নিয়ে সেলিনা জেটলির পদক্ষেপ করা এবার তাঁর বৌদি চারুল জেটলির রায়ে পড়ল। তিনি বলেছেন, এ বিষয়ে আগে সেলিনাকে জানিয়েও কেনও ফল না-হওয়ায় তিনি নিজেই এই বিষয়ে খোঁজ করেছেন। সেখানে বিক্রমের কেস-এর তদন্ত হচ্ছে।

অহানের মুকুট

হারল-ডেভিডসন-এর নতুন মৌচর সাইকেল ব্র্যান্ডের মুখ হলেন অহান পাণ্ডে। সাইয়ারা হিট হওয়ার পর থেকে তাঁর জনপ্রিয়তা আকাশছোঁয়া। তিনি জেন জেড-এর প্রতিভা। তাই তাঁকেই নিবাচন করা হল। আগামী জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে বেশ কয়েকটি ব্র্যান্ডের মুখ হবেন তিনি।

সলমন সাক্ষাতেই

ভোজপুরী তারকা ও রাজনীতিবিদ পবন সলমন খানের সঙ্গে সাক্ষাৎ করার পরেই হুমকি-ফোন পাচ্ছেন। তাঁর কাছ থেকে টাকা চাওয়া হয়েছে, নিজেদের বিক্ষোভ গ্যাংয়ের লোক বলে পরিচয় দিয়ে হুমকি দিয়েছে সলমনের সঙ্গে নিষেধিত মঞ্চে তিনি যেন না থাকেন। পবন পুলিশের দ্বারস্থ হয়েছেন।

আগের তুলনায় বইমেলা দেখতে অনেকটা ভালো হয়েছে। স্টলের সংখ্যাও বেড়েছে। তবে পাল্লা দিয়ে কমেছে বইয়ের দোকান। এখন তো খাবার, চা, বিভিন্ন সংস্থার স্টল বেশি থাকে, আক্ৰেপ বইপ্রেমীর। আর মেলার খোঁজ নিতে গিয়ে এমন নানা কথা শুনলেন গোপীকৃষ্ণ সামন্ত

খাবারের গন্ধ, বইপোকা কই?



শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : দেখতে দেখতে ৪৩ বছরে পা দিয়েছে উত্তরবঙ্গ বইমেলা। কিন্তু বয়স বাড়লেও পরিধি কি বেড়েছে? সোম সন্ধ্যায় কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম চত্বরে এই প্রগ্ৰটাই বারবার ঘুরপাক খেল।

গত ৪ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হওয়ার পর প্রত্যেকদিন দুপুর দুটো থেকে শুরু হয়ে রাত দশটা পর্যন্ত বসছে বইমেলার আসর। আগামী ১৪ ডিসেম্বর পর্যন্ত চলবে মেলা। শীতের আগমন ঘটলেও শহরে এখনও সেভাবে জাকিয়ে শীত না পড়ার কারণেই হয়তো সোমবারের আলসে দুপুরে সেভাবে ভিড় হয়নি কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম চত্বরে। সুবিা মামা পশ্চিম আকাশে অন্ত যেতেই ধীরে ধীরে প্রাণবন্ত হয়ে উঠল মেলা চত্বর। কিন্তু এ কি! স্কুল, কলেজের পড়ুয়া, তরুণ-তরুণী, এমনকি ৭০, ৮০ বছরের বৃদ্ধ-বৃদ্ধাদের মেলার মাঠে দেখা গেলেও, হইয়ের দোকানে ভিড় কোথায়!

বইমেলায় প্রবেশের জন্য দু'প্রান্তে দুটি গেট করা হয়েছে। বিধান রোড থেকে ডান হাতে গোষ্ঠ পালের মূর্তি রেখে একটু এগিয়ে



সোমবার উত্তরবঙ্গ বইমেলায় দুই প্রজন্ম। ছবি : সূত্রধর

গেলেই একটি গেট। সেখানেই ভিড় একটু বেশি। যদিও অপর প্রান্তে রয়েছে আরও একটি গেট। প্রথম গেট হয়ে মেলায় প্রবেশ করে দাঁড়িয়ে নিজেদের মধ্যে কথা বলতে ব্যস্ত কয়েকজন। সকলেই কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া। তাঁরা আলোচনা করছেন, পিজ্জা, চিকেন পকোড়া, পাপড়ি চাটের মধ্যে কোনটা টেস্ট করা যায়। কিন্তু বইমেলায় এসে বই না কিনে প্রথমেই খাওয়াদাওয়া? মাঝবয়সি এক তরুণীকে প্রশ্ন করতেই ওই জটলা থেকে উড়ে এল উত্তর, ‘মেলায় চুক খাবারের দোকান প্রথমে চোখে পড়ছে। এসব দেখে খাওয়ার ইচ্ছে কি চাপা রাখা যায়?’ জটলা থেকে আর এক পড়ুয়া বলে উঠলেন ‘আগে খেয়ে নিই। তাছাড়া বইমেলায়

যখন এসেছি তখন বই তো কিনব নিশ্চয়ই।’

সব মিলিয়ে একশোর কাছাকাছি স্টল বসেছে এবারের বইমেলায়। যদিও বইয়ের স্টল খুবই কম বলে অভিযোগ করলেন অনেকেই। মেডিকেল মোড়ের বাসিন্দা সুনীলকুমার সেন। তাঁর বয়স ৮০ হয়েছে। বইয়ের তাঁনে অধ্যঙ্গিনীকে সঙ্গে নিয়ে মেলায় এসেছেন। সুনীলের কথায়, ‘বিগত ৩০ বছর ধরে এই মেলায় আসছি। প্রত্যেকবার নতুন কিছু বইয়ের সন্ধান করি। এবারও বেশ কিছু বই সংগ্রহ করছি। তবে এখন বইমেলা ঘুরে দেখতে গিয়ে হোট্ট না খেলেও সেভাবে নতুন বইয়ের সস্তার মেলে না।’

সন্তোরধর্ লীনা রায় নতুন নতুন লেখকদের বই পড়তে

ভালোবাসেন। বিশেষ করে উত্তরবঙ্গের নতুন লেখকের বই হলে তো আর কথায় নেই। তবে এবার সেভাবে নতুন লেখকদের বই না পাওয়ায় কিছুটা হতাশ তিনি। বলেন, ‘আগের তুলনায় বইমেলা দেখতে অনেকটা ভালো হয়েছে। স্টলের সংখ্যাও বেড়েছে। তবে পাল্লা দিয়ে কমেছে বইয়ের দোকান। এখন তো খাবার, চা, বিভিন্ন সংস্থার স্টল বেশি থাকে।’ তাছাড়া উত্তরবঙ্গ বইমেলায় আরও বেশি বইয়ের স্টল, বইমেলার দিনক্ষণ অন্তত ১৫ দিন করার দাবি তুললেন অনেকে।

বইপ্রেমীদের অভিযোগ যে একেবারে ভুল তেমনটা বলতে চাচ্ছেন না আয়োজকরাও। গ্রেটার শিলিগুড়ি পাবলিশার্স আন্ড বুকসেলার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক

ছবি আঁকা রয়েছে।

হৃৎস্পন্দন

বইমেলায় নর্থাবঙ্গল সায়েন্স সেন্টারের সায়েন্স প্যাভিলিয়নে বিজ্ঞানের অনেক মজার যন্ত্র আছে। তার মধ্যে একটি হল বিভিন্ন প্রাণীর হৃৎস্পন্দন শোনার যন্ত্র। একটি ঢোকা লাল ব্যস্তের ওপর খরগোশ, মুরগী এবং হাতির ছবি আছে। আর আছে একটি স্টেথোস্কোপ। স্টেথোস্কোপের বেষ্ট ছবির ওপর ছোঁয়ানো হবে, তার হৃদস্পন্দনের শব্দ শোনা যাবে।

তথ্য ও ছবি : সব্যসাচী চট্টোপাধ্যায়



ধান কেনা নিয়ে অভিযোগ

ইসলামপুর, ৮ ডিসেম্বর : সঠিকভাবে কৃষকদের ধান ক্রয়ের ব্যবস্থা করা, অত্যধিক খলতা নেওয়া বৃষ্ণ এবং নানান অছিলায় কৃষকদের হয়রানি বন্ধ করা সহ একাধিক দাবিতে সোমবার ইসলামপুর রক উপ কৃষি আধিকারিকের কাছে ‘স্মারকলিপি জমা দিল সারা ভারত কৃষকসভার ইসলামপুর উত্তর রক কমিটি। সংগঠনের কর্মকর্তাদের অভিযোগ, সহায়কমূল্যে ধান ক্রয়ের ক্ষেত্রে চরম অব্যবস্থা চলছে। যার ফলে কৃষকদের ফড়ে ও দালালচক্রের কাছে বাধ্য হয়ে স্বল্পমূল্যে ধান বিক্রি করতে হচ্ছে। পাশাপাশি কৃষকদের চাষের ধান বিনামূল্যে উন্নতমানের বীজ বিতরণের ক্ষেত্রে দুর্নীতি ও স্বজনপোষণের অভিযোগ তোলা হয়েছে। সাতদিনের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ করে কৃষকদের এইসব সমস্যার সমাধান করা না হলে বৃহত্তর ইসলামপুর মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাংকে জমা করা হয়েছে।

রক্তদান

ইসলামপুর, ৮ ডিসেম্বর : সোমবার ইসলামপুরে রক্তদান শিবির করল ল’ ক্লাবস অ্যাসোসিয়েশন। শিবিরে সহযোগিতা করে বার অ্যাসোসিয়েশন। মহকুমা আদালত চত্বরে এই শিবিরের উদ্বোধন করেন আদালতের বিচারক নীলাঞ্জন দে, বার অ্যাসোসিয়েশনের সভাপতি ফিরোজ আহমেদ, ল’ ক্লাবস অ্যাসোসিয়েশনের সভাপতি সুরেশ পাল। এদিন মোট ৪১ ইউনিট রক্ত ইসলামপুর মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাংকে জমা করা হয়েছে।

এফআইআর, জিডি এবার অনলাইনে

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : এবার থেকে আর হাতে লেখা নয়। ‘ফর্মলি এফআইআর’ ফিলআপ হবে কম্পিউটারেই। এমনকি জেনারেল ডায়েরির তথ্যও ওয়েবসাইটের মাধ্যমেই আপলোডের প্রস্তুতি শুরু করা হচ্ছে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের অন্তর্গত থানাগুলিতে।

ইতিমধ্যেই অধিকাংশ থানায় শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ ছাটি করে কম্পিউটার পাটিয়ে দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে। এমনকি এবার থেকে কোনও গাড়ি দুর্ঘটনার মুখে পড়লে কিংবা চুরি করলে সেটাও ‘আই-রাড’ আপের মধ্যে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এতে ওই গাড়ি সম্পর্কিত সমস্ত তথ্য সহজেই পুলিশ প্রশাসনের হাতে চলে আসতে পারে। থানাগুলিতে কাগজ-কলমের ব্যবহার কমাতেই এই ধরনের উদ্যোগ পুলিশের। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলেন, ‘যাবতীয় তথ্য সহজে ডিজিটালি পাওয়ার পাশাপাশি আমাদের কাজে যাতে কোনও অসুবিধা না হয়, তার জন্যই

পড়লে কিংবা চুরি করলে সেটাও ‘আই-রাড’ আপের মধ্যে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এতে ওই গাড়ি সম্পর্কিত সমস্ত তথ্য সহজেই পুলিশ প্রশাসনের হাতে চলে আসতে পারে। থানাগুলিতে কাগজ-কলমের ব্যবহার কমাতেই এই ধরনের উদ্যোগ পুলিশের। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলেন, ‘যাবতীয় তথ্য সহজে ডিজিটালি পাওয়ার পাশাপাশি আমাদের কাজে যাতে কোনও অসুবিধা না হয়, তার জন্যই

এই যাবতীয় উদ্যোগ নেওয়া হয়েছে। আমাদের নিজস্ব ওয়েবসাইটে এবং পোর্টালে আপলোডের ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষও নজর রাখতে পারবে।’ আইনজীবী মণীশ বারির বলেন, ‘অনেকসময় আমাদের ফর্মালি এফআইআরের লেখা পড়তে সমস্যা হয়। এছাড়া বিভিন্ন কেসের সার্টিফিকেট কপি বের করতেও সমস্যা হয়। ডিজিটাইজ হওয়ার ফলে পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষ, আদালত ও থানার মধ্যে সমন্বয়ও তৈরি হবে।’

পুলিশে রদবদল

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : রদবদল হল শিলিগুড়ির থানা ও ফাঁড়ির ওসি পদমর্যাদার পুলিশকর্তাদের। এদিন একটি বিজ্ঞপ্তির মাধ্যমে এই রদবদলের বিষয়টি জানানো হয়। আশিখর ফাঁড়ির ওসি পান্থ সিং বদলি হয়েছেন বাগডোগার থানার ওসি হিসেবে। পানিট্যাক্সি ফাঁড়ির ওসি মুনায় ঘোষ বদলি হয়েছেন আশিখর ফাঁড়িতে। অন্যদিকে, গজলডোবার ওসি হিরুকাঙ্কি সরকার দায়িত্ব নিলেন পানিট্যাক্সি ফাঁড়ির ওসি পদে। এসওজি (স্পেশাল অপারেশন গ্রুপ)-র ওসি পদে থাকা রাসবিহারী সাহা বদলি হয়েছেন গজলডোবার ওসি পদে। ভোরের আলো থানার ওসি সন্দীপ দত্ত এসেছেন খালপাড়া ফাঁড়ির ওসি পদে। খালপাড়া ফাঁড়ির ওসি পদে থাকা সুদীপ দত্ত এসেছেন ভোরের আলো থানায়।

নির্মাণকাজে গভীর নলকূপ

অনুমতি দিয়ে প্রশ্নে পুরনিগম

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : শিলিগুড়িতে কমছে ভূগর্ভস্থ জলের স্তর। আর একের পর এক বিস্তারকে গভীর নলকূপ করার অনুমতি দিয়ে বিতর্কে জড়াল পুরনিগমের জল সরবরাহ বিভাগ। একই জায়গায় দুটি, তিনটি করে গভীর নলকূপ করার অনুমতি দিয়ে দেওয়া হচ্ছে বলে অভিযোগ।

বসতি এলাকার জন্যে তো বটেই, বাণিজ্যিক কমপ্লেক্সেও এই অনুমতি দেওয়া হচ্ছে। বিস্তারিতা গভীর নলকূপের জল নির্মাণকাজে ব্যবহার করলে জলসংকট দেখা দেবে বইহে আশঙ্কা। অক্টোবর মাসে দুজন বিস্তারকে তিনটি গভীর নলকূপের অনুমতি দেওয়া হয়। নভেম্বরে দুই বিস্তারকে চারটি গভীর নলকূপ করার অনুমতি দেওয়া হয়েছে। এনিয়ে কোনও বিরোধী দল কোনও প্রতিবাদ করেনি।

জল সরবরাহ বিভাগের মেয়র পারিষদ দুলাল দত্ত’র বক্তব্য, ‘আগে সুইচে গিয়ে আবেদন করলে সরাসরি অনুমতি দিয়ে দেওয়া হত। এখন আমরা সিদ্ধান্ত নিয়েছি আগে বোর্ড মিটিংয়ে অনুমতি হবে তারপর সুইচ অনুমতি দেবো। এমনি গভীর নলকূপ

প্রশ্ন যেখানে

■ এমনিতেই নৌকাঘাট এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে

■ ঠিকমতো পাইপলাইনে বাড়ি বাড়ি জল পৌঁছায় না

■ কুয়োর জলস্তর নামলে সমস্যা বাড়েবে বলেই মত এলাকাবাসীর

গভীর নলকূপ করলে জলের কোনও সমস্যা হবে না। ওই জলটা তো অনেক নীচের থেকে আসে।

দুলাল দত্ত মেয়র পারিষদ, জল সরবরাহ বিভাগ

করলে জলের কোনও সমস্যা হবে না। ওই জলটা তো অনেক নীচের থেকে আসে।

পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈনের বক্তব্য, ‘আমি বিরোধিতা করছি। কিন্তু এখন এদের

বিশেষ নজরদারি

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : রাজনীতির সঙ্গে জড়িয়ে গিয়েছে ধর্ম। এমনকি উঠে এসেছে বাবির মসজিদ-রাম মন্দিরের মতো স্পর্শকাতর বিষয়গুলিও। এই পরিস্থিতিতে কোনওরকম উসকানিমূলক ঘটনা যাতে না ঘটে, তার জন্য শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের তরফে থানাগুলিতে বিশেষ নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। মূলত, ধর্মীয় সংগঠনগুলির গতিবিধির ওপর সূক্ষ্ম নজর দেওয়ার কথা থানাগুলিকে বলা হয়। থানা এলাকায় কোনও ধর্মীয় সংগঠন কিংবা কোনও রাজনৈতিক কর্মসূচিতে ধর্মীয় উসকানিমূলক কোনও কথাবার্তা হচ্ছে কি না, সেই বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে দেখা শুরু করেছে প্রতিটি থানা।

এদিকে, ‘শৌর্য দিবস’-কে সামনে রেখে গত শনিবার বজরং দল ও বিশ্ব হিন্দু পরিষদের ধর্মীয় উসকানিমূলক স্লোগান ও ট্রাফিকে সমস্যা তৈরির অভিযোগে পুলিশি কাজে বাধা সহ একাধিক ধারায় শিলিগুড়ি থানার তরফে স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করা হয়েছে। বিশ্ব হিন্দু পরিষদের তরফে লক্ষ্মণ বনসলের অব্যব দাবি, ‘যাবতীয় অভিযোগ মিথ্যে। অভিযোগের ভিত্তিতে তদন্ত চললেই সবকিছু পরিষ্কার হয়ে যাবে।’ শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের এক পুলিশকর্তা জানান, কোনও ধরনের অস্বাভিকর ঘটনা যাতে না ঘটে, সেজন্য সবক্ষেত্রেই নজরদারি রয়েছে।



পুলিশি তৎপরতার পর আপাতত দোকান বসছে না হিলকাট রোডের ফুটপাথে। সোমবার সূত্রধর তৈরা ছবি।

বোর্ড ক্ষমতায়। তাই সংখ্যাগরিষ্ঠতার জেরে সব পাশ করিয়ে নিচ্ছে।’ অক্টোবর মাসে দুই বিস্তারকে প্রণামি মন্দির রোড এলাকায় তিনটি গভীর নলকূপ করার অনুমতি দেওয়া হয়। পাশাপাশি দুটি প্লটে একসঙ্গে এই অনুমতি দেওয়া হয়েছিল।

নভেম্বর মাসে নৌকাঘাটে নির্মাণকাজের জন্যে পাশাপাশি তিনটি প্লটে তিনটি পৃথক গভীর নলকূপের অনুমতি দিয়েছে পুরনিগম। এর ফলে জলস্তর অনেকটাই নীচে নেমে যাবে বলে আশঙ্কা স্থানীয়দের। এমনিতেই নৌকাঘাট এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। সেখানে ঠিকমতো পাইপলাইনে বাড়ি বাড়ি জল পৌঁছায় না। এরপর যদি কুয়োরও জলস্তর নামতে থাকে তবে কী করে জলের সমস্যা মিটেবে তা নিয়ে চিন্তায় এলাকাবাসী। এই প্রসঙ্গে স্থানীয় বাসিন্দা সুদেব সরকারের বক্তব্য, ‘পাড়ার মোড়ে স্ট্যান্ডপোস্ট থেকে জল নিতে যেতে হয়। এখন যদি কুয়োর জলও নেমে যায় তবে তো বিপদ।’ অপর বাসিন্দা সবিতা লাহার বক্তব্য, ‘খাবার জলের জন্যে কষ্ট করতে হয়। এখন যদি বাকি সবকিছুর জন্যেও কষ্ট করতে হয় তবে তো আর কিছু বরাল নেই। গরিবদের কেউ দেখে না।’

বিক্ষোভ প্রদর্শন

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : সোমবার এনবিএসটিসি’র শিলিগুড়ি ডিভিশনাল অফিসে দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত বিক্ষোভ প্রদর্শন করলেন বাম প্রভাবিত নর্থাবঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এমপ্লয়িজ ইউনিয়নের সদস্যরা। গত মাসের শেষে শিলিগুড়ি ডিভিশন টেন্ডার কমিটির তরফে একটি বৈঠক হয়েছিল। সেখানে সিদ্ধান্ত নেওয়া হয়, ডিভিশনাল অফিসে থাকা সিটি ও আইএলটিইউসি-র অফিস লিজে রেস্টহাউস হিসেবে দেওয়া হবে। এরপরই স্কিপ্ত হয়ে ওঠে নিগমে বাম প্রভাবিত শ্রমিক সংগঠন। সংগঠনের সদস্য তৃফান ভট্টাচার্য বলেন, ‘আমাদের পাটি অফিস তুলে দেওয়ার চক্রান্ত কোনওমতেই মেনে নেওয়া হবে না।’

গ্রেপ্তার তরুণ

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : বিয়ের প্রতিশ্রুতি দিয়ে একাধিকবার সহবাসের অভিযোগে ভুবনেশ্বর থেকে এক তরুণকে গ্রেপ্তার করে নিয়ে এল ভক্তিনগর থানার পুলিশ। ধৃতের নাম অমন সিংহ, বাড়ি দক্ষিণ চবিশ পরগনায়। পুলিশ সূত্রে খবর, ভক্তিনগর থানা এলাকার একটি প্রতিষ্ঠানে ওই তরুণ ও অভিযোগকারী একসঙ্গে কাজ করতেন। দুজনের মধ্যে প্রেমের সম্পর্ক তৈরি হয়েছিল। যদিও পরবর্তীতে ওই তরুণী বিয়ের প্রসঙ্গ তুলতেই অমন এড়াতে শুরু করেন। শেষমেশ ভক্তিনগর থানায় অভিযোগ দায়ের করেন তরুণী।

অঙ্গীকার যাত্রা

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : নারীদের মর্যাদা রক্ষায় অঙ্গীকার যাত্রা হবে শিলিগুড়িতে। ‘জাগো নারী জাগো বহিষ্কার’ নামে একটি গ্রুপ মঙ্গলবার দুপুর ১১টায় শিলিগুড়ি জংশন থেকে বাঘা যতীন পার্ক পর্যন্ত মিছিলের আয়োজন করা হয়েছে। উপস্থিত থাকবেন আরজি কর কাণ্ডের নিহত তরুণী চিকিৎসকের বাবামা-। মিছিল শেষে বাঘা যতীন পার্কে একটি সভার আয়োজন করা হয়েছে। সেখানে দার্জিলিং ও কালিম্পিং জেলা থেকে সংগঠনের সদস্যরা উপস্থিত থাকবেন।

অভিযোগ, কাজের শুরুতে গতি নিয়ন্ত্রণে রাখার নিদান দিলেও ডেলিভারিতে দেরি হলেই কমানো হচ্ছে পারফরমেন্স স্কোর। শেষ অবধি যার প্রভাব পড়ছে আয়ে। ফলে সময়ের সঙ্গে পাল্লা দিতে জোর গতিতে দু’চাকার গাড়ি, সাইকেল স্রোটিচ্ছেন তাঁরা। বিপদ ডেকে আনছেন নিজের।



এসআইআর-এর কাজে ব্যাহত হচ্ছে উন্নয়ন, অভিযোগ মমতার

শুনানি সহায়তায় গ্রামে গ্রামে বুথ

শিবশংকর সূত্রধর

কোচবিহার, ৮ ডিসেম্বর : এসআইআর-এর শুনানিতে সাধারণ মানুষের সুবিধার জন্য গ্রামে গ্রামে বুথ খুলবে রাজ্য সরকার। ‘মে আই হেল্প ইউ’ নামে বুথগুলিতে সরকারি কর্মীরা শুনানির কাগজপত্র সংক্রান্ত সহায়তা করবেন। কোচবিহারে প্রশাসনিক বৈঠকে অংশ নিয়ে এমনই ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিকে, এসআইআর-এর কাজে সরকারি আধিকারিক, কর্মীরা ব্যস্ত হয়ে পড়ায় রাজ্যে উন্নয়নের কাজ হচ্ছে না বলে অভিযোগ তুললেন খোদা মুখ্যমন্ত্রী। তবে উন্নয়নমূলক কাজ স্বাভাবিকভাবে চলিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী এদিন অভিযোগ করেন, বিভিন্ন জায়গায় রাত ১০টার পর বিএলও-দের ফোন করে হুমকি দিচ্ছেন কেউ কেউ। আধিকারিকদের সেদিকেও নজর রাখতে বলেছেন তিনি। নির্দেশ দিয়েছেন কোচপ্পের প্রসঙ্গ টেনে এদিন মমতা বলেন, ‘আমি থাকতে বাংলায় কোনওদিন ডিটেনশন ক্যাম্প করতে দেব না। আমি চাই, সবাই মর্যাদার সঙ্গে শ্রমারের সঙ্গে বাঁচুক।’

সোমবার রবীন্দ্র ভবনে প্রশাসনিক বৈঠকে অংশ নিয়ে আধিকারিকদের

এসআইআর সংক্রান্ত নানা নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। আধিকারিকদের উদ্দেশ্যে তিনি বলেন, ‘আপনারা অনেকেই এসআইআর নিয়ে ব্যস্ত ফলে উন্নয়নের কাজ চলছে না।



কোচবিহার রবীন্দ্র ভবনে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী। ছবি : জয়দেব দাস

সেগুলিও করতে হবে। শীতের মরশুমে উন্নয়নের কাজের গতি বাড়ে। হচ্ছে করাই এমন সময়ে এসআইআর করানো হচ্ছে, যাতে উন্নয়নের কাজে সমস্যা হয়। এসআইআর ও উন্নয়ন দুটোই কাজই করতে হবে। কোনও কাজেই মেনে গাফিলতি না হয়।’ এসআইআর-এর জন্য উন্নয়নের কাজে যাতে ব্যাঘাত না ঘটে, সেজন্য অন্য দপ্তরের আধিকারিকদের কাজে

লাগানোর নির্দেশ দিয়েছেন। এদিন জেলা শাসকদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, ‘অনেক লাইন ডিপার্টমেন্ট রয়েছে যারা ফ্রি রয়েছে। তাদের উন্নয়নের কাজে লাগানো হবে।’

রাজ্যের উদ্যোগ

■ এসআইআর-এর শুনানিতে সাহায্যের জন্য গ্রামে গ্রামে ‘মে আই হেল্প ইউ’ নামে বুথ খোলা হবে

■ ১২ তারিখ থেকে সরকারের তরফে বুথগুলি চালু হবে

■ সেখানে সরকারি কর্মীরা এসআইআর সংক্রান্ত শুনানির কাগজপত্র খতিয়ে দেখে সহায়তা করবেন

কাগজ নিয়ে যাবেন। ধরুন আপনার কোনও কাগজ নেই, তাহলে সেখানে চাইবেন। চেষ্টা করবে দেওয়া। বাংলা সহায়তা কেন্দ্র (বিএসকে) এই কাজে করবে। বিভিন্ন, এসডিও, ডিএম সহায়তা করবেন।’

এদিন মুখ্যমন্ত্রীর প্রশাসনিক বৈঠকে রাজ্যের মুখ্যসচিব মনোজ

পন্থ, উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ, জেলা পরিষদের সভাপতি সুমিতা বর্মন, সাংসদ জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া, বিধায়ক সংগীতা রায়, পুলিশের আইজি (উত্তরবঙ্গ) রাজেশ যাদব, ডিআইজি (জেলপাইগুড়ি রেঞ্জ) সন্তোষ নিমলকার সহ জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিক ও জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তবে বিধায়ক পরেশচন্দ্র অধিকারীর অনুপস্থিতি নিয়ে চাচা শুরু হয়। যদিও পরেশবাবু জানিয়েছেন, অসুস্থ থাকায় এদিনের বৈঠকে থাকতে পারেননি। তবে মঙ্গলবার রাসমেলা মাঠের সভায় তিনি থাকবেন। মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গের আটটি জেলাকে নিয়েই এদিন বৈঠক করেন। বাকি সাতটি জেলা ও নবাবের আধিকারিকরা ভার্চুয়ালি বৈঠকে অংশ নেন। এদিন উত্তরের আটটি জেলার ২৬১টি প্রকল্পের শিলাস্তম্ভ করা হয়।

যার জন্য ব্যয় হবে ৭৪৪ কোটি টাকা। পাশাপাশি এক হাজার ১১৮ কোটি টাকা ব্যয়ে ৪২৮টি প্রকল্পের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। শুধুমাত্র কোচবিহার জেলাতেই ৩৬৩ কোটি টাকায় ১০৪টি প্রকল্পের উদ্বোধন করা হয়। কোচবিহার শহরের হেরিটেজের কাজ যাতে দ্রুত করা হয়, সেই নির্দেশ দেন।

লাইসেন্স প্রদান

শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : আদালত চক্রের ক্লার্ক বলে পরিচয় দিয়ে অনৈতিক কাজকর্ম করছে এক শ্রেণির দালাল বলে অভিযোগ। দালালদের বাড়িবাড়িতে ক্ষুর পশ্চিমবঙ্গ লার্করস অ্যাসোসিয়েশনের শিলিগুড়ি আদালত শাখার সদস্যরা। সোমবার সংগঠনের ৪৬তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে দালালদের বিরুদ্ধে পুলিশ পদক্ষেপের দাবিতে সরব হন তারা।

শিলিগুড়ি মহকুমা আদালতের সমিতির হালঘরে আয়োজিত ওই অনুষ্ঠানে নব্বুন ৪০ জন ক্লার্কের হাতে লাইসেন্স তুলে দেওয়া হয়। সংগঠনের শিলিগুড়ি আদালত শাখার সম্পাদক মৃত্যুঞ্জয় সরকার বলেন, ‘দালালরা আমাদের নাম করে ‘অনৈতিক কাজ করছে। এটা বন্ধ হওয়া দরকার। শিলিগুড়ি মহকুমা আদালতে নতুন ভবন তৈরি হলে ক্লার্কদের জন্য আলাদা ঘরের ব্যবস্থা করতে হবে।’

ছাগল চুরি

ফাঁসিদেওয়া, ৮ ডিসেম্বর : বাইক নিয়ে ছাগল চুরি করতে এসে গ্রামবাসীর হাতে ধরা পড়লেন দুই তরুণ। সোমবার ফাঁসিদেওয়া রকে ঘোষপুকুর সংলগ্ন ডুবানুচী খালপাড়া এলাকায় ঘটনাটি ঘটে। পরে পুলিশ এসে ওই দুজনকে গ্রেপ্তার করে। ধৃতদের নাম আকাশ দোরাজি ও রোহিত বাগওয়ার। তাদের বাড়ি মতিধর চা বাগানের সেঁটার লাইনে। চুরিতে ব্যবহৃত বাইকটি পুলিশ আটক করেছে। সুনির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। ধৃতদের মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হবে বলে জানা গিয়েছে।

খানীয়ার জানিয়েছেন, আকাশ ও রোহিত বাইকে একটি ছাগল নিয়ে যাচ্ছিলেন। সন্দেহ হওয়ায় তাদের আটক করা হয়। এরপর জিজ্ঞাসাবাদ করতই তারা অসংলগ্ন কথা বলতে শুরু করেন। সন্দেহ আরও বাড়ে। ছাগলটি বাকুলাইনের হিরামুনি ধরে। তিনি এসে ছাগল শনাক্ত করেন। পুলিশের উপস্থিতিতে ছাগলটিকে তাঁর হাতে তুলে দেওয়া হয়।

খানীয়া বাসিন্দা সঞ্জয় সিংহ বলেন, ‘গ্রামে মাঝেমাঝে গোরু ও ছাগল চুরি হচ্ছে। চোর ধরা পড়ছিল না। এদিন দুই চোর হাতেনাতে ধরা পড়ছে।’

বক্সায় বন্যপ্রাণীর সমীক্ষা শুরু

আলিপুরদুয়ার, ৮ ডিসেম্বর : ঘোষণা হয়েছিল আগেই। সেইমতো বক্সা ব্যাঘ্র-প্রকল্পে বন্যপ্রাণীদের তথ্য জানতে সমীক্ষা শুরু হল। প্রতিবছর জঙ্গলে এই সমীক্ষা করা হয়। তবে এবছর সেই সমীক্ষা আরও বড় আকারে হচ্ছে। গত বছরের তুলনায় দ্বিগুণের বেশি ট্র্যাপ ক্যামেরা লাগানো হচ্ছে। সোমবার থেকে ক্যামেরা লাগানো সহ সমীক্ষার কাজ শুরু হয়েছে বলে জানাচ্ছে প্রকল্প কর্তৃপক্ষ। এদিন ওই বন বিভাগের ডিএফডি (পূর্ব) দেবাশিষ শর্মা বলেন, ‘বক্সা ব্যাঘ্র-প্রকল্পের ৭৬০ বর্গকিমি এলাকাতেই আগামী মার্চ পর্যন্ত এই সাহেই চলবে।’

বন দপ্তর সূত্রে খবর, এবছর চারশোর বেশি ক্যামেরা লাগানো

হচ্ছে। প্রতি দুই বর্গকিমিতে একটি সীমানা ভাগ করা হয়েছে জঙ্গলের। সেখানে দুটি করে ক্যামেরা লাগানো হবে। সোমবার থেকেই বক্সার দুই ডিভিশনের বনকর্মীরা এই কাজ শুরু করেছেন। আগামী কয়েকদিনের মধ্যেই ক্যামেরা লাগানো শেষ করা হবে। শুধু ক্যামেরা লাগিয়ে সার্ভে করা হবে এমনটা নয়, বনকর্মীরাও সার্ভেতে অংশ নেবেন। বক্সায় বন্যপ্রাণীদের চাচরা রয়েছে সেটা যেমন দেখা আছে, তেমনই আবার তৃণভোজী প্রাণীর অবস্থানগত ঘনত্বও মূল্যায়ন করা হবে। বন দপ্তরের এই সাহেবতেই বক্সায় বিভিন্ন প্রাণীর অবস্থান দেখা গিয়েছে আগে। এবছর নতুন কী কী তথ্য পাওয়া যায়, সেটাই এখন দেখার।

জাপানে ভূমিকম্প

মিসাওয়া (জাপান), ৮ ডিসেম্বর : ফের ভূমিকম্প জাপানে। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৭.৬। সোমবার সন্ধ্যায় উত্তর-পূর্ব জাপানের বিস্তীর্ণ অঞ্চলে কম্পন অনুভূত হয়। প্রথম কঁপে দেঠে মিসাওয়া শহর। এরপর হোঙ্কাইবার, আমোরি ও ইওয়ায় ভূমিকম্প টের পান বাসিন্দারা।

ভূমিকম্পের পরেই জাপানে সুানামির সতর্কবাণী জারি করেছে আবহাওয়া সংস্থা। উপকূলবর্তী বিভিন্ন এলাকায় সর্বোচ্চ ১০ ফুট ডেউ আছড়ে পড়তে পারে বলে

আশঙ্কা। ভূমিকম্পের কেন্দ্রস্থল আমোরি উপকূল থেকে প্রায় ৮০ কিলোমিটার দূরে, সমুদ্রের ৩০ মাইল গভীরে।

ভূমিকম্পে বেশ কিছু রাস্তায় ফাটল ধরে। আতঙ্কে বাড়ি ছেড়ে বাইরে বেরিয়ে আসেন সাধারণ মানুষ। অনেকে ভয়ে রাস্তায় ছোটোছুটি শুরু করেন। আমোরি শহরের একটি হোটেলে বেশ কয়েকজন আহত হয়েছেন।

জাপানের প্রধানমন্ত্রী সানো তাকাহিচি বলেন, ‘জরুরি টান্স ফোর্স গঠন করা হয়েছে। মানুষের সুরক্ষায় প্রশাসন প্রস্তুত।’

এসজেডিএ ভবনে

প্রথম পাতার পর

তাদের ঘর দেওয়া হবে বলে জমি অধিগ্রহণের সময় বলা হয়েছিল। যারা ১১ কাঠার ওপর জমি দিয়েছিলেন তাদের ফ্ল্যাট দেওয়া হবে বলে আশ্বাস দেওয়া হয়। ৪২২টি ফ্ল্যাট তৈরি করে সেখানে পুনর্বাসনও দেওয়া হয়। যদিও সেই প্রক্রিয়া অস্বচ্ছ বলে অভিযোগ। মিঠুন বলেন, ‘এই ফ্ল্যাটগুলি কাদের পাওয়ার করা ছিল আর কারা সেগুলি পেয়েছেন তা যাচাইয়ের প্রয়োজন। এবিষয়ে চেয়ারম্যানের কাছে তথ্য জানতে চাওয়া হলেও তিনি কিছু দেখাতে পারেননি। আমরা কি তাহলে ভুলেই আন্দোলন করছি?’

এসজেডিএ’র প্রশাসনিক ভবনের ভেতর ঢোকার পরেই ওই আন্দোলনকারীরা নিজেদের দাবিতে প্রথম তলায় মোড়তে বসে পড়েন। পরে চেয়ারম্যানের ঘরে তাঁরা তাঁর সঙ্গে বৈঠক করেন।

গোরু উদ্ধার

চোপড়া, ৮ ডিসেম্বর : ভারত-বাংলাদেশ সীমান্তের হাপতিয়াগছ এলাকায় মহানন্দা নদীর পাশে রবিবার রাত্রে ৩২টি গবাদিপশু উদ্ধার করে বিএসএফ। বিএসএফের নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ারের শিলিগুড়ি সেক্টরের তৎপরতায় গবাদিপশুগুলি উদ্ধার হয়েছে। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া গবাদিপশুগুলিকে সোমবার গোশালায় পাঠানোর উদ্যোগ নেওয়া হয়। এই বিষয়ে চোপড়া থানার সঙ্গে যোগাযোগ করা হলে তারা কিছু জানে না বলে জানানো হয়েছে। এদিকে সীমান্তে চোরাকারবারিদের দৌরাখ্য রুখতে কড়া নজরদারি শুরু করেছে বিএসএফ।

বধূর মৃতদেহ

কিশনগঞ্জ, ৮ ডিসেম্বর : কিশনগঞ্জ শহরের কালুচকে নেহা কুমারী নামে ২৬ বছরের এক গৃহবধূর মৃত্যুতে রহস্য দানা বেঁধেছে। তাঁকে খুন করা হয়েছে, নাকি আত্মহত্যা করেছেন, তা নিয়ে তদন্ত করছে সদর থানার পুলিশ। সোমবার সকালে নেহার স্বামীকে হেপাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ৩ বছর আগে নেহার বিয়ে হয় সন্নি গুপ্তার (২৮) সঙ্গে। তাঁদের দুই বছরের এক পুত্রসন্তানও আছে। সদর থানার আইসি অভিষেক রঞ্জন শরৎবাড়ি থেকে ওই বধূর দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কিশনগঞ্জ সদর হাসপাতালে পাঠায়। পুলিশের বক্তব্য, ময়নাতদন্তের রিপোর্ট পেলে কী ঘটনেকে স্পষ্ট হবে। পুলিশের জেরায় নেহার স্বামী অবশ্য এখনও মুখ খোলেনি।

আটক তরুণ

কিশনগঞ্জ, ৮ ডিসেম্বর : বিয়ের অনুষ্ঠানের জন্য সবকিছু ঠিক হয়ে গেলেও দামিত্যেতা দামী বাইক না পাওয়ার এক তরুণ শেষমেশ বিয়ের পিড়িতে বসতে রাজি হননি বলে অভিযোগ। পুলিশ কাজিহারের বলরামপুর থানা এলাকার একজন তরুণকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে। পাত্রীপক্ষের অভিযোগ, ওই তরুণ আগে নগদে এক লক্ষ টাকা পণ নিয়েছিলেন। তারপর দামী বাইকের দাবিতে সরব হন। সবই খতিয়ে দেখা হচ্ছে বলে সদর থানার আইসি অভিষেক রঞ্জন জানিয়েছেন।

ট্রেনের ধাক্কায় মৃত

নাগরাকটা, ৮ ডিসেম্বর : সোমবার ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে রোহন লাকড়া (১৮) নামে এক তরুণের। তাঁর বাড়ি ভাগেশপুর চা বাগানের জাহাজি লাইনে। রোহন নাগরাকটা স্টেশনের কাছে কৃতিঝোরা নদীর উপর রেললাইন পার হচ্ছিলেন। তখন শিলিগুড়ি থেকে আলিপুরদুয়ারগামী ভিস্টাডোম ট্রেনের ধাক্কায় তার দেহ ছিন্নভিন্ন হয়ে যায়।

মৃত্যু বৃদ্ধার

প্রথম পাতার পর

পিকআপ ভ্যানচালক জখম হন। তৃদ্বাজোতের সেই স্কুলের সপ্তম শ্রেণির এক পড়ুয়ার অভিভাবক অভিষেক দাসের গলায় উদ্বেগের সুর, ‘এভাবে বাস চললে কেউই সন্তানকে আর পাঠাতে চাইবেন না। সত্যিই ভয়ের ব্যাপার।’

এদিকে, খানীয়া গ্রাম পঞ্চায়েত সদস্য হেমরাজ ছেত্রীর অভিযোগ, ‘এই রাস্তাটি সদা ব্যস্ত থাকে। সোম ও মঙ্গলবার শুক্রি শুদামের কাছে রাস্তার ওপর সারি সারি গাড়ি দাঁড় করিয়ে পণ্য ওঠানো-নামানো হয়। এতে যানজট বাড়ে। সাধারণ মানুষের চলাফেরায় অসুবিধে হয়।

স্কুলবাসগুলিও বোপরোয়াভাবে চলবে।’ তাঁর দাবি, এর আগেও এখানে স্কুলবাস দুর্ঘটনা ঘটিয়েছে।

এই ইস্যুতে কথা বলতে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে এদিন রাত ১০টা ৪ মিনিট ও তারপর ১০টা ১৯ মিনিটে ফোন করা হয়। তবে তিনি সাড়া দেননি, ফলে বক্তব্য মেলেনি।



১৫ বছরের নীচে সোশ্যাল মিডিয়া ফক্কা




ডেনমার্ক সরকার এবার কড়া হাতে নেমেছে— ১৫ বছর বা তার কম বয়সিরা আর সোশ্যাল মিডিয়া ব্যবহার করতে পারবে না। প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেনের সাফ কথা : মোবাইল ফোন আর সোশ্যাল মিডিয়া ‘আমাদের বাচ্চাদের শৈশব চুরি করছে’। তাই টিকটক, ইনস্টাগ্রাম, ইউটিউবের মতো প্ল্যাটফর্মগুলো এখন এই বয়সের বাচ্চাদের জন্য নিষিদ্ধ। এর ফলে ডেনমার্ক ইউরোপীয় ইউনিয়নের প্রথম দেশ হল যারা এমন বিশাল নিষেধাজ্ঞা জারি করছে। তারা চায় বাচ্চারা মানসিক চাপমুক্ত থাকুক এবং স্ক্রিন টাইম কমিয়ে স্বাভাবিক শৈশব ফিরে পাক। ডেনমার্ক দেখাল, বাচ্চাদের মানসিক স্বাস্থ্য তাদের কাছে সবার আগে।

খোয়ালেন কৃষক

চিনে এক কৃষকের কাণ্ড দেখে ডাক্তাররাও হেসেছেন! ৬০ বছরের বাঁধ খেতে কাজ করার সময় সাপের হোল খেলেন। তিনি ভাবলেন, এ নিখাত সেই মাঝারুক ‘পাঁচ পানের সাপ’—

যার হোলে পাঁচ ধাপ হাতির মধ্যেই মৃত্যু হয়! ভয়ে আর কিছু না ভেবে, বিষ ছড়ানো আটকাতে তিনি নিজেই তাঁর আঙুলটা কেটে ফেললেন! পরে হাসপাতালে গিয়ে জানা গেল, তিনি যে সাপটার ছোবল খেয়েছিলেন, সেটা আসলে বিষহীন! অথবা তাঁর চরম পদক্ষেপের কোনও দরকারই ছিল না। ভুল তথ্য আর ভয় কীভাবে মানুষকে এমন কাজ করতে বাধ্য করে, এই ঘটনা তারই প্রমাণ।



সীমান্তে মাতব্বরি নয়

প্রথম পাতার পর
এর আগে একাধিকবার অসম সরকারের তরফে কোচবিহারের বাসিন্দাদের এনআরসি নিয়ে পাঠানো হয়েছিল। তা নিয়ে মুখ্যমন্ত্রীকে আগেও ক্ষোভ প্রকাশ করতে দেখা গিয়েছিল। এদিনও বিজেপি পরিচালিত অসম সরকারের বিরুদ্ধে মমতা তোপ দাগেন। তার

বক্তব্য, ‘অসম সরকারের বাংলায় লোককে চিঠি পাঠানোর কোনও অধিকার নেই। অন্য রাজ্য থেকে পুলিশ এসে আমার রাজ্য থেকে যেন একজন লোককেও গ্রেপ্তার না করে নিয়ে যেতে না পারে তা পুলিশকে আমার বলা থাকল। এটা



লটারির টিকিট আর হাত মেলানোর দাম

উইসকনসিনের দুই বন্ধু— টমাস কুক এবং জোসেফ ফিনি প্রমাণ করলেন, পুরোনো টিকিটের একটা হাত মেলানো চুক্তিও সোনা ফলাতে পারে! ১৯৯২ সালে তারা কথা দিয়েছিলেন, যদি কেউ লটারি জেতে, তবে দুজন মিলে ভাগ করে নেবেন। প্রায় ৩০ বছর পর, কুকের কেনা লটারির টিকিটে এলো ২২ মিলিয়ন ডলারের জ্যাকপট! কথা মতো, কুক সঙ্গে সঙ্গেই ফিনিকে ফোন করে জানানলেন, তারা দুজনেই এখন কোটিপতি। ফিনি বিশ্বাসই করতে পারছিলেন না! তাদের গল্প প্রমাণ করে, মানুষের সত্যতা আর বিশ্বস্ততা এখনও হারাতে যায়নি।

ভয়ে আঙুল খোয়ালেন কৃষক

চিনে এক কৃষকের কাণ্ড দেখে ডাক্তাররাও হেসেছেন! ৬০ বছরের বাঁধ খেতে কাজ করার সময় সাপের হোল খেলেন। তিনি ভাবলেন, এ নিখাত সেই মাঝারুক ‘পাঁচ পানের সাপ’— যার হোলে পাঁচ ধাপ হাতির মধ্যেই মৃত্যু হয়! ভয়ে আর কিছু না ভেবে, বিষ ছড়ানো আটকাতে তিনি নিজেই তাঁর আঙুলটা কেটে ফেললেন! পরে হাসপাতালে গিয়ে জানা গেল, তিনি যে সাপটার ছোবল খেয়েছিলেন, সেটা আসলে বিষহীন! অথবা তাঁর চরম পদক্ষেপের কোনও দরকারই ছিল না। ভুল তথ্য আর ভয় কীভাবে মানুষকে এমন কাজ করতে বাধ্য করে, এই ঘটনা তারই প্রমাণ।



কার সুবিধা করবেন হুমায়ুন

প্রথম পাতার পর

সবমিলিয়ে অবস্থা গোলমালে। বারবার মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপন করার পর হুমায়ুন এখন মসজিদ হটকেক। বেশ কিছুদিন ধরে তিনি হংকার দিচ্ছিলেন, এবার এসপার নয়তো ওসপার করে ছাড়বেন। নানারকম পিটিবিরোধী কথা বলে আগে তিন-তিনবার শোকাছ এবং ক্ষমাপ্রার্থনা কর’র এবার সেভাবেই ব্যাপারটার ইতি হবে কি না- সবাই যখন ভাবছে, তখন দিগুণ তেজে তিনি সব আসনে প্রার্থী দিয়ে নিজের দলকে ডুবিয়ে দেবেন বলে ঘোষণা করেছেন।

অবস্থা যা দাঁড়াল, তাতে মনে হচ্ছিল শহিদ হওয়ার তাগিদটা তাঁরই বেশি। শেষপর্যন্ত মুর্শিদাবাদে দাঁড়িয়ে নাম না করে নেত্রীকে বলতেই হল হুমায়ুন গগন, বিজেপির তাঁবেদার। কলকাতায় সেই একই সময় সাংবাদিকদের জানানো হল, হুমায়ুন কবীর দল থেকে বহিষ্কৃত। নেত্রীর সভায় এসে সেকথা জানতে পেরে তিনি ফিরে গিয়েছেন। ফিরে গিয়ে তিনি জোরকমের বাবরি মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপনের প্রস্তুতি শুরু করে দিয়েছিলেন৬ ডিসেম্বর

তারিখটা যে তাঁর পছন্দের, সেকথা আগেই জানিয়ে রেখেছিলেন। কলকাতা থেকে ৯০২ কিলোমিটার দূরে ঘোষাখায় বাবরি মসজিদ ভাঙা হয়েছিল ওইদিনেই। ১৯৯২ সালে। সেই স্কত খুঁটিয়ে তুলতেই যে এদিনটি বাছাই করা হয়েছে, তা নিয়ে সন্দেহের বিশেষ অবকাশ ছিল না। বেশ ঘটা করে লোকজন জড়ো করে অনুষ্ঠান হল।

বাইরের ছজুরা এলেন, কোরান পাঠ হল। রাম মন্দির প্রতিষ্ঠার সময় যেমন মাথায় করে ইঁট বোনে নিয়ে গিয়েছিলেন করনসেবকরা, তেনেই হুমায়ুনের সর্মকর্ষকরা মাথায় ইঁট বয়েছেন। হুমায়ুন জানিয়েছেন, প্রোজেক্ট তিনশো কোটির। সে টাকা তাঁর কাজে কোনও ব্যাপারই নয়। সেদিন টাকা উঠেছে। তিন হাজার প্যাকেট বিরিয়ানি খাওয়ানো হয়েছে।

এখন কথা হল, হুমায়ুনের এই কাজে ফায়দা কার? হুমায়ুন তৃণমূলের হয়ে নেমেছেন বলে আঙুল তুলছে গেন্ধুকা শিবির। বিরোধীদের ভোট কাটতে মুসলিমপ্রধান এই জেলায় এটা তৃণমূলের কেশল। যাতে সরকারি কাজে ক্ষুর সংখ্যালঘুদের ভোট কোনও অবস্থায় অন্যাক্ষে না যায়। সাসপেন্ড

হওয়া হুমায়ুনকে নিয়ে তাই মোটেই হইচই করনি বিজেপি। একেই হিন্দুভোট একত্রে জড়ো করা তাদের কাজে বড় চ্যালেঞ্জ। তার উপর বাবরি মসজিদ নিয়ে মাতামাতি করা হুমায়ুন তাদের ফাড চাপলে সাড়ে সর্বনাশ। উলটো ফলে হবে। তাই হুমায়ুনকে তৃণমূলের দিকে ঠেলে দিচ্ছে তারা। প্রচার করছে, হুমায়ুন তৃণমূলের সিক্রেট এজেন্ট।

তৃণমূলের আবার পালাটা মুক্তি, যে সংখ্যালঘু ভোটারে প্রায় সবটা তাদের দিকে, আগ বাড়িয়ে তাতে ভাগ বসাতে দেবে কেন তারা? বরং মুসলিম ভোট চুরা করলে লাভ তো বিজেপির। তার উপর বাবরি নিয়ে ফেফাঁদ বলে সংখ্যালঘু তোষণের অভিযোগ আর নতুন করে গায়ে লাগাতে চায় না তারা। ফলে আগে বারবার নরম মনোভাব দেখালেও এবার তার তিরমাত্রা দেরি করেনি তারা। ঘাড় থেকে হুমায়ুনকে নামিয়ে দিচ্ছে অভিযোগ।

এ দল সে দল করে বেড়ানো এই নেতাকে মাঝেমাঝে শোকজ করে রেহাই দেওয়া লোকের মন হচ্ছে, হুমায়ুন তাহলে বেশ ক্ষমতা ধরেন। তাঁর নিশ্চয়ই বিরাট প্রভাব। এর আগে হুমায়ুন খোলাখুলি বলেছিলেন,

মুর্শিদাবাদে সন্তর ভাগ মুসলিম। তিনি হিন্দুদের তুলে ভাগীরথীতে ছুড়ে ফেলে দেবেন। তারপরও তাকে বোমানুম হজম করেছে তৃণমূল।

আগে পদ ছেড়ে দেওয়ার হুমকি দিলেও হুমায়ুন এখন পুরো ৬৮০ ডিগ্রি ঘুরে জানিয়ে দিয়েছেন, জনতার অনুরোধে তিনি বিধায়ক পদ ছাড়বেন না। কোনওমতেই না। আসলে এন্টো মসজিদ তৈরির খোলাখুলি বিরোধিতা করা সবার পক্ষেই কঠিন, ‘যেভাবে প্রধানমন্ত্রী খবি বন্ধিমকে বন্ধিমদা বললেন, তাতে মনে হল উনি চায়ের আড্ডায় বসে গল্প করছেন। বাংলা এটা ভালোভাবে নিচ্ছে না। বাঙালি এটা ভালোভাবে নিচ্ছে না।’

পুরোনো প্রসঙ্গ টেনে তিনি বলতে থাকেন, ‘এর আগে আপনারা বিদ্যাসাগরকে অপমান করেছেন। এখন সংসদীয় রীতিনীতি ভেঙে বাংলাকে অপমান করা হচ্ছে। এই অপমানের বিচার চাই।’ প্রায় এক ঘণ্টার বক্তৃতায় প্রধানমন্ত্রী বাংলার স্বাধীনতা সংগ্রাম, বিপ্লবীদের অস্বাভাবিক, ব্রিটিশ বিরোধী আন্দোলনের বিভিন্ন অধ্যায় তুলে ধরলেও শুধু বন্ধিমচন্দ্রকে

প্রথম পাতার পর

গৌরব ইত্যাদি স্থান পেলেও গোটা বিষয়টিতে যেন জল পড়ল তাঁর মুখে খবি বন্ধিমচন্দ্রকে সম্বোধন বিভ্রাটে। তা নিয়ে সংসদ তখন তুলকালাম। তৃণমূলের মুখে সেই সমালোচনার নেতৃত্ব দিলেন দীর্ঘদিনের সাংসদ কাকলি ঘোষদস্তিদার। কাকলির কথায়, ‘যেভাবে প্রধানমন্ত্রী খবি বন্ধিমকে বন্ধিমদা বললেন, তাতে মনে হল উনি চায়ের আড্ডায় বসে গল্প করছেন। বাংলা এটা ভালোভাবে নিচ্ছে না। বাঙালি এটা ভালোভাবে নিচ্ছে না।’

পুরোনো প্রসঙ্গ টেনে তিনি বলতে থাকেন, ‘এর আগে আপনারা বিদ্যাসাগরকে অপমান করেছেন। এখন সংসদীয় রীতিনীতি ভেঙে বাংলাকে অপমান করা হচ্ছে। এই অপমানের বিচার চাই।’ প্রায় এক ঘণ্টার বক্তৃতায় প্রধানমন্ত্রী বাংলার স্বাধীনতা সংগ্রাম, বিপ্লবীদের অস্বাভাবিক, ব্রিটিশ বিরোধী আন্দোলনের বিভিন্ন অধ্যায় তুলে ধরলেও শুধু বন্ধিমচন্দ্রকে

সম্বোধনে নয়, অন্য বিপ্লবীদের নাম উচ্চারণে হেঁচট খান। যেমন তাঁর মুখে বিপ্লবী পুলিশবিধারী দাস হয়ে যান ‘পুলিনবিকশ দাস’, মাস্টারদা সূর্য সেনের পরিচয় থেকে হারিয়ে যায় ‘দা’ শব্দটি। তিনি শুধু উচ্চারণ করেন ‘মাস্টার সূর্য সেন’। বক্তৃতার এক পর্যায়ে হঠাৎ তিনি দমদমের তৃণমূল সাংসদ সৌগত রায়ের দিকে তাকিয়ে প্রশ্ন করেন, ‘দাদা, শরীর ঠিক আছে তো?’ সৌগত মাথা নাড়তেই ফের শুরু হয় বন্দে মাতরম প্রসঙ্গ। যদিও বিরোধীরা তাকে রোয়াত করলেন। কংগ্রেস সাংসদ প্রিয়াংকা প্রস্ন তোলেন, ‘বন্দে মাতরম নিয়ে আরবার বিতর্ক কেন? জাতীয় সঙ্গীত নিয়ে বিতর্কটিই বা কোথায়?’ তাঁর অভিযোগ, সংসদে ‘অর্ধসত্য’ বলেছেন প্রধানমন্ত্রী। নেহরুর ‘সাম্প্রদায়িকতাকে বিরোধিতা’র বিষয়টি চেপে গিয়েছেন।

ভাষণে মোদি দাবি করেছিলেন, মুসলিম তোষণের জন্য ‘বন্দে মাতরম’ নিয়ে আপত্তি তুলেছিলেন নেহরু। নেতাজিকে পাঠানো চিঠিতে

নেহরু লিখেছিলেন, বন্দে মাতরম-এর উৎস ‘আনন্দমঠ’ উপন্যাস। গানটি মুসলিমদের ক্ষু্ণ করতে পারে। সেই মুক্তি খারিজ করে প্রিয়াংকা বলেন, ‘প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলেছেন, জিন্নাকে খুশি করতে বন্দে মাতরম গাইতে বাধ্য করেন নেহরু। সত্যটা হল, ওই চিঠিতে নেহরু লিখেছিলেন বন্দে মাতরমের বাকি শব্দগুলির বিরুদ্ধে আপত্তি আদতে সাম্প্রদায়িক শক্তির প্রত্যাবের ফল।’ প্রিয়াংকার প্রশ্ন, ‘প্রধানমন্ত্রী কেন চিঠির এই অংশটি চেপে গেলেন?’ ওয়ানার্ডের কংগ্রেস সাংসদের কথায়, ‘সংবিধান সভায় যখন বন্দে মাতরমের প্রথম দুটি শব্দক গ্রহণ করা হয়েছিল, যেখানে রায় সাংসদ মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন। তিনি প্রশ্ন প্রতিবাদ করেননি?’

অন্যদের মধ্যে কংগ্রেস নেতা গৌরব গুণে বলেন, ‘প্রধানমন্ত্রীর কথা শুনে মনে হচ্ছে, স্বাধীনতার লড়াই আপনারা রাজনৈতিক পূর্বসূরিরাই করেছিলেন। আপনি ইতিহাসকে নতুন করে লিখতে

চাইছেন।’ ১৯৩৭ সালের কংগ্রেস অধিবেশনের সিদ্ধান্ত স্মরণ করিয়ে তিনি বলেন, ‘‘সেই অধিবেশনে স্থির হয়েছিল, যেখানে কংগ্রেসের জমায়েত হবে, শুরুতে ‘বন্দে মাতরম’ গাওয়া হবে।’’ গৌরব প্রশ্ন তোলেন, ‘১৯৪২ সালের ভারত ছাড়ো আন্দোলনের সময় আপনারা কোথায় ছিলেন?’

কার্বত বাংলার স্বাভিমানের পাশে দাঁড়িয়ে তিনি বলেন, ‘আপনারা বন্ধিমচন্দ্রকে বোয়েনিনি, বোয়েনিনি রবীন্দ্রনাথকে। আপনাদের কাছে সবই বাংলাদেশ। আমার সোনার বাংলা শুনলেই আপনাদের মনে হয় সেটা বাংলাদেশের গান।’ সমাজবাদী পার্টির অধিবেশন যাদব বলেন, ‘বিজেপি এমনভাবে বলছে, যেন বন্দে মাতরম ওরাই বানিয়েছে।’ প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং অবশ্য বলেন, ‘ব্রিটিশ সরকার এসকময় বন্দে মাতরম গাওয়া নিষিদ্ধ করেছিল। কারণ, এটি ছিল স্বাধীনতার মন্ত্র। এখন সময় এসেছে তার গৌরব পুনঃস্থাপন করার।’

নেটে দুই ঘণ্টা ব্যাটিং শুভমানের

কুড়ির বিশ্বযুদ্ধের লক্ষ্যে কটকে যাত্রা শুরু আজ

কটক, ৮ ডিসেম্বর : মিশন টি২০ বিশ্বকাপ! দিন ঘোষণা হয়ে গিয়েছে। সূচিও তৈরি। ৭ ফেব্রুয়ারি থেকে দেশের মাটিতে শুরু হবে কুড়ির বিশ্বকাপের যাত্রা। তার দুই মাস আগে থেকেই টি২০ বিশ্বকাপের লক্ষ্যে মঙ্গলবার যাত্রা শুরু করছে টিম ইন্ডিয়া। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি২০ সিরিজ। জানুয়ারিতে নিউজিল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি২০ সিরিজ। সবমিলিয়ে মোট ১০ ম্যাচ। আর কুড়ির



প্রস্তুতির মাঝে অশ্বীদীপ সিংয়ের সঙ্গে হালকা মেজাজে জসপ্রীত বুমরাহ। সোমবার।

বিশ্বকাপের আগে বাকি থাকা এই দশ ম্যাচই এখন পাখির চোখ সূর্যকুমার যাদবের ভারত। বাকি থাকা এই ম্যাচগুলি থেকেই বিশ্বকাপের প্রথম একাদশ চূড়ান্ত করতে হবে। দলের কধিনেশনের নীল নকশা তৈরি করতে হবে। সঙ্গে পরিস্থিতি অনুযায়ী প্ল্যান ‘এ’, ‘বি’ তৈরি রাখার ভাবনাও সেরে ফেলতে হবে। কটকের বারাবাটি স্টেডিয়ামে এমন লক্ষ্য, ভাবনা ও পরিকল্পনা নিয়েই দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে সিরিজের প্রথম টি২০ ম্যাচ খেলতে নামছে সূর্যকুমার যাদবের

থোতা বধের রাখার বাড়তি চ্যালেঞ্জও রয়েছে। ভারত সফরে হাজির হওয়ার পর থেকেই বারবার চমকে দিয়ে চলেছে দক্ষিণ আফ্রিকা। জোড়া টেস্ট জিতে লাল বলের সিরিজ জিতে নিয়েছেন টেস্টা বাভুমারা। একদিনের সিরিজ টিম ইন্ডিয়া জিতলেও ভারতের সাফল্যের পথে কাটা বিছিয়ে দিয়েছিলেন প্রোটিয়ারা। রোকো ম্যাজিকে একদিনের সিরিজে শেষ হাসি ভারতের। এমন অবস্থায় প্রশ্ন একটাই, আগামীকাল থেকে শুরু হতে চলা টি২০ সিরিজের ভবিষ্যৎ কী

ভারত বনাম দক্ষিণ আফ্রিকা
প্রথম টি২০ আজ
সময় : সন্ধ্যা ৭টা, স্থান : কটক স্পোর্টস স্টেডিয়াম ও জিওহটস্টার

হবে। দেশের বাকি মাঠগুলির মতো কটকেও শিশিরের সমস্যা রয়েছে। পরে বোলিং করতে হলে দুই দলের বোলারদের জন্যই থাকবে সমস্যা। সঙ্গে রয়েছে রাতের শিশিরের মধ্যে ফিল্ডিং করার চ্যালেঞ্জও। বারাবাটি স্টেডিয়ামে আজ শিশির সমস্যা মোটামোের জন্য ভারতীয় দলের অনুশীলনে দীর্ঘ সময় ব্যয় হয়েছে ফিল্ডিংয়ের জন্য। দক্ষিণ আফ্রিকার অনুশীলনেও একই ছবি দেখা গিয়েছে। শুভমান ফিট হয়ে দলে ফিরে আসার পর টিম ইন্ডিয়ার ওপেনিং জুটিও চূড়ান্ত হয়ে গিয়েছে। অভিষেক শর্মার সঙ্গে শুভমানই ওপেন করবেন। দলের বিরুদ্ধের ব্যাটিং অভাব নিয়ে পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্তের কথা সোমবার জানিয়েছিলেন ভারত অধিনায়ক। সঞ্জু সামসনের প্রথম একাদশে থাকা নিয়েও রয়েছে দোলাচল। জিতেশ শর্মার সঙ্গে



পুরোদমে ব্যাটিং অনুশীলনে নেমে পড়লেন শুভমান গিল। সোমবার।

সঞ্জুর লড়াই চলছে। রাতের দিকের খবর, জিতেশের খেলার সম্ভাবনা বেশি। কোচ গৌতম গম্ভীরের পছন্দের দুই ক্রিকেটার হর্ষিত রানার সঙ্গে ওয়াশিংটন সুন্দরের অদৃশ্য লড়াই চলছে প্রথম একাদশে জায়গা পাওয়া নিয়ে। স্পিনার হিসেবে কুলদীপ যাদব ও বরুণ চক্রবর্তীর প্রথম একাদশে থাকা নিশ্চিত। একদিনের সিরিজে বিশ্রাম নেওয়ার পর জসপ্রীত বুমরাহ আগামীকাল ফিরছেন প্রথম একাদশে। তাঁর সঙ্গে হয়তো অলরাউন্ডার হার্দিককেই বোলিং ওপেন করতে দেখা যাবে। আজ টিম ইন্ডিয়ার অনুশীলনে তেমনই ইঙ্গিত মিলেছে। প্রোটিয়াদের প্রথম একাদশেও বিস্তর বদল হচ্ছে। অধিনায়কও বদলাচ্ছে। বাভুমার বদলে টি২০ ক্রিকেটে দক্ষিণ আফ্রিকার অধিনায়ক আইডেন মার্করাম। চোট সারিয়ে অনেকদিন পর ক্রিকেটে ফিরতে চলেছেন ডেভিড মিলার ও আনারিচ নর্ডজে। ফলে প্রোটিয়াদের বিরুদ্ধে কুড়ির ক্রিকেট যুদ্ধ খুব একটা সহজ নাও হতে পারে টিম ইন্ডিয়ার। মিশন টি২০ বিশ্বকাপের লক্ষ্যে আচমকা ম্যাচ হারতে হলে সূর্য-গম্ভীররা কিন্তু ভালোরকম থাকা খাবেন।

এখনই বিশ্বকাপ

ভাবনায় নারাজ সূর্য

কটক, ৮ ডিসেম্বর : অপেক্ষা আর মাত্র দুই মাসের। তারপরই দেশের মাটিতে টি২০ বিশ্বকাপের খেতাবরক্ষার অভিযানে নেমে পড়বে টিম ইন্ডিয়া। কুড়ির বিশ্বকাপের আগে ঘরের মাঠে জোড়া টি২০ সিরিজ রয়েছে টিম ইন্ডিয়ার। মঙ্গলবার থেকে কটকে শুরু হচ্ছে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে পাঁচ ম্যাচের সিরিজ। জানুয়ারিতে ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিরুদ্ধে রয়েছে আরও পাঁচ ম্যাচ। সবমিলিয়ে কুড়ির বিশ্বকাপের অভিযান শুক্রর আগে ভারতীয় দলের সামনে এখন মোট ১০টি ম্যাচ। ক্রিকেট দুনিয়া ধরেই নিয়েছে, আগামীকাল থেকে শুরু হতে চলা দক্ষিণ আফ্রিকা সিরিজের মাধ্যমে কুড়ির বিশ্বকাপের লক্ষ্যে যাত্রা শুরু হবে ভারতের।

অধিনায়ক সূর্যকুমার যাদব এখনই সেই ভাবনায় শামিল হতে নারাজ। বরং তাঁর যুক্তি হল, সময়ের সঙ্গে বিশ্বকাপ যত এগিয়ে আসবে, তত বেশি করে ভারতীয় টিম মানেজমেন্ট বিশ্বকাপ আবহে ঢুকবে। কটকে সোমবার সাংবাদিক

রিঙ্ক নিয়ে মুখ বন্ধ

সম্মেলনে হাজির হয়ে ভারত অধিনায়ক স্কাই বলেছেন, ‘এখনই বিশ্বকাপ নিয়ে ভাবছি না আমরা। টি২০ বিশ্বকাপের আগে দুইটি ভালো দলের বিরুদ্ধে জোড়া সিরিজ খেলব আমরা। সেদিকেই এখন নজর আমাদের। বিশ্বকাপ যত এগিয়ে আসবে, ততই আমরা বিশ্বকাপ নিয়ে ভাবনা শুরু করব।’ ২০২৪ সালে ওয়েস্ট ইন্ডিজের মাটিতে টি২০ বিশ্বকাপ খেলেছিল রোহিত শর্মার ভারত। চ্যাম্পিয়ন হওয়ার পরই রোহিত, বিরাট কোহলি, রবীন্দ্র জাদেজার কুড়ির ক্রিকেট থেকে অবসর নিয়েছিলেন। কুড়ির ক্রিকেটে বর্তমান ভারত অধিনায়ক সূর্য আইসিপি-র তরফে আজ এই খবর জানানো হয়েছে। জানা গিয়েছে, অধিনায়ক লোকেশ রাহুল সহ পুরো ভারতীয় দলের মাচা ফি-র ১০ শতাংশ জরিমানা হয়েছে।



ব্যাটিং অনুশীলনে চলেছেন সূর্যকুমার যাদব। সোমবার কটকে।

হার্দিক, শিবম সহ আমাদের দলে অনেক অলরাউন্ডার রয়েছে। একজন অলরাউন্ডারের সঙ্গে ফিনিশারের তুলনা হয় না। আমাদের দলে তিন থেকে সাতো যারা ব্যাটিং করে, তাদের সবাই যে কোনও জায়গায় ব্যাটিংয়ের চ্যালেঞ্জ নিতে পারে। –সূর্যকুমার যাদব

সতীর্থকেই ভারতীয় দলে স্বাগত জানিয়েছেন অধিনায়ক সূর্য। বলেছেন, ‘শুভমান ফিট। দলের সঙ্গেই রয়েছে ও। হার্দিকও আমাদের দলের সম্পদ। ও দলে থাকলে অনেক দিক থেকেই বিকল্পের সম্ভাবনা পাওয়া যায়। ওদের ভারতীয় দলে স্বাগত।’ এদিকে, পিন কয়েক আগে শেষ হওয়া ভারত বনাম দক্ষিণ আফ্রিকার একদিনের সিরিজের দ্বিতীয় ম্যাচে মধুর গুডার রেনের জন্য ভারতীয় দলকে জরিমানা করা হয়েছে। দক্ষিণ আফ্রিকা সংস্থা আইসিপি-র তরফে আজ এই খবর জানানো হয়েছে। জানা গিয়েছে, অধিনায়ক লোকেশ রাহুল সহ পুরো ভারতীয় দলের মাচা ফি-র ১০ শতাংশ জরিমানা হয়েছে।

কেএসসিএ সভাপতি হলেন প্রসাদ

বেঙ্গালুরু, ৮ ডিসেম্বর : ক্যাটিক রাজ্য ক্রিকেট সংস্থার (কেএসসিএ) সভাপতি নিবাচিত হলেন ভেক্টরেশ প্রসাদ। গতকালের নির্বাচনে ভারতীয় দলের প্রাক্তন পেসার ১৯১ ভোটার ব্যবধানে পরাজিত করেন কেএন শান্তকুমারকে। প্রসাদ ৭৪৯টি ভোট পেয়েছেন। ২০১০ থেকে ২০১৩, বেশ কয়েক বছর সংস্থার সহ সভাপতির দায়িত্ব সামলেছেন ও৩টি টেস্ট ও ১৬১টি ওডিআই ম্যাচ খেলা প্রসাদ। এবার শীর্ষপদের গুরুভার। সহ সভাপতি আরেক প্রাক্তন ক্রিকেটার সঞ্জিত সোমসুন্দর (১৯৯৬ সালে ২টি ওডিআই ম্যাচ খেলেন)। সচিব পদে জয়ী হয়েছেন সন্তোষ মেনন। অতীতে ২০১৯ থেকে ২০২২, বছর চারেক সচিব পদে ছিলেন তিনি। প্রাক্তন আত্মপায়ার বিকে রবি ও এমএস বিনয় যথাক্রমে ক্যাটিক ক্রিকেট সংস্থার পরবর্তী যুগ্মসচিব ও কোষাধ্যক্ষ। ভোটে না মাঁড়ালেও গতকালের নির্বাচনে প্রসাদকে সরাসরি সমর্থন জানান অসিন্দা কৃষ্ণল, জাতগাল শ্রীনাথ। যার প্রভাব কেএসসিএ নির্বাচনের ভোটবাল্য়ে পড়েছে। ২০১০ সালে জাতীয় দলের তিন

অগ্রাধিকার চিন্তাস্বামীকে

সতীর্থ কৃষ্ণল, শ্রীনাথ, প্রসাদ প্রথমবার কেএসসিএ নির্বাচনে দাঁড়িয়ে জিতেছিলেন। কৃষ্ণল সভাপতি, শ্রীনাথ সচিব, প্রসাদ পেয়েছিলেন সহ সভাপতির দায়িত্ব। পরবর্তী সময়ে কৃষ্ণল কোচিংয়ে চলে আসেন। শ্রীনাথ দীর্ঘদিন ধরে সামলাচ্ছেন আইসিসি-র ম্যাচ রেফারির দায়িত্ব। রাজ্যের ক্রিকেট প্রশাসন থেকে বেশ কয়েক বছর দূরে থাকার পর প্রত্যাবর্তন ঘটল প্রসাদের। ত্রিাশমিকভাবে ৩০ নভেম্বর নির্বাচন হওয়ার কথা ছিল। কিন্তু তা সপ্তাহ খানেক পিছিয়ে দেওয়া হয়। যা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিলেন প্রসাদ। অপেক্ষা দীর্ঘ হলেও জয়ের স্বাদ প্রসাদের। নতুন দায়িত্বে বেশ কিছু চ্যালেঞ্জ থাকছে প্রসাদের সামনে। বেঙ্গালুরু এস্টিহ্যাবাই এম চিন্মাস্বামী স্টেডিয়ামে সবচেি প্রথম ক্রিকেট ফেরানো তালিকায় শীর্ষে থাকছে। নির্বাচনে প্রতিপক্ষর উইকেট উড়িয়ে দেওয়ার পর প্রসাদ বলেছেন, ‘এই জয় ক্রিকেটের। এই জয়টা সেইসব সদস্যের, যারা মরিয়া ছিলেন কেএসসিএ-তে পরিবর্তন আনতে। চিন্মাস্বামীতে আন্তর্জাতিক ক্রিকেট ফেরানোর জন্য যারা মুখিয়ে ছিলেন, এই জয় তাদেরও। আপাতত মূল লক্ষ্য চিন্মাস্বামীতে যত দ্রুত সম্ভব আন্তর্জাতিক ম্যাচ, আইপিএল ফেরাতে চাই।’

অভিষেকের উইকেট টার্গেট

মার্করামদের শক্তিশালী হয়ে ফিরেছি : মিলার

কটক, ৮ ডিসেম্বর : টেস্ট সিরিজ শেষ। ভারতকে হোয়াইটওয়াশ করে ইতিহাস গড়েছে টেস্টা বাভুমার দল। ওডিআই সিরিজে উত্তেজক ধরোখে ভারত জিতলেও প্রশংসা কুড়িয়েছে প্রোটিয়া রিগেডের লড়াই। সেই আত্মবিশ্বাস নিয়ে মঙ্গলবার পেঁচ ম্যাচের টি২০ সিরিজের প্রথম টক্করে নামছে দক্ষিণ আফ্রিকা। জোড়া সিরিজের পর দেশে ফিরে গিয়েছেন বাভুমা। দলের দায়িত্বে আইডেন মার্করাম।

বছর ঘুরলেই ভারতের মাটিতে বিশ্বকাপের ঢাকে কাটি পড়বে। ফলে আগামীকাল শুরু টি২০ সিরিজ দক্ষিণ আফ্রিকার জন্য আরও বেশি গুরুত্বপূর্ণ। সাফল্য মিললে বাড়তি আত্মবিশ্বাস জোগাবে বিশ্বযুদ্ধের আগে। গুরুত্বপূর্ণ যে সিরিজ শুক্রর ২৪ ঘণ্টা আগে মার্করাম আবার গুরুত্ব দিচ্ছেন আইসিসি টি২০ ব্যাংকিংয়ের এক নম্বর ব্যাটার অভিষেক শর্মাকে। রাখাচক না করাই বলে দিলেন, ‘শুরুতেই ভারতের তরুণ বর্হাতি ওপেনারের উইকেট তুলে

সানরাইজার্সে অভির (অভিষেক) সঙ্গে খেলেছি। দুর্দান্ত ছেলে। ব্যাটও দারুণ চলে ওর। –আইডেন মার্করাম

নেওয়ায় টার্গেট। মার্করাম বলেছেন, ‘সানরাইজার্সে অভির (অভিষেক) সঙ্গে খেলেছি। দুর্দান্ত ছেলে। ব্যাটও দারুণ চলে ওর। নিশ্চিতভাবে বিগ উইকেট। আগামীকাল নতুন বলে যেই শুরু করুক, দ্রুত অভিষেককে আউট করার চ্যালেঞ্জ থাকবে। ও ম্যাচ উইহার। অভির উইকেট গুরুত্বপূর্ণ আমাদের জন্য।’ প্রোটিয়া সমর্থকদের চোখ থাকবে দীর্ঘদিন পর দলে ফেরা দুই তারকা ডেভিড মিলার ও আনারিচ নর্ডজের দিকে। দুইজনের উর্ধ্বস্থিতি প্রোটিয়া রিগেডের শক্তিও বাড়িয়েছে। সেই আত্মবিশ্বাসের ঝলক মিলারের

বক্তব্যে। সঙ্গে প্রত্যাবর্তনকে রঙিন করে রাখার তাগিদ। সমর্থকদের আশ্বস্ত করে বলেগে দিলেন, আরও শক্তিশালী, ফিট লাগছে নিজেকে। মুখিয়ে রয়েছেন মাঠে নামার জন্য। মিলার এদিন বলেছেন, ‘ভালো লাগছে দলে ফিরে। বাড়িতে বসে চলতি ভারত সফরে দলের সাফল্য উপভোগ করেছি। দুর্দান্ত খেলেছে। দলের সঙ্গে থাকতে পারলে আরও ভালো লাগত। মিস করছিলাম।’ হ্যামস্ট্রিংয়ের চোটের কারণে বেশ কয়েক মাস মাঠের বাইরে কাটাতে হলেও যে সময়টাকে কাজেও লাগিয়েছেন।

মিলার বলেছেন, ‘গত মাস দুয়েক একটু অন্যরকম কাটল। বাড়িতে কাটানো। ফলে ঠান্ডা মাথায় অনেক কিছু নিয়ে কাটাইেড়াও করার সময় পেয়েছি। এই সময়টা দরকার ছিল অন্য কিছু ভাবতেও। সবসময় ইতিবাচক থেকেছি। নেগেটিভ কোনও কিছুকে গুরুত্ব দিইনি। নিজেকে এখন



জসপ্রীত বুমরাহদের টক্কর নিতে তৈরি হচ্ছেন ডেভিড মিলার।

অনেক বেশি শক্তিশালী ও ফিট মনে হচ্ছে। এবার মাঠে নামার অপেক্ষা।’ গতবার ফাইনালে পৌঁছেও টি২০ বিশ্বকাপ অল্পের জন্য ফসকে গিয়েছিল। জেতা ম্যাচ শেষমহুতের ভুলে হাতছাড়া হয় ভারতের কাছে। আক্ষেপ মোটামোের বাড়তি তাগিদ থাকবে এবার। তবে মিলার বাস্তববাদী। বলেছেন, ‘নির্দিষ্ট কোনও রেসিপি নেই বিশ্বকাপ জেতার। বড় টুর্নামেন্টে সাফল্য পেতে হলে টিম একোট মূল্য। গত এক বছরে দল সাফল্যের মধ্যে দিয়ে যাচ্ছে। আর গত বিশ্বকাপ ফাইনাল জয়ের খুব কাছাকাছি চলে গিয়ে ম্যাচ হেরেছিলো আমরা। এবার লক্ষ্য, আরও একধাপ এগোনো। লাইন্টা অতিক্রম করা।’

ফের ব্যর্থ ব্যাটিং, হেরে বিদায় বাংলার

হরিয়ানা-১৯১/৯ বাংলা-১৬৭ (২৪ রানে হার বাংলার)

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ ডিসেম্বর : ব্যর্থতার সেই চেনা ছবি। সঙ্গে জায়গা শট নির্বাচনের ধারাবাহিকতাও!

নিট ফল, সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি২০-তে গ্রুপ পর্ব থেকেই বিদায় বাংলা। আজ হায়দরাবাদের উম্মলের রাজীব গান্ধি আন্তর্জাতিক ক্রিকেট মাঠে হরিয়ানার বিরুদ্ধে মরণবাচনের ম্যাচে ২৪ রানে হেরে মুস্তাক আলি অভিযান শেষ করলেন অভিমন্যু ঈশ্বরনগর। টসে হেরে প্রথমে ব্যাটিং করে নির্ধারিত ২০ ওভারে ১৯১/৯ করেছিল হরিয়ানা। জ্বাবে রান তাড়া করতে নেমে ব্যাটিং বিপর্যয়ের চেনা ছবি বাংলা ক্রিকেটে। শেষপর্যন্ত ১৬৭ রানে থমকে যায় বাংলার ইনিংস। ফের ব্যাটিং বিপর্যয়ের ফলে ম্যাচ হেরে বিদায় নেওয়ার পর বাংলার ক্রিকেট সংসারের হতাশার সঙ্গে রয়েছ আক্ষেপও। সন্ধ্যার দিকে কোচ লক্ষ্মীরতন, কারও পরামর্শই বলছিলেন, ‘মুস্তাক আলির আসরে

বিশ্বিগুভাবে কয়েকটি ম্যাচ খরাপ খেলেছি আমরা। সেটাই সর্বনাশ করে দিল। দলের ব্যাটিং নিয়ে নতুনভাবে ভাবতে হবে আমাদের।’ মুস্তাক আলি থেকে বিদায়ের

সৈয়দ মুস্তাক আলি

মুস্তাক আলির আসরে বিশ্বিগুভাবে কয়েকটি ম্যাচ খরাপ খেলেছি আমরা। সেটাই সর্বনাশ করে দিল। দলের ব্যাটিং নিয়ে নতুনভাবে ভাবতে হবে আমাদের। –লক্ষ্মীরতন শুক্লা

দিনে বাংলার ব্যাটিং ভবিষ্যৎ নিয়ে জোরদার প্রশ্ন উঠে গিয়েছে। ওপেনার অভিষেক পোডেল (২৪ বলে ৪৭) নিয়ম করে সব ম্যাচে ভালো শুরু করছেন। তারপর উইকেট ছুড়ে দিয়ে দলকে বিপদে ফেলে দিচ্ছেন। আজও সেই একই ঘটনা ঘটেছে। সিএবি সভাপতি সৌরভ ধোলাপাখ্যায় থেকে শুরু করে কোচ লক্ষ্মীরতন, কারও পরামর্শই বদলাতে পারছে না অভিষেকের

হাতে মহম্মদ সামি (৩০/৪) তাঁর দাপট বজায় রেখেছেন। সঙ্গে আকাশ দীপও ভালো করেছেন। হরিয়ানা একটা সময় এমন আত্মসী ব্যাটিং করছিল, মনে হচ্ছিল অন্তত ২৩০ রান হবে। শেষদিকে সামি-আকাশের দাপটে ১৯১ রানে থমকে যায় বাংলার ইনিংস। কিন্তু সেই রানটাও যে বাংলার ব্যাটারদের জন্য এভারেস্টে উড়ার মতো হবে, কে আর জানত।

প্রত্যাঘাতে ম্যাককুলামের ভরসা অস্ট্রেলিয়ার বিচ!

ব্রিসবেন, ৮ ডিসেম্বর : প্রথম টেস্ট দু’দিনে শেষ হয়েছিল। ব্রিসবেনে উড়ে তিনদিনে ইংল্যান্ডকে উড়িয়ে দিয়ে সিরিজে ২-০ ব্যবধানে লিড নিয়েছে অস্ট্রেলিয়া। অ্যাডিলেডে জয়ের হাটট্রিক মানে ঘরের মাঠে আসলেজ একতরফা দাপট অব্যাহত থাকবে ক্যান্ডারু রিগেডের। লক্ষ্যপূরণের ম্যাচে অভিজদের শক্তি বাড়িয়ে প্রত্যাবর্তনের অপেক্ষায় অধিনায়ক গ্যাট কামিশ ও জোশ হ্যাঞ্জেলউড। মিচেল স্টার্ক, স্টুট বোল্যান্ড, মাইকেল নেসেরদের সামলাতেই হিমসিম খেয়েছে ইংল্যান্ড ব্যাটাররা। মুখ খুবড়ে পড়েছে বাজবলা। ৫-০ খি লায়শ শিবিরে। বাকি তিন টেস্টে আর্চ দাপট ব্রেক লাগতে না পারলে আশঙ্কা দূর করা মুশকিল। কঠিন চ্যালেঞ্জে ঘুরে দাঁড়াতে ব্রেভন ম্যাককুলামের অল্প অস্ট্রেলিয়ার ‘সমুদ্র বিচ’। ১৭ ডিসেম্বর শুরু অ্যাডিলেড টেস্টের আগে হাতে বেশ কিছুদিন রয়েছে। বাড়তি যে সময়ে নেট

সেশনের বদলে মন ও শরীরকে তরতাজ করার ওপরই জোর দিচ্ছেন ইংল্যান্ড কোচ। জোড়া হারের খাঙ্কা কাটিয়ে উঠতে অস্ট্রেলিয়ার

চোখ সময় দিচ্ছেন চান ক্রিকেটাররা।


সমুদ্রতটে পরামর্শ খেলোয়াড়দের। কয়েকটা

সত্যি বলতে, এই টেস্টের আগে বাড়তি প্রস্তুতি হয়ে গিয়েছে আমাদের। পাঁচদিন জোরকদমে অনুশীলন করেছি। কিন্তু আমার ধারণা, মাঝেমধ্যে ক্রিকেটীয় আঁচ থেকে রেহাই পেতে মানসিক ও শারীরিকভাবে তাজা হওয়া জরুরি। আগামী কয়েকদিন প্রস্তুতির ভাবনায় রদদল আনার কথা ভাবছি। গত দুই সপ্তাহ ক্রিকেটীয় তাপ-উত্তাপের মধ্যে কেটেছে। বাকি তিনে নামার আগে ছুটি দরকার।

–ব্রেভন ম্যাককুলাম

হাওয়া জরুরি। আগামী কয়েকদিন প্রস্তুতির ভাবনায় রদদল আনার কথা ভাবছি। গত দুই সপ্তাহ ক্রিকেটীয় তাপ-উত্তাপের মধ্যে কেটেছে। বাকি তিনে নামার আগে ছুটি দরকার।

সত্যি বলতে, এই টেস্টের আগে বাড়তি প্রস্তুতি হয়ে গিয়েছে আমাদের। পাঁচদিন জোরকদমে অনুশীলন করেছি। কিন্তু আমার ধারণা, মাঝেমধ্যে ক্রিকেটীয় আঁচ থেকে রেহাই পেতে মানসিক ও শারীরিকভাবে তাজা হওয়া জরুরি। আগামী কয়েকদিন প্রস্তুতির ভাবনায় রদদল আনার কথা ভাবছি। গত দুই সপ্তাহ ক্রিকেটীয় তাপ-উত্তাপের মধ্যে কেটেছে। বাকি তিনে নামার আগে ছুটি দরকার।



সাতো পাঁচ দিনে টেস্টে হার। ভেঙে পড়েছেন ইংল্যান্ড অধিনায়ক বেন স্টোকস।

ম্যাককুলামের দাবি, ‘সত্যি বলতে, এই টেস্টের আগে বাড়তি প্রস্তুতি হয়ে গিয়েছে আমাদের। পাঁচদিন জোরকদমে অনুশীলন করেছি। কিন্তু আমার ধারণা, মাঝেমধ্যে ক্রিকেটীয় আঁচ থেকে রেহাই পেতে মানসিক ও শারীরিকভাবে তাজা হওয়া জরুরি। আগামী কয়েকদিন প্রস্তুতির ভাবনায় রদদল আনার কথা ভাবছি। গত দুই সপ্তাহ ক্রিকেটীয় তাপ-উত্তাপের মধ্যে কেটেছে। বাকি তিনে নামার আগে ছুটি দরকার।’ ব্যাটিং ব্যর্থতা জোড়া হারের অন্যতম কারণ। গুরুত্বপূর্ণ সময়ে বেশ কিছু ক্যাচ ফেলা, বোলিং রাশ বাংলায় হওয়াও বিপক্ষে গিয়েছে। বলেন স্টোকস মানবেন বেশ কিছু ভুলভাঙি হয়েছে, যা দ্রুত শুধরে নিতে হবে। বাকি সিরিজে এর পুনরাবৃত্তি ঘটলে চলবে না। দেলগতভাবে লড়াুক মানসিকভাবে জোর। বৈদ্যদের মতে, দুর্বলতার জায়গা নয় অস্ট্রেলিয়া। নিজেরের দুর্বলও মনে করেন না। এখনও তিনটি টেস্ট হাতে আছে। আসেজ নিয়ে দেশে ফিরতে হলে, দ্রুত

ভুলভাঙি মেসারামত করতে হবে। ইংল্যান্ড শিবির যখন ভুলের ভুলভুলাইয়াতে আটকে, তখন অস্ট্রেলিয়া শিবিরের ছবিটা একেবারে উলটো। সাফল্যের আত্মবিশ্বাসে ফুটেছে স্টিভেন স্মিথের দল। তবে অ্যাডিলেড ম্যাচের আগে টিম থিংকট্যাংকের মাধ্যব্যাখা বাড়্যাচ্ছে এগারো জনকে বেছে নেওয়া। পরিবর্ত হিসেবে খেলতে নেমে ওপেনার জেক ওয়েদারাক্স, পেসার নেসের, বোল্যান্ডরা সফল। কামিশ, হ্যাঞ্জেলউড, উসমান খোয়াজার ফিরলে কী হবে? কাকে বাসিয়ে কাকে খেলাবে চাপ বাড়্যাচ্ছে। ওয়েদারাক্সের সাফল্য অনিশ্চয়তা তৈরি করেছে ৮৫টি টেস্ট খেলা খোয়াজাকে নিয়ে। কিন্তু কামিশ, হ্যাঞ্জেলউড সুস্থ হয়ে উঠলে অটোমেটিক চয়েস। অস্ট্রেলিয়ার প্রাক্তন ক্রিকেটার ও কোচ ডারনে লেমান অব্যব নতুনদের পক্ষে। গুয়েদারাক্সের একটা সময় আসে, তখন সামনের দিকে এগিয়ে যেতে হয়। আজ থিংকট্যাংক কোন পথে হাটবে, সেটাই দেখার।

মুস্তাকের অভিষেক নজির পাসির

হায়দরাবাদ, ৮ ডিসেম্বর : পেশাদার কেরিয়ারের প্রথম টি২০ ম্যাচ। তাতেই রেকর্ডবুকে নাম তুললেন বরোদার উইকেটকিপার-ব্যাটার অমিত পাসি। সৈয়দ মুস্তাক আলি টি২০-তে ভারতীয় অভিষেককারী হিসেবে সবাধিক ব্যক্তিগত রানের নজির গড়লেন তিনি। পাসির তাগুবে ১৩ রানে সার্ভিসেসকে হারাল বরোদা। ওপেনিংয়ে নেমে ৫৫ বলে ১১৪ রান করেন পাসি। বরোদা তোলে ৫ উইকেটে ২২০ রান। জ্বাবে ২০৭/৮ স্কোরে আটকে যায় সার্ভিসেস। জিতলেও ‘সি’ গ্রুপে তৃতীয় হওয়ায় নকআউটে উঠতে পারেনি বরোদা। অন্যদিকে, অভিষেক শমাকে ছাড়াই নকআউটে পৌঁছাল পাঞ্জাব। সোমবার তারা গ্রুপের শেষ ম্যাচে ৭৫ রানে গুজরাটকে হারিয়েছে। নতুন ধীর (৩৬ বলে ৬১), সানভির সিংদের (১৭ বলে ৩০) দাপটে ১৮৮/৮ করে পাঞ্জাব। জ্বাবে ১১৩ রানে অল আউট হয় গুজরাট।



শুভেন্দু জন্মদিন

শ্রী কৃষ্ণ মণ্ডল আজ তোমার নবম বছরে জন্মদিনে রহিল আমার প্রাণভরা আশীর্বাদ ও ভালোবাসা। ভগবানের কাছে তোমার দীর্ঘ আয়ু কামনা করি। - মা, বাবা, বোন, ঠাকুরদাদা, ঠাকুরমা, কাকু, কাকিমা, দিদিমা, দাদু, মামা।

অবসর ভাঙলেন সাকিব

ঢাকা, ৮ ডিসেম্বর : ডিগবাজি বাংলাদেশের তারকা অলরাউন্ডার সাকিব আল হাসানের। টেস্ট ও টি২০ থেকে অবসরের সিদ্ধান্ত প্রত্যাহার করলেন তিনি। জানিয়েছেন, তিনি কখনোই আনুষ্ঠানিকভাবে ক্রিকেট থেকে অবসর নেননি। দেশের মাটিতে খেলেই পাকাপাকিভাবে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানাতে চান। অখচ গত বছরের সেপ্টেম্বরে অবসরের কথা ঘোষণা করেছিলেন সাকিব। সম্প্রতি এক পডকাস্ট শোয়ে তিনি বলেছেন, 'আমি আনুষ্ঠানিকভাবে সব ফরম্যাট থেকে অবসর নিইনি। প্রথমবার এটা বললাম। আমার ইচ্ছা বাংলাদেশে ফিরে গিয়ে ওডিআই, টেস্ট এবং টি২০-র একটি করে পুরো সিরিজ খেলা। তারপর একবারে অবসর নেব। যেভাবেই হোক তিনটি ফরম্যাটে খেলতে চাই। সেই লক্ষ্যে নিজেকে ফিট রাখছি।'

জয় দিয়ে শুরু ইস্টবেঙ্গলের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ ডিসেম্বর : একদিকে ইস্টবেঙ্গল পুরুষ দল যখন হতাশ করছে, তখন লাল-হলুদ জনতাকে আশার আলো দেখাচ্ছে মহিলা দল। সোমবার মহিলাদের সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপের প্রথম ম্যাচেই ভূটানের ট্রান্সপোর্ট ইউনাইটেড লেডিজ এফসি-কে ৪-০ গোলে বিধ্বস্ত করেছে ইস্টবেঙ্গল। দলের আফ্রিকান গোলমেশিন ফাজিলা ইকাওয়াপুট জোড়া গোল করেন। বাকি দুইটি গোল রেসিট নানজিরি ও সুলজ্ঞানা রাউলের। ইস্টবেঙ্গলের পরের ম্যাচ ১১ ডিসেম্বর পাকিস্তানের করাচি সিটির বিরুদ্ধে।

প্রথম স্বাগতা, রাখি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : সংভারতীয় অ্যাথলেটিক্স ফেডারেশনের তত্ত্বাবধানে ও মহকুমা ক্রীড়া পরিষদের ব্যবস্থাপনায় আয়োজিত জেলাভিত্তিক অস্মিতা অ্যাথলেটিক্স লিগে অনূর্ধ্ব-১৬ মেয়েদের ৬০ মিটারে প্রথম হয়েছে স্বাগতা নিয়োগী। দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে রাখি রায় এবং রীতা বর্মন। এই বিভাগে অন্য ইভেন্টে প্রথম তিন স্থানধিকারী যথাক্রমে রাখি, দীপিকা দেবনাথ ও রীতিকা বর্মন (৬০০ মিটার), পুষ্পরানী বর্মন, সংগীতা বসুনিয়া ও অনুষ্কা শর্মা (হাই জাম্প), স্বাগতা, রীতা, দীপিকা ওরও (লং জাম্প), পবিত্রা অধিকারী, সুপর্ণা সরকার ও স্নেহা মণ্ডল (ডিসকাস), সুপর্ণা, পবিত্রা ও মণিকা বৈদ্য (শট পাট)। জ্যাভলিনে প্রথম হয়েছে মণিকা। দ্বিতীয় ইশা রায়। অনূর্ধ্ব-১৪ মেয়েদের বিভিন্ন ইভেন্টে প্রথম তিন স্থানধিকারী যথাক্রমে তিথি মাহাতো, দিয়া বর্মন ও ধ্রুবি সিংহ (ট্রায়থলন 'এ'), তুহা সরকার, প্রিয়া বিশ্বাস ও বৃষ্টি রায় (ট্রায়থলন 'বি'), অঙ্কিতা রায়, কৌশলিকা দত্ত ও সুধা কুমারি সিংহ (ট্রায়থলন 'সি'), তামালিকা রায়, শ্রেয়া বর্মন ও ডলি পণ্ডিত (জাবলিন)।

ডায়ার সাপ্তাহিক লটারির

১কোটির বিজয়ী হলেন

দক্ষিণ ২৪ পরগণা-এর বাসিন্দা

08.09.2025 তারিখের ড্র তে ডায়ার সাপ্তাহিক লটারির 49L 91240 নম্বরের টিকিট এনে সেই এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নেভাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "আমার জীবনে চলার পথে অর্ধশত পরিবর্তন আমার জন্য আমি হদয় থেকে ডায়ার লটারি ও নাগাল্যান্ড রাজ্য লটারির প্রতি কৃতজ্ঞ। এটি আমার উন্নতির পথে নতুন সম্ভাবনা আনার আশা জাগিয়েছে। আমার পরিবারও এর জন্য অনেক আনন্দিত।" ডায়ার লটারির প্রতিটি ড্র সারসরি দেখানো হয়।

পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগণা - এর একজন বাসিন্দা বলরাম সরদার - কে

* বিজয়ী তার সকলটি বকেয়াটিকে সেজে নস্টুটি।

ট্রফি হারিয়ে অজুহাত বিনো জর্জের কেন হিরোশিরা বারবার আসে ইস্টবেঙ্গলে?

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ ডিসেম্বর : ডুরান্ড কাপ, আইএফএ শিল্ড ফের একবার ট্রফি হাতছাড়া ইস্টবেঙ্গলের। ম্যাচের পর এই ম্যাচের দায়িত্ব থাকা কোচ বিনো জর্জ অবশ্য বলছেন, এফসি গোয়া ঘরের মাঠে দর্শক সুবিধা পাওয়াই বড় ফ্যাক্টর হয়ে গিয়েছে। তাঁর মন্তব্য, 'যখন আপনি ফ্রিক কিক বা পেনাল্টি কিক

স্ট্রাইকার গোল করতে পারেনি তো কী হয়েছে? আমাদের উইঙ্কার আছে, অ্যাটাকিং মিডফিল্ডার আছে। ফুটবল তো অলরাউন্ড এবিলিটির খেলা। - বিনো জর্জ (ইস্টবেঙ্গলের সহকারী কোচ)

নিতে যাবেন তখন ওই প্রবল চিৎকার প্রভাব ফেলে। যা আজ এফসি গোয়ার পক্ষে গিয়েছে। বলতে পারেন ওটা ই ফ্যাক্টর হয়ে গিয়েছিল।' কিন্তু কলকাতার মাঠে খেলা ফুটবলারদের কেন এই চিৎকার সঙ্গে নিয়ে খেলার অভ্যাস থাকবে না, এই প্রশ্নের উত্তর অবশ্য তাঁর কাছে ছিল না। তিনি বরং হেভিওয়েট এফসি গোয়ার বিপক্ষে সুযোগ তৈরি করেই বেশি খুশি। ম্যাচের পর তাঁর বক্তব্যও প্রায় সেই রকমই, 'আমরা বেশ ভালো খেলেছি। অনেকসময় সুযোগ তৈরি হয়েছে। টাইব্রেকার নিয়ে কিছু বলা যায় না। যে কেউ জিততে পারে।' কিন্তু কেন প্রতি টুর্নামেন্টেই একই ঘটনার পুনরাবৃত্তি

ঘটছে, কেন হিরোশি ইবুসুকির মতো স্ট্রাইকাররাই আসেন ইস্টবেঙ্গলে, এসব প্রশ্নের উত্তর দেওয়া নিশ্চিতভাবেই সম্ভব নয় বিনোর পক্ষে। তিনি তাই অজুহাতই দিলেন, 'স্ট্রাইকার গোল করতে পারেনি তো কী হয়েছে? আমাদের উইঙ্কার আছে, অ্যাটাকিং মিডফিল্ডার আছে। ফুটবল তো অলরাউন্ড এবিলিটির খেলা।' কিন্তু সুপার কাপ ফাইনালের পর অবশ্যই হিরোশিকে নিয়ে প্রশ্ন থাকবেই। যদি অ্যাটাকিং মিডফিল্ডার আর উইঙ্কার দিয়েই কাজ হয়, তাহলে স্ট্রাইকারের প্রয়োজনটা কী? তাঁকে নেওয়াই বা হল কেন? সারা টুর্নামেন্টেই তো তিনি ঘুরে ঘুরে বেড়ালেন দলের বোঝা হয়ে।



এফসি গোয়ার বিরুদ্ধে হারের পর প্রশ্ন উঠছে হিরোশি ইবুসুকির দক্ষতা নিয়ে।

দলের বোঝা! সঙ্গে প্রশ্ন থাকবে কোচ অঙ্কার ক্রজেকে নিয়েও। দায়িত্বজ্ঞানহীনতার মতো তিনিই বা সেমিফাইনালে ওই আচরণ করলেন কীভাবে? যাতে তাঁকে বাদ দিয়ে ফাইনালের মতো গুরুত্বপূর্ণ ম্যাচে দলকে মাঠে নামতে হয়? তার কথ্যাত মেজাজ আর কবে নিয়ন্ত্রণে আসবে? দল এবার চারটি টুর্নামেন্ট খেলে একটায় চ্যাম্পিয়ন। যেটায় কোচিং করিয়েছেন বিনো। আর অঙ্কারের কোচিংয়ে এই মরশুমে তীরে এসে তরী ডুববে। গত মরশুম থেকে এখনও পর্যন্ত তাঁর কোচিংয়ে পাঁচটি টুর্নামেন্ট খেলে তিনি ঘুরে ঘুরে বেড়ালেন ইস্টবেঙ্গল। বিশেষত এবারের গতিহীন, ছন্দহীন ফুটবলে তিনি তো

একটি ট্রফিও ঘরে ভুলতে পারেনি ইস্টবেঙ্গল। বিশেষত এবারের ডুরান্ড, শিল্ড এবং সুপার কাপে হারের দায় তাঁকেই নিতে হবে। একইসঙ্গে হিরোশির মতো স্ট্রাইকার পছন্দের দায়ও। সে তাঁকে ঘিরে যতই এখনও সমর্থকদের মধুচন্দ্রিমা পর্ব চলুক না কেন, এসবের জন্য দায়ী তিনিই। এফসি গোয়া, মোহনবাগান সুপার জায়েন্টের মতো হেভিওয়েট দলগুলির বিপক্ষে অঙ্কারের স্ট্র্যাটেজিই থাকে, মাচটাকে ডিমেরতালে খেলে টাইব্রেকারের দিকে নিয়ে যাওয়া। তাতে পেনাল্টি থেকে জয়ের একটা সুযোগ থাকেই। আর তা নাও হলে এই 'টাইব্রেকার ইজ এনিবাইডস গেম,' কথাটা বলে দেওয়া যায়। ডায়মন্ড হারবার এফসি ছোট দল বলেই তাঁর এই পরিকল্পনাটা খার্টেনি। বরং দলটাকে খাটো করে দেখতে গিয়ে তিনি দলকে ডুবিয়েছেন। এই ধরনের ভাবনা থেকে দ্রুত বেরিয়ে আসতে না পারলে আদৌ যদি আইএসএল হয়, তাহলেও বড় কিছু আশা সমর্থকদের বোধহয় না করা ই ভালো।

অনুশীলনে যোগ দিলেন পেত্রাতোস

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ ডিসেম্বর : সোমবার মোহনবাগান সুপার জায়েন্টের অনুশীলনে যোগ দিলেন অজি তারকা দিমিত্রিস পেত্রাতোস। প্রথমদিন দিমিকে বাইরে থেকে দেখে বেশ ফিট বলেই মনে হয়েছে। নিজের ওজন অনেকটাই কমিয়ে ফেলেছেন। অনুশীলনেও বেশ চনমনে মেজাজে দেখা গিয়েছে অজি তারকাকে। এর আগে দেশ থেকে ছুটি কাতিয়ে কলকাতায় যখনই ফিরতেন, নিজের শরীরে বাড়তি মেদের কারণে সমালোচনার মুখে পড়তে হত দিমিকে। এবার সেখানে বাড়তি মেদ বারিয়ে কলকাতায় পা রেখেছেন অজি তারকা।

হুয়ান ফেরান্দো ও অস্ট্রেলিও পেত্রাজে হাবাসের জমানায় দিমিকে দুরন্ত ফর্মে দেখা গিয়েছে। কিন্তু গত মরশুমে হোসে ফ্রান্সিসকে মালিনিয়া দায়িত্ব পাওয়ার পর থেকেই তিনি যেন অতীতের ছায়ামাঝে। তারপরেও এই মরশুমের শুরুতে কলকাতায় পা রাখার পর এয়ারপোর্টে দিমিকে ঘিরে আবেগের বিস্ফোরণ ঘটেছিল। কিন্তু এবার কলকাতায় আসার পর সমর্থকদের তাঁকে নিয়ে মাতামাতি করতে দেখা যায়নি। আপাতত নয়া কোচ সুজিও লোবেরোর অধীনে নিজের পুরোনো ছন্দ ফিরে পেতে মরিয়া দিমি।

এদিকে দিন দুয়েকের মধ্যেই লোবেরোর ডিসা সমস্যা মিটে যাবে বলে আশাবাদী টিম ম্যানেজমেন্ট। সেক্ষেত্রে বৃহস্পতিবারই হয়তো কলকাতায় পা রাখবেন এই স্প্যানিশ কোচ।

অম্বর রায় ট্রফি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : সিএবি-র অনূর্ধ্ব-১৩ ও ১৫ অম্বর রায় ট্রফি সপ্তাহে ১০২৬ সালের জানুয়ারির প্রথম সপ্তাহে শুরু হবে। মহকুমা ক্রীড়া পরিষদের সচিব কুন্তল গোস্বামী জানিয়েছেন, দুই প্রতিযোগিতার জন্য যে সমস্ত কোচিং ক্যাম্প অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের ১০ থেকে ২০ ডিসেম্বরের মধ্যে ক্রিকেটারদের নাম ক্রীড়া পরিষদে জমা দিতে হবে।



চ্যাম্পিয়ন্স লিগে এইনট্রাখট ফ্রান্সফুট ম্যাচের প্রস্তুতিতে বার্সেলোনার লামিনে ইয়ামাল। সোমবার ক্যাম্প ন্যু-তে। ছবি : এএফপি

সালাহ-কাঁটা নিয়ে মিলানে স্লটরা

মিলান, বার্সেলোনা ও মিউনিখ, ৮ ডিসেম্বর : আরও একটি চ্যাম্পিয়ন্স লিগের রাতে। আবারও একাধিক মারকাটটির লড়াইয়ের অপেক্ষায় ফুটবলপ্রেমীরা। চ্যাম্পিয়ন্স লিগে ৫ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে ৪ নম্বরে ইন্টার মিলান। সমান ম্যাচ খেলে ৯ পয়েন্ট নিয়ে লিভারপুল রয়েছে ১৩ নম্বরে। সিরি আ-তেও দুরন্ত গতিতে ছুটছে ইন্টার। ১৪ ম্যাচে ৩০ পয়েন্ট নিয়ে তারা দুই নম্বরে রয়েছে। চ্যাম্পিয়ন্স লিগেও ৫ ম্যাচে হার মাত্র ১টিতে এর আগে ইউরোপিয়ান প্রতিযোগিতায় দুই দলের ৬ বারের সাক্ষাতে লিভারপুল জিতেছে চারবার। ইন্টারের জয়ের সংখ্যা ২।

কঠিন ম্যাচ হতে চলেছে : ফ্রিক

তবে বর্তমান পরিস্থিতি সম্পূর্ণ আলাদা। চ্যাম্পিয়ন্স লিগের শেষে ম্যাচে দুর্বল পিএসভি আইনহোভেনের কাছে ৪-১ গোলে হার হজম করে আর্নে স্ট্রটের ছেলেরা। থ্রিমিয়ার লিগেও তারা ড্র করেছে শেষ দুই ম্যাচ। এই খারাপ পারফরমেন্সের মধ্যে দলের অন্তর্ভুক্ত আরও বাড়িয়েছেন মহম্মদ সালাহ। প্রথম একাদশে জায়গা না পেয়ে শনিবার সালাহ মন্তব্য করে বলেন, 'মনে হচ্ছে ক্লাব আমাকে বাসের

নীচে চাপা দিতে চায়।' সোমবার বিকালের অনুশীলনে সালাহকে খোশমেজাজে পাওয়া গিয়েছে। তবে ব্রিটিশ সংবাদমাধ্যম সূত্রে খবর, মিলানের উড়ানে হয়তো চ্যাম্পিয়ন্স লিগে দুইবারের সাক্ষাতে জার্মান ক্লাবকে একবারও হারাতে পারেনি বাস। উল্টে ক্যাম্প ন্যু-তে ২০২২ সালে বাসো পরাজয় স্বীকার করে ২-৩ গোলে। তাই ফ্রিকের সতর্কবাণী, 'কঠিন দ্বৈরথ অপেক্ষা করছে। ওদের দলটা তরুণ। দ্রুত গতির ফুটবল খেলে। তবে নিজেরদের সর্বশ্রম দিলে ও পয়েন্ট আটকাবে না।'

বৃন্দশলিগায় শেষ ম্যাচে রেড বুল লিপ্সিগের কাছে ৬-০ গোলে বিধ্বস্ত হয়ে ফ্রান্সফুট পা রাখছে বার্সেলোনায়। যা কিছুটা হলেও লামিনে ইয়ামালদের মানসিকভাবে এগিয়ে রাখবে। অন্যদিকে, জার্মান জায়েন্ট বার্লান মিউনিখ নামের অপেক্ষাকৃত দুর্বল প্রতিপক্ষ স্পোর্টিং লিসবনের বিরুদ্ধে। বার্লান চ্যাম্পিয়ন্স লিগের শেষ ম্যাচে আর্সেনালের কাছে হারলেও বৃন্দশলিগায় তারা বিধ্বংসী ফর্মে রয়েছে। শনিবার ভিএফবি স্টুটগার্টকে ০-৫ গোলে দুরমুশ করেছে বার্লান। হ্যাটট্রিক করেন হ্যারি কেরে।

জায়গা পাবেন না মিশরীয় তারকা। ক্যাম্প ন্যু-তে ৩ বছর পর ফিরছে চ্যাম্পিয়ন্স লিগ। এইনট্রাখট বেসন, 'মনে হচ্ছে ক্লাব আমাকে বাসের

‘পাথর ছোড়া বন্ধ হোক’ ফের গম্ভীরের পাশে দাঁড়ালেন অশ্বীন

চেন্নাই, ৮ ডিসেম্বর : গৌতম গম্ভীরের হয়ে আবারও ব্যাট ধরলেন রবিচন্দ্রন অশ্বীন। সবকিছু নিয়ে যেভাবে হেডকোচকে বারবার টার্গেট করা হচ্ছে, তার সঙ্গে একবারেই সহমত নন প্রাক্তন অফস্পিনার। পাঁচশোর বেশি টেস্ট উইকেটের মালিকের মতো, সমাজমাধ্যমে একটা ট্রেন্ড হয়ে গিয়েছে, যে কোনও ইস্যুতেই কোনও একজনকে 'খলনায়ক' বানিয়ে দেওয়া। বেশিরভাগ ক্ষেত্রে আক্রমণের পিছনে যথার্থ কোনও যুক্তি নেই।

গৌতম গম্ভীরও অনেক ক্ষেত্রে যার শিকার। অশ্বীনের দাবি, সমস্ত দ্বাড়া চাপিয়ে কোচকে লক্ষ্য করে যেভাবে পাথর ছোড়াছড়ি চলছে, তা অবিলম্বে বন্ধ হওয়া উচিত। বলেছেন, 'কারও সমালোচনা হতেই পারে। কিন্তু আমার মতে, যে কোনও সমালোচনার একটা যুক্তিযুক্ত কারণ থাকা উচিত। যেমন রিয়ান পরাগের ওডিআই দলে অন্তর্ভুক্ত নিয়ে বিতর্ক হয়েছে। ও ভালো নাকি খারাপ তা নিয়ে বলছি না। তবে কোন যুক্তিতে ওর নিবার্চন, সেটা নিয়ে প্রশ্ন চলতে পারেই। কিন্তু সবকিছু নিয়ে পাথর ছোড়াছড়ি অবৈজ্ঞানিক।' বিরাট কোহলি, রোহিত শর্মার সমর্থকদের আক্রমণের মুখে যেভাবে গম্ভীর পড়ছেন, তা নিয়েও মুখ খুলেছেন। অশ্বীনের কথায়, যেভাবে চরিত্রহীন করা হচ্ছে, তা ক্রীড়াক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। পাশাপাশি প্রসিধ কৃষ্ণা, হবিত রানার নাম উল্লেখ করে

সোমবার কটকের বারাবাটি স্টেডিয়ামের পিচ পরিদর্শনে টিম ইন্ডিয়ায় কোচ গৌতম গম্ভীর।

হাট্টর অস্ত্রোপচার করাবেন নেইমার

ব্রাসিলিয়া, ৮ ডিসেম্বর : হাট্টর চোটে ভুগছেন নেইমার। কিন্তু ব্রাজিলিয়ান লিগে তাঁর দল স্যাটোসের অবস্থা দেখে নিজেকে মাঠের বাইরে রাখতে চাননি তিনি। চোট নিয়েই তিনি দলের অবমাননা বাচিয়েছেন। ক্রুজেরিওর বিরুদ্ধে মরশুমের শেষ ম্যাচেও স্বমহিমায় নেইমার। গোল না পেলেও দারুণ খেললেন তিনি। স্যাটোস ৩-০ গোলে জিতেছে এই ম্যাচে। ৩৮ ম্যাচে ৪৭ পয়েন্ট নিয়ে দ্বাদশ স্থানে থেকে লিগ শেষ করে স্যাটোস। এবার হাট্টর অস্ত্রোপচার করতে চান নেইমার। ক্রুজেরিও ম্যাচের পর তিনি বলেছেন, 'গত কয়েকটা সপ্তাহ বেশ কঠিন সময় পার করেছে। এখন আমি বিশ্রাম নেব। তারপর হাট্টর অস্ত্রোপচার করা।'।

ক্যাভিডেটসে প্রজ্ঞা

চেন্নাই, ৮ ডিসেম্বর : টাটা স্টিল চেস মাস্টার্স চ্যাম্পিয়ন, সুপারটেবল চেস ক্লাসিকে দুরন্ত জয়, উজবেকিস্তানে আন্তর্জাতিক চেজ মাস্টার্সে খেতাব-চলতি বরফটা দুর্দান্ত কেটেছে ভারতের তারকা দাবাড়ু রমেশবাবু প্রজ্ঞানন্দর। এবার আগামী বছরের ক্যাভিডেটস দাবায় নামার হাড়পাত্রও পেয়ে গেলেন তিনি। ভারতের একমাত্র দাবাড়ু হিসেবে প্রজ্ঞা এই সুযোগ পেয়েছেন। চলতি বছর একাধিক সাফল্য থাকলেও লন্ডন চেস ক্লাসিকে নামার সিদ্ধান্ত প্রজ্ঞাকে ক্যাভিডেটসের টিকিট এনে দেওয়ার ক্ষেত্রে অনূ্যত্বকের ভূমিকা পালন করেছে।

জিতল সরোজিনী

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : মহকুমা ক্রীড়া পরিষদের ১০ দলীয় পিসি মিতাল, নারায়ণচন্দ্র দাস ও অজয়কুমার গুহ ট্রফি শিলিগুড়ি থ্রিমিয়ার লিগ ফুটবলে সোমবার আঠারোখাই সরোজিনী সংঘ ১-০ গোলে হারিয়েছে মহানন্দা স্পোর্টিং ক্লাবকে। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে ২৫ মিনিটে গোল করেন মিলন ছেত্রী। ম্যাচের সেরা হয়ে সরোজিনীর অরুণ তামাং পেয়েছেন বাসন্তী দে সরকার ট্রফি। মঙ্গলবার খেলবে এসএসবি ও তরুণ তীর্থী।



ম্যাচের সেরা হয়ে অরুণ তামাং। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে।

আজ নামছে শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : সিএবি-র অনূর্ধ্ব-১৮ মেয়েদের একদিনের ক্রিকেটে মঙ্গলবার কোয়ার্টার ফাইনালে নামছে শিলিগুড়ি। বসুন্ধরা মাঠে শিলিগুড়ির প্রতিপক্ষ দক্ষিণ ২৪ পরগণা।



ম্যাচের সেরার পুরস্কার নিচ্ছেন সংগ্রাম মল্লিক ও সৌকুমার সিং।



ব্যাটে-বলে সোনের দাপটে জয়ী জিটিএসসি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৮ ডিসেম্বর : মহকুমা ক্রীড়া পরিষদের ১০ দলীয় মণীন্দ্রনাথ সরকার, মেহলতা সরকার ও জগদীশ সিংহা ট্রফি নিউ আইডিয়াল ডেকোরের ও ফ্রেন্ড সুপার ডিভিশন ক্রিকেট লিগে সোমবার জিটিএসসি ২০ রানে বাধা যতীন আখ্যলোটিক ক্লাবকে হারিয়েছে। সোমবার কলেজের মাঠে টেসে হেরে জিটিএসসি ৪৫ ওভারে ৮ উইকেটে ২৫২ রান তোলে। বিবেক রায় ৫৪ ও সৌকুমার সিং ৪৬ রান করেন। সুব্রজ রায় ৪৯ রানে পেয়েছেন ও উইকেট। ভালো বোলিং করেন অঙ্কিত সিং ও (৫০/২)। জবাবে বাধা যতীন ৪৫ ওভারে ৬ উইকেটে ২৩২ রানে আটকে যায়। ইরশাদ রহিম ৫৮ ও অঙ্কিত ৩৮ রান করেন। আকাশ পোদার ৪৬ রানে নিয়েছেন ও উইকেট। ভালো বোলিং করেন ম্যাচের সেরা সোমু ও (২৮/২)।

আঠারোখাই সরোজিনী সংঘ ৪ উইকেটে ফ্রেন্ডস ক্রীড়া ইউনিয়ন ক্লাবের বিরুদ্ধে জয় পায়। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাঠে টেসে জিতে ফ্রেন্ডস ৪৪.৪ ওভারে ১৭৯ রানে সব উইকেট হারায়। শুভঙ্কর দাস ৪৬ ও শুভঙ্কর পুরকায়স্থ ৩৮ রান করেন। রাজু সাহানি ১৭ ও সুজিত সাহানি ৪১ রানে ফেলে দেন ও উইকেট। জবাবে সরোজিনী ৩৩ ওভারে ৬ উইকেটে ১৮১ রান ভুলে নেয়। সৌরভ শ্রীবাস্তব ৫০ ও ম্যাচের সেরা সংগ্রাম মল্লিক ৪৯ রানে অপরাধিত থাকেন। হরীকেশ সরকার ৩৪ ও পঙ্কজ দাস ৫০ রানে নেন ২ উইকেট। মঙ্গলবার উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাঠে খেলবে অগ্রগামী সংঘ ও শিলিগুড়ি কিশোর সংঘ। সিয়ামের মাঠে স্বস্তিকা যুবক সংঘের বিরুদ্ধে নামবে দেশবন্ধু স্পোর্টিং ইউনিয়ন।